শ্রীমন্মহাকবি-শ্রীল-কবিকর্ণপুর-গোস্বামি-

প্রভুপাদ-বিরচিতা

শ্রীশ্রীমদানন্দবৃন্দাবনচম্পূঃ

[শ্রীশ্রীসুখবর্ত্তিনী-সমেতা]

বঙ্গানুবাদ

[প্রথম খণ্ড]

শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটক-শ্রীচৈতন্যচন্দ্রামৃত-শ্রীচৈতন্যশিক্ষাষ্টক

প্রভৃতি বহুগ্রন্থের সম্পাদক-প্রণেতা

শ্রীমণীন্দ্র নাথ গুহ

প্রাক্তন অতিরিক্ত চীফ ইঞ্জিনীয়ার (পি. ডব্লু. ডি. পঃ বঃ)

কর্তৃক

বঙ্গভাষায় অনুবাদিত ও সম্পাদিত

* শ্রীশ্রীগৌরহরি *

উৎসর্গ পত্র

পঞ্চশততম শ্রীশ্রীগৌরাবির্ভাব

মহামহোৎসবের উপচারস্বরূপে

নিবেদিত হল এ-গ্রন্থ রত্ন

মদীয় শ্রীগুরুদেব

(ওঁ বিষ্ণুপাদ)

নিত্যলীলা

প্রবিষ্ট

সিদ্ধান্তখনি

নামবিজ্ঞানাচার্য

বহু গ্রন্থ প্রণেতা

বাগ্মীপ্রবর শ্রীগৌরগতপ্রাণ

শ্রীমৎ কানুপ্রিয় গোস্বামিপ্রভুপাদের

শ্রীকরকমলে

ভক্তিভরে।

* শ্রীশ্রীগৌরহরির্জয়তি *

আশীর্বাণী

শ্রীশ্রীগৌরহরি পদারবিন্দ মকরন্দ পানোন্মত্ত মধুব্রত শ্রীল শ্রীযুক্ত কবিকর্ণপুর গোস্বামিপাদ বিরচিত শ্রীশ্রীআনন্দবৃন্দাবনচম্পূর শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ কৃত সুখবর্তনী নামক টীকার আনুগত্যে গদ্য-পদ্যাদির মূলানুগত বঙ্গানুবাদ আজ পর্য্যন্ত কোন মহানুভব প্রকাশে সাহসী হন নাই। শ্রীগুরুকৃপা বিভাবিতান্তঃকরণ শ্রীযুক্ত মনীন্দ্র নাথ গুহ ভক্তপ্রবর কর্ত্তৃক উক্ত গ্রন্থখানির সাবীলল বঙ্গানুবাদ সুচারুরূপে সকলের বোধগম্য বঙ্গ ভাষায় অভিব্যক্ত হইয়াছেন।

ইহা গুরুকৃপা ব্যতীত কখনই সম্ভব হইতে পারে না। শ্রীচৈতন্যাব্দ প্রায় পাঁচশত বৎসরের মধ্যে এইরূপ মূল, টীকা, ও প্রাঞ্জল গৌরভাষা সম্বলিত সর্বাঙ্গ সুন্দর অতি বিলক্ষণ সুসজ্জিত সংস্করণ আদৌ প্রকাশ হয় নাই; সুতরাং স্বপ্রকাশক স্বমহিমায়-মহীয়ান্ শ্রীগ্রন্থখানি স্বাত্ম-প্রকাশে বৈষ্ণব সমাজের সুদীর্ঘ কালের অভাব মোচন করত গৌড়ীয় গ্রন্থ ভাণ্ডারে চতুর্দ্দশ শতাব্দীর এক অভিনব অবদান ঘোষণা করিয়াছেন। ইহাতে যে বৈষ্ণবগণের প্রভূত কল্যাণ সাধিত হইয়াছে তাহাতে সন্দেহের কোন অবকাশ নাই। শ্রীশ্রীমন্মহাপ্রভু ও শ্রীশ্রীরাধাগোবিন্দের শ্রীচরণকমলে সকাকু প্রার্থনা জানাইতেছি, তিনি এই প্রকার গোস্বামিগ্রন্থসমূহের কলেবর সংস্কার পূর্ব্বক রসিক ভক্তবৃন্দের আনন্দ বর্ধন করুন। আশাকরি শ্রীশ্রীগোস্বামিগণ প্রণীত এইরূপ প্রাচীন গ্রন্থ সমূহের সানুবাদ মূল, টীকা, বৈষ্ণব-জগতে বহুল প্রচার তৎকর্ত্তৃক সাধিত হউক, ইনি শ্রীশ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীশ্রীচন্দ্রোদয় নাটক গ্রন্থদ্বয়েরও সুললিত বঙ্গভাষায় অনুবাদ ও প্রকাশ করিয়াছেন। অলমিতি বিস্তরেণ—

শ্রীশ্রীগুরু বৈষ্ণব দাসানুদাস—

শ্রীপ্রিয়াচরণ দাস

ভাগবতভূষণ

গোবর্ধন, মথুরা

* শ্রীশ্রীগৌর বিধুর্জয়তি *

পূর্বাভাষ

শ্রীনীলাচল ধাম। রথযাত্রা উপলক্ষ্যে গৌড়ের বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর সহিত মিলন সুখের মধু-স্মৃতি বুকে বহন ক'রে পরমোৎকণ্ঠাভরে তথায় সমাগত হয়েছেন। প্রভুর সহিত ভক্তবৃন্দের মিলনকালে পার্ষদ-প্রধান শ্রীল শিবানন্দসেন তাঁর তিন পুত্রকে শ্রীমন্মহাপ্রভুর শ্রীচরণ বন্দন করাচ্ছেন। তাঁর কনিষ্ঠ পুত্রটির প্রতি প্রভুর স্নেহসিক্ত করুণ-দৃষ্টি নিবদ্ধ। সহাস্য-বদনে প্রভু শিবানন্দের বদনপানে চেয়ে তার নাম জিজ্ঞাসা করলেন। শিবানন্দ বল্লেন—'প্রভু! এর নাম 'পরমানন্দদাস।' 'ও—এই সেই পুরীদাস'? বলে প্রভু হাস্‌তে হাস্‌তে স্বীয় পদাঙ্গুষ্ঠ বালকের মুখে স্পর্শ করালেন। ভাগ্যবান্ বালক পুরীদাস বাল্য-স্বভাবে প্রভুর পদাঙ্গুষ্ঠ দু'হাতে ধরে মাতৃস্তন্যের মতো চোষণ করলেন। মাধুর্য-মূরতি শ্রীমন্মহাপ্রভুর মাধুর্যামৃত তড়িৎ প্রবাহের মতো বালকের মধ্যে সঞ্চারিত হ'ল। শ্রীচৈতন্যচরিতামৃতে বিষয়টি এইভাবে বর্ণিত হয়েছে—

"পূর্বে যবে শিবানন্দ প্রভুস্থানে আইলা।
তবে মহাপ্রভু তারে কহিতে লাগিলা।।
এবার তোমার যেই হইবে কুমার।
'পুরীদাস' বলি নাম ধরিহ তাহার।।
তবে মায়ের গর্ভে হয় সেইত কুমার।।
শিবানন্দ ঘরে গেলে জন্ম হৈল তার।।
প্রভু আজ্ঞায় নাম ধরিল 'পরমানন্দদাস'।
'পুরীদাস' বলি প্রভু করে পরিহাস।।
শিবানন্দ যবে সেই বালকে মিলাইল।
মহাপ্রভু পদাঙ্গুষ্ঠ তার মুখে দিল।।"

(অন্ত্যলীলা—১২শ পরিচ্ছেদ)।

শ্রীমন্মহাপ্রভুর পদাঙ্গুষ্ঠ চোষণের ফলে প্রভুর অপার করুণারসাভিষিক্ত এই পুরীদাস সপ্তম বৎসর বয়সে বিনা অধ্যয়নে প্রভুর আদেশে শ্রীকৃষ্ণের মধুর রসময় বর্ণনাশ্লোক প্রকাশ করলেন—

"শ্রবসোঃ কুবলয়মক্ষ্ণো রঞ্জনমুরসো মহেন্দ্রমণিদাম
বৃন্দাবনরমণীনাং মণ্ডনমখিলং হরির্জয়তি!"

'যিনি ব্রজসুন্দরীগণের শ্রবণযুগলের নীলকমল, নয়নের অঞ্জন এবং বক্ষঃস্থলের ইন্দ্রনীলমণির হার প্রভৃতি নিখিল ভূষণস্বরূপ, সেই শ্রীহরির জয় হোক্।'

"সাত বৎসরের বালক নাহি অধ্যয়ন।
ঐছে শ্লোক করে লোকের চমৎকার মন।।
চৈতন্যপ্রভুর এই কৃপার মহিমা।
ব্রহ্মা-আদি দেব যার নাহি পায় সীমা।।"

(চৈঃ চঃ অন্ত্য—১৬শ পরিচ্ছেদ)।

উত্তরকালে এই বালকই কবিকর্ণপূর নামে অসাধারণ পাণ্ডিত্য-প্রতিভা অর্জন করে শ্রীশ্রীগৌর-গোবিন্দের লীলাতত্ত্বসমৃদ্ধ বহু গ্রন্থ প্রণয়ন করলেন। শ্রীল কবিকর্ণপূর একাধারে শ্রেষ্ঠ আলঙ্কারিক ও মহাকবি। তাঁর অলৌকিক ও অসাধারণ কবিত্বশক্তি শ্রীআনন্দবৃন্দাবনচম্পূ, শ্রীচৈতন্যচরিত-মহাকাব্য এবং শ্রীচৈতন্য-চন্দ্রোদয় নাটকাদি থেকে জ্ঞাত হওয়া যায়। শ্রীমন্মহাপ্রভুর করুণাতেই যে তাঁর মধ্যে এই মহীয়সী কবিত্ব-শক্তির আবির্ভাব হয়েছিল, এ কথা তিনি স্বয়ংই শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটকের শেষে উল্লেখ করেছেন—"যস্যোচ্ছিষ্ট প্রসাদাদয়মজনি মম প্রৌঢ়িমা-কাব্যরূপী" অর্থাৎ 'শ্রীমন্মহাপ্রভুর উচ্ছিষ্ট প্রসাদে (পদাঙ্গুষ্ঠ চোষণে) আমার মধ্যে এই অপূর্ব কাব্য রচনার শক্তি জন্মেছে।' বিশেষত তাঁর শ্রীচৈতন্য-করুণোদিত বাগ্‌বিভূতি মধুরাদপি-মধুর ব্রজলীলা বর্ণনময় এই 'আনন্দবৃন্দাবনচম্পূ' গ্রন্থখানা একদিকে যেমন অসাধারণ অনুপ্রাস ও প্রসাদাদি কাব্যগুণ-গুম্ফিত হয়ে সংস্কৃতজ্ঞ কাব্যরসামোদী পণ্ডিতগণের চমৎকারিত্ব জন্মায়, অপরদিকে তেমনি শ্রীপাদের স্বতঃপ্রণোদিতভাবের প্রেরণায় উৎসারিত ভক্তিমন্দাকিনীর ধারা বর্ণনা-পারিপাট্যে উচ্ছলিত হয়ে গ্রন্থাস্বাদন-কারী সুধী ভক্তবৃন্দের চিত্তভূমিকে ভক্তিরসে সুরসিত করে।

শ্রীপাদ তাঁর অলঙ্কারকৌস্তুভ গ্রন্থে উত্তম কবির লক্ষণ নির্ণয়ে লিখেছেন—

"সবীজোহি কবির্জ্ঞেয়ঃ স সর্ব্বাগম কোবিদঃ।
সরস প্রতিভাশালী যদিস্যাদুত্তমস্তদা।।"

'যিনি সবীজ বা কাব্যোৎপাদক প্রাক্তন সংস্কার বিশিষ্ট অলঙ্কারাদি বহুশাস্ত্রজ্ঞ এবং সরস প্রতিভা-শালী—তিনিই উত্তমকবি।' অপ্রাকৃত ভাগবতরস পরিবেষণ-নিপুণ শ্রীপাদের সর্বাগমকোবিদত্ব, সরস প্রতিভা ও সর্বোপরি শ্রীচৈতন্যকরুণোদিত ভক্তিরসের সুদিব্য সংস্কার একত্র সম্মিলিত হ'য়ে যেন বিশ্বপাবন ত্রিবেণী ধারার মতো এই 'আনন্দবৃন্দাবনচম্পূ' রূপে বিশ্বে প্রকাশিত হয়েছেন। সুরসিক ভক্তবৃন্দ এই পাবনী ধারায় নিত্য সুখ-সন্তরণে পরানির্বৃতি লাভ করে থাকেন। ভক্তিলোভাতুর বিশ্বমানবও এই মহাতীর্থে অবগাহন করলে (শ্রীগ্রন্থের শ্রবণ কীর্ত্তন করলে) অচিরায় অন্তরের বাসনা-মালিন্য পরিহার করে ভক্তিরসের আস্বাদনে পরানন্দ লাভে যে ধন্য হবেন - এ বিষয়ে অণুমাত্রও সন্দেহ নেই।

আনন্দ বা সুখ দার্শনিক বস্তু। বিশ্বমানব নিয়ত আনন্দের অনুসন্ধানে ছুটে চলেছে। কিন্তু তারা অধিক-সংখ্যকই প্রকৃত আনন্দের লক্ষ্যহারা। এই মায়াময় বিশ্বপ্রপঞ্চে তারা শান্তিবারির আশায় বিষয় মরীচিকার পানে ধাবিত হ'য়ে সুখের বিনিময়ে প্রতিনিয়ত দুঃখ বেদনার ঘাত-প্রতিঘাতে জর্জরিত হচ্ছে। অভ্রান্ত-দৃষ্টি শাস্ত্র ও মহাজনগণ তাদের প্রকৃত আনন্দের সন্ধান দিতে গিয়ে বিষয়মুখী চিত্তবৃত্তিকে ভগবদুন্মুখ করার জন্যই উপদেশ দিয়েছেন। স্বরূপভ্রান্ত নিত্যকৃষ্ণদাস জীব সাধন ভজন দ্বারা ক্রমশ দেহ-দৈহিকাদির বন্ধন শিথিল ক'রে স্বরূপাভিমানে ভগবৎসেবা লাভ করে ধন্য হয়,—ইহাই নিখিল সাধু-শাস্ত্রের উপদেশের সারমর্ম। মাধুর্যঘন-বিগ্রহ শ্রীশ্রীরাধামাধবের পরম মাধুর্যময় লীলাধাম শ্রীবৃন্দাবন ভগবৎসেবারসাস্বাদনের শ্রেষ্ঠতম স্থান। এই বিশ্ব মায়ার কারাগার হলেও চরম সান্ত্বনার বিষয় এই যে এখানে চিন্ময় প্রেমধাম শ্রীবৃন্দাবন প্রকটিত রয়েছেন। প্রকৃতির পরপারে শ্রীবৈকুণ্ঠের শিরোপরি-স্থিত চিন্ময়ধাম আনন্দবৃন্দাবন প্রপঞ্চতীরে অবতীর্ণ হ'য়ে বিশ্বজীবের প্রতি অশেষ করুণারাশি প্রকাশ করেছেন। চিন্ময়ধাম মৃন্ময় বিশ্বে এসে এর সংস্পর্শে কিছুমাত্রও মায়ামলিন না হ'য়ে বরং মায়াতীত লোক অপেক্ষাও অধিকতর সুশোভিতই হয়েছেন, শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ শ্রীমদ্ভাগবতের 'প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোঽপি' ইত্যাদি ব্রহ্মস্তুতির ব্যাখ্যায় লিখেছেন—প্রদীপ যেমন প্রকাশ্য দিবালোক অপেক্ষা অন্ধকার রাত্রেই অধিকতর সুশোভিত হয়, হীরকরত্ন যেমন শ্বেত-পাত্র অপেক্ষা নীল পীতাদি রংএর কাচের পাত্রে অধিকতর শোভা পায়, তেমনি শ্রীবৈকুণ্ঠের শিরোপরিস্থিত শ্রীধাম এই মায়াময় বিশ্বপ্রপঞ্চে অবতীর্ণ হ'য়ে সমধিক চমৎকৃতিপ্রদই হয়েছেন। শ্রীবৃন্দাবনবাসিগণ শ্রীকৃষ্ণ-সেবা সুখের প্রয়াসী, তাঁরা সতত সেবারসানন্দে মগ্ন। সংসার-বিষজ্বালায় দগ্ধ মানব-চিত্তও ব্রজাভিমুখী হলে ক্রমশ ব্রজরসের অমৃতসিঞ্চনে পরম সুশীতল হয়ে শ্রীগোবিন্দের প্রেমসেবানন্দলাভে চিরকৃতার্থ হয়ে থাকে—এই পরমতত্ত্বের ইঙ্গিত দিতে গিয়েই বোধ হয় শ্রীপাদ তাঁর এই ব্রজরসবর্ণনময় শ্রীগ্রন্থের নাম রেখেছেন—'আনন্দবৃন্দাবনচম্পূ'। সুতরাং ইহা শ্রীগ্রন্থের অন্বর্থ বা সার্থকসংজ্ঞা। শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদও লিখেছেন, এই চম্পূ অর্থাৎ গদ্য-পদ্যময়ী চিত্রকাব্য আনন্দসমূহকে পালন করেন বা ইহাতে আনন্দস্বরূপ শ্রীবৃন্দাবন সম্বন্ধীয় চরিত্র বর্ণিত হয়েছে বলেই গ্রন্থের নাম রাখা হয়েছে—'আনন্দবৃন্দাবনচম্পূ'।(১।১৫—সুখবর্ত্তনী ব্যাখ্যা)।

শ্রুতি শ্রীভগবৎ-স্বরূপের পরিচয় দিতে গিয়ে বলেছেন —'রসো বৈ সঃ' "আনন্দং ব্রহ্ম", অর্থাৎ পরমতত্ত্বস্বরূপ শ্রীভগবান্ রসস্বরূপ বা আনন্দস্বরূপ। আবার রসপিপাসু জীবগণকে এই রসাস্বাদনে প্রোৎ-সাহিত করতে গিয়ে বলেছেন—"রসং হ্যেবায়ং লব্ধানন্দী ভবতি," অর্থাৎ এই রসস্বরূপ শ্রীভগবানকে আস্বাদন করেই আনন্দকামী জীব প্রকৃত আনন্দাস্বাদনে সমর্থ হয়। কিন্তু সেই চিদ্ঘনমূর্তি শ্রীভগবানকে আস্বাদন করার প্রণালী কি, মায়াবদ্ধ জীবের নিকট সেই তুরীয় পরব্রহ্মের রসরূপতার অভিব্যক্তিই বা কিরূপ হইতে পারে—এইরূপ প্রশ্ন স্বতঃই জেগে উঠে। এই ধরণের প্রশ্নের উত্তরে শাস্ত্র মহাজন বলেছেন—পরব্রহ্ম শ্রীভগবান্ তুরীয় তত্ত্ব হলেও তাঁর নাম, রূপ, গুণ ও লীলারূপেই তাঁর রসরূপতার অভিব্যক্তি হয়ে থাকে। বিশেষত লীলাবিজৃম্ভিত

নামরসের অনুভব ব্যতীত ভগবৎস্বরূপের কোন ধারনাই সম্ভবপর হয় না। কেননা, তিনি লীলাময় বলেই তিনি রসময়। যেহেতু লীলাই রসের প্রাণ। লীলা স্বভাবতঃই মধুময়ী—অশেষ আস্বাদন চমৎকারিতায় পূর্ণ।

এই লীলা বিজৃম্ভিত নামরসের মুখ্যরূপে বর্ণনার অভাবেই ভগবান্ বেদব্যাস বেদবিভাগ, ব্রহ্মসূত্রাদি প্রণয়ন করেও চিত্তে শান্তিলাভ করতে পারেন নি। পরে শ্রীনারদের উপদেশে সমাহিত চিত্তে শ্রীগোবিন্দের রসরূপতার সম্যক্ অনুভব প্রাপ্ত হয়ে শ্রীকৃষ্ণনামলীলাবর্ণন-প্রধান অখিল বেদান্তসার শ্রীমদ্ভাগবত প্রণয়ন করেই চিত্তে পরা-শান্তি লাভ করেছিলেন—এ কথা শ্রীমদ্ভাগবতেই বর্ণিত রয়েছে। শ্রীমদ্ভাগবত শ্রীভগবানের বাঙ্ময় মূর্ত্তি। অনন্ত-মধুর শ্রীকৃষ্ণলীলাবর্ণনময় দশমস্কন্ধটি তাঁর ফুল্ল-মুখারবিন্দ। শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্ এবং অখিলরসামৃত-মূর্ত্তি বলে শ্রীকৃষ্ণলীলার মধুরতা সর্বাধিক। বিশেষতঃ তাঁর পরম মাধুর্যময়ী ব্রজলীলার তুলনা নেই। শ্রীভগবানের ঐশ্বর্যভাবের লীলায় লীলার মাধুর্যটি ভালভাবে ফুটে উঠে না, সম্ভ্রম সঙ্কোচ উদিত হয়ে আস্বাদনে বাধা ঘটায়। শ্রীকৃষ্ণের পরম মাধুর্যময়ী ব্রজলীলার নিষেবনে চিত্ত সম্ভ্রম সঙ্কোচমুক্ত হয়ে লীলারসের অকুণ্ঠ আস্বাদন লাভে ধন্য হয়। শ্রীকৃষ্ণ শ্রীবৃন্দাবনেই সর্বাদ্ভুত-চমৎকার-লীলা-কল্লোলবারিধি। সুতরাং নিগম কল্পতরু-গলিত-রসময় ফল শ্রীমদ্ভাগবতের বৃন্দাবনলীলাটিই পরম সুরসাল। এই অংশই শ্রীপাদের আনন্দ-বৃন্দাবনচম্পূ গ্রন্থের বর্ণনার বিষয় বস্তু।

একেত পরম মাধুর্যময় ও প্রেমরসময় ব্রজলীলা, তদুপরি মাধুর্যলীলা বর্ণনায় সিদ্ধহস্ত শ্রীপাদের বর্ণনা-ভঙ্গীতে মাধুর্যের প্লাবন জেগেছে—গ্রন্থখানা যেন ভাদরের নদীর মতো সুরসাল লীলারসে কানায় কানায় ভরা। উচ্ছলিত তটিনী যেমন তরঙ্গের পর তরঙ্গ তুলতে তুলতে খরতরনাদে সিন্ধুর দিকে ছুটে যায়, শ্রীপাদের কাব্য তটিনীতে তেমনি বিচিত্র অনুপ্রাসের তরঙ্গাবলি ধ্বনি হ'তে ধ্বন্যন্তর সৃষ্টি করে বিচিত্র রসের প্রকাশ করতে করতে অসীমের দিকে প্রবাহিত!

রসাবেশ, সৌন্দর্য, মাধুর্য এবং প্রসাদাদি গুণ কাব্যরচনার শক্তিবিশেষ। মহাকবিগণের বাণী দিব্য আনন্দরস স্বয়ংই নিঃস্যন্দিত করে অলৌকিক স্ফূর্তিশীল প্রতিভা বিশেষ প্রকাশ করে থাকে। অলঙ্কার-শাস্ত্রে প্রতিভার সংজ্ঞা এইরূপ দেওয়া হয়েছে—

"প্রজ্ঞা নবনবোন্মেষশালিনী প্রতিভা মতা।
তদনুপ্রাণনাৎ জীবেৎ বর্ণনা নিপুণঃ কবিঃ ॥"

কাব্যরচনায় যে নব নব প্রজ্ঞা বা বুদ্ধি, তাকেই প্রতিভা বলা হয়। উহা দ্বারা অনুপ্রাণিত হয়েই বর্ণনা-নিপুণ কবি জীবিত থাকেন, অর্থাৎ ঐ প্রতিভা ভিন্ন শ্রেষ্ঠ কাব্যরচনা সর্ব্বথা অসম্ভব। সাধারণ আলঙ্কা-রিকগণের মতে শ্রেষ্ঠ কবিগণের কাব্যপ্রতিভা একটি অলৌকিক বস্তু, এর থেকেই কাব্যাদিতে রসের সঞ্চার হয়ে থাকে। অপ্রাকৃত ভক্তিরসশাস্ত্রকারগণ কিন্তু প্রাকৃত কাব্যের লক্ষিতব্য রসকে প্রাকৃত মনোবৃত্তি বিশেষ,

মায়িক বা গুণময় বলেই মনে করেন। সুতরাং আলঙ্কারিকগণের মতে কাব্যরস 'ব্রহ্মাস্বাদ-সহোদর' বলে কথিত হ'লেও ভক্তগণের মতে উহা ভগবদ্ভক্তি থেকে উত্থিত আনন্দসিন্ধুর এককণার আভাস মাত্রই। এ বিষয়ে ধ্বন্যালোকে শ্রীপাদ আনন্দবর্ধনাচার্যের একটি অতি সুন্দর উক্তি দৃষ্ট হয়—

"যা ব্যাপারবতী রসান্ রসয়িতুং কাচিৎ কবীনাং নবা
দৃষ্টির্যা পরিনিষ্ঠিতার্থ বিষয়োন্মেষা চ বৈপশ্চিতী।
তে দ্বে অপ্যবলম্ব্য বিশ্বমনিশং নির্ব্বর্ণয়ন্তো বয়ম্
শ্রান্তা, নৈব চ লব্ধমব্ধিশয়ন ত্বদ্ভক্তিতুল্যং সুখম্।।"

'কবিগণের যে প্রতিভা-দৃষ্টি বিভাবাদি দ্বারা স্থায়ীভাব সমূহকে ক্ষণে ক্ষণে নব নব বৈচিত্রীযুক্ত করে রসতা প্রাপ্ত করাতে সক্ষম, আর পণ্ডিতগণের যে পাণ্ডিত্যদৃষ্টি তত্ত্বনিশ্চয়ে প্রবল, আমরা এই দু'প্রকার দৃষ্টি দ্বারা বিশ্বকে নিঃশেষে বর্ণন করে পরিশ্রান্ত হয়েছি, কিন্তু হে সাগর-শায়িন্! তোমার ভক্তিসুখের তুল্য সুখ কুত্রাপি প্রাপ্ত হই নি।' 'সাগর শায়িন্' সম্বোধনের তাৎপর্য এই যে, যিনি পরিশ্রান্ত, শয়নসুখাস্বাদন-কারীর প্রতি তাঁর বহু মানদান যুক্তিযুক্ত। 'হে ভগবন্! তোমার একবিন্দু ভক্তিরসের আস্বাদন দান করে ভক্তিহীন বৃথা আনন্দাস্বাদন-প্রয়াসশ্রান্তি দূর কর'—ইহাই ব্যঞ্জিতার্থ। ভাগবতরস-বর্ণন-নিপুণ মহাকবিগণের মতে কেবল কাব্য-প্রতিভাই রসাস্বাদনের হেতু নয়, কিন্তু অশেষ চমৎকারিত্বপূর্ণ ভাগবতী রতিই রসাস্বাদনের মুখ্য হেতু। এ বিষয়ে শ্রীমৎ রূপ গোস্বামিপাদ লিখেছেন—

"এতেষান্তু তথাভাবে ভগবৎকাব্যনাট্যয়োঃ।
সেবামাহুঃ পরং হেতুং কেচিত্তৎপক্ষরাগিণঃ।।
কিন্তু তত্র সুদুস্তর্কমাধুর্যাদ্ভুতসম্পদঃ।
রতেরস্যাঃ প্রভাবোঽয়ং ভবেৎ কারণমুত্তমম্।।"

(ভঃ রঃ সিঃ—২।৫।৯০–৯১)।

অর্থাৎ 'কাব্যনাট্য পক্ষপাতী পণ্ডিতগণ ভাবের বিভাবনাদি বিষয়ে ভগবৎ কাব্যনাট্যের সেবাকেই হেতু বলে নির্দ্দেশ করেন, কিন্তু সুদুস্তর্ক-মাধুর্যরূপ-অদ্ভুত সম্পত্তিশালিনী ভাগবতী রতির প্রভাবই এবিষয়ে উত্তম কারণ।' শ্রীপাদ কর্ণপূরের অন্তর্নিহিত ভক্তিরসমাধুরী তাঁর অপ্রাকৃত কাব্য-প্রতিভায় সুব্যক্ত হয়ে তাঁর এই অলৌকিক মাধুর্যময় ব্রজরসের বর্ণনা যে সুরসিক ভক্তগণের হৃদয়ক্ষেত্রকে ভক্তিরসে আপ্লাবিত করবে—এতে আর কিছুমাত্র সন্দেহ নেই। শ্রীমদ্ভাগবতে বর্ণিত ব্রজলীলার রসমাধুরী শ্রীপাদের স্বচ্ছন্দ-ভাব ও সাবলীল ভাষায় বর্ণিত হয়ে সৎ-সামাজিকের কি অপূর্ব আস্বাদ্য হয়েছে,—ইহা স্বানুভববেদ্য; প্রকাশের ভাষা নেই। শ্রীমদ্ভাগবতে বর্ণিত রাসরসের বৈচিত্রীরূপে শ্রীপাদ সুদিব্য নায়ক-নায়িকা শ্রীশ্রীরাধামাধবের বসন্তোৎসব, হোরীলীলা, হিন্দোলালীলাদি অপূর্ব পরিপাটীর সহিত বর্ণনা করেছেন। শ্রীগ্রন্থের মহত্ব এতই

বিশাল এবং বিপুল যে, এর মহিমা প্রকাশ করতে যাওয়া স্বপ্রকাশ সূর্যকে প্রদীপ দিয়ে প্রকাশ করার মতোই হাস্যাস্পদ চেষ্টা ব্যতীত কিছুই নয়। ভক্তসামাজিক শ্রীগ্রন্থের আস্বাদনে একথার সত্যতা উপলব্ধি করবেন।

এই সুবিশাল সংস্কৃত কাব্যগ্রন্থের বঙ্গানুবাদ সামান্য কিছু এখানে ওখানে প্রকাশিত দেখা যায় কিন্তু সম্পূর্ণ বঙ্গানুবাদ এ পর্যন্ত প্রকাশিত হয়নি। এই অভাব সমগ্র বাঙ্গালী জাতির, বিশেষ করে সংস্কৃতানভিজ্ঞ ভক্তগণের পক্ষে যে প্রভূত-গুরুত্বপূর্ণ, একথা গ্রন্থের রসাস্বাদনকারী ব্যক্তিমাত্রেই একবাক্যে স্বীকার করবেন। শ্রীশ্রীগৌরগোবিন্দের অপার করুণায় ব্রজবাসনিষ্ঠ, পরমভাগবত ও বহু ভক্তিগ্রন্থের সুলেখক শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গুহ মহাশয় এবিষয়ে প্রেরণা প্রাপ্ত হয়ে এই দুরূহকার্যে হস্তক্ষেপ করে সুমহৎ সেবাব্রতে আত্মনিয়োগ করেছেন। তাঁর এই মহৎচেষ্টা শুধু প্রশংসনীয়ই নয়, বিস্ময়াবহও বটে; কারণ বিপুল ধৈর্য্য ও অটুট অধ্যবসায় ব্যতীত এত সুবৃহৎ রহস্যময় সংস্কৃত কাব্যের অনুবাদ করা সম্ভবপর নয়। তাঁর অন্যতম বৈশিষ্ট্য এইযে, তিনি পরম নামনিষ্ঠ ভাগবত। শ্রীনামের অনুকম্পায় তিনি এই সেবাব্রতে আশাতীতভাবে জয়লাভ করেছেন। তাঁর অনুবাদের ভাষা প্রাঞ্জল এবং সুললিত,তাঁর অনুবাদ ভাবমাধুর্যে সর্বোপরি তাঁর ভক্তিভাবিত হৃদয়ের আবেগোচ্ছ্বাসে ভরপূর। শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্তী মহাশয়ের 'সুখবর্ত্তনী' টীকার যথাস্থানে সন্নিবেশ করে তিনি পণ্ডিতগণেরও গ্রন্থাস্বাদনে পরমোপকার সাধন করেছেন। শ্রীশ্রীকুণ্ডেশ্বরীর শ্রীচরণে প্রার্থনা করি—অনুবাদক দীর্ঘজীবন ও অটুট স্বাস্থ্য লাভ করে এইভাবে শ্রীশ্রীগোস্বামিপাদগণের বাণীর মাধুর্য্য সাধারণের নিকট সুলভ করে দিয়ে তাঁর অজস্র করুণালাভে ধন্য হোন্। সুধীজন অনুবাদের রসমাধুরী আস্বাদন করলেই তাঁর এই সুবিপুল পরিশ্রম সার্থক হবে।—ইত্যলম্।

রাধাকুণ্ড (বৃন্দাবন)
২১শে পৌষ
১৩৮৮

শ্রীশ্রীরাধাকুণ্ডাশ্রয়ী
দীন—অনন্তদাস

* শ্রীগৌরহরি *

সম্পাদকীয়

নিবেদন

সূচনা ঃ একদিন শ্রীবৃন্দাবনে যমুনার কূলে ১০৮ শ্রী বাবা কিশোরী-কিশোরানন্দ মহারাজের ইষ্টগোষ্ঠী সভাতে বাবার কৃপাসঞ্চারে উদ্বুদ্ধ এই সম্পাদকের মুখে শ্রীআনন্দবৃন্দাবনচম্পূ পাঠ হচ্ছে—

সা পুনরূচে,—তাড়নে যদি তবাতিশয়া ভী-,স্ত্যং কিমদ্য দধিভাণ্ডমভাঙ্ক্ষীঃ।
গোপাল—মাতরেবমপরং ন করিষ্যে, পাতয় স্বকরতো বত যষ্টিম্ ॥ ৬।৫

অর্থাৎ—যশোমা বলছেন—আরে দুষ্টু ছেলে তাড়নে যদি তোমার এত ভয়, তবে আজ দধিভাণ্ড ভাঙ্গতে গেলে কেন ?

গোপাল—মা আর করব না। হাত থেকে এ-যষ্টি ফেলে দাও-না বলছি।

শুনতে শুনতে বাবার ভাবোদয় হল। চোখে জল। অঙ্গে শিহরণ। রসগ্রাহী জনের এমনই হয়। পাণ্ডবজননী কুন্তিদেবীর মোহ শ্রীমদ্ভাগবতে দেখা যায়—'সা মাং বিমোহয়তি ভীরপি যদ্বিভেতি'—ভাঃ—১।৮।৩১। অর্থাৎ কুন্তিদেবী বলছেন, 'স্বয়ং ভয়ও যাঁর ভয়ে ভীত সেই অনন্তকোটি ব্রহ্মাণ্ডের অধীশ্বরের অহো, মায়ের ভয়ে এই ভীতি! কাজল-ধোয়া অশ্রুলিপ্ত এ মুখটি আমাকে মোহিত করে ফেলছে।'—রাত পোহাতেই সকলের অজ্ঞাতসারে বাবা চলে গেলেন সেই দামবন্ধন-স্থলী গোকুলে। পাঠ বন্ধ হল। পাঠ বন্ধ হলেও বাবার চোখের জল যে রসের ইঙ্গিত দিয়ে গেল তা আমার মনো-খাদে প্রবাহিত হয়ে লেখনী মুখে আজও ঝরে পড়ছে।

অতীন্দ্রিয় রসজগতের সঙ্গে মায়াবদ্ধ জীবের সংযোগসূত্র একমাত্র শ্রীভগবৎকরুণা—সেই করুণা-দেবীর বাহন শ্রীগুরুবৈষ্ণবগণের আশীর্বাদ সম্বল করে দুরূহ কার্য শ্রীআনন্দবৃন্দাবনচম্পূর অনুবাদে ব্রতী হয়েছিলাম ছ-বৎসর পূর্বে। আজও কাজ চলছে।

গ্রন্থ পরিচয় ঃ এই মহাগ্রন্থ ২২টি স্তবকে বিভক্ত। মঙ্গলাচরণ ও চিৎভূমি শ্রীবৃন্দাবনের শোভা সমৃদ্ধি বর্ণনের পর শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধ অবলম্বনে নন্দোৎসব থেকে আরম্ভ করে রাসলীলা পর্যন্ত সমগ্র লীলা—অধিকন্তু হোরিকা, ঝুলন, বৃষভানুরাজগৃহে নন্দাদির নিমন্ত্রণ-লীলাদি বিস্তারিত হয়েছে যমকানুপ্রাসাদিতে

মণ্ডিত হয়ে চিত্তচমৎকারীভাবে, শ্রীমন্মহাপ্রভুর মানসপুত্র মহাকবি কর্ণপূরের কলমে। মাধুর্যলীলার পরিবেষণে কবি সিদ্ধ হস্ত। ধ্বনির ধ্বন্যন্তর-উদ্গারে ও গুম্ফন কৌশলে যে অপূর্ব রমণীয়তা সৃজন হয়েছে এই মহাগ্রন্থে তা সৎকাব্যামোদি জনমাত্রেরই পরম আস্বাদ্য।

এই গ্রন্থের আক্ষরিক অনুবাদ এক দুরূহ ব্যাপার। শব্দ ব্যবহারে পরম কুশলী কবি স্বচ্ছন্দে বিহার করে চলেছেন অনন্ত শব্দ সমুদ্রে— যমকে-অনুপ্রাসে-অলঙ্কারে-সন্ধি-সমাসে এক জমজমাট ব্যাপার— যেন কঠিন প্রস্তরের এক একটি বিশাল চাপ, যার অন্তর্দেশে প্রবাহিত অমৃতনিন্দি অফুরন্ত রসধারা। লেখনীর গুণে গদ্য-গুলিও হয়ে উঠেছে ছন্দময়—যেন ভাবের হাওয়ায় দোল খেয়ে তরঙ্গায়িত হয়ে চলেছে। পদ্য, সে তো মধুমতী নববধূ অমৃত সমান— কঠিন হতেই জানে না। প্রতিটিই এক একটি কাব্য।

ভাষার বন্ধন কঠিন। এই কঠিন বন্ধন খুলবার চাবিকাঠি সার্থক নামা 'সুখবর্তনী' টীকা হাতে রস-লোক থেকে এলেন রসিককুল-মুকুটমণি শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদ, যা আমাদের মতো অর্বাচীনের জন্য খুলে দিয়েছে এই রত্নভাণ্ডারের দ্বার। এই টীকার সম্পূর্ণ অনুসরণেই প্রস্তুত সংস্করণে বঙ্গানুবাদ করা হয়েছে সর্বত্র, যথা—'লীলায়তনৈরপি অলীলা-যতনৈঃ শাখিভিরাকীর্ণম্' এ-বাক্যটিকে টীকায় এই ভাবে বিভক্ত করে অর্থ করা হয়েছে—লীলা + আয়তনৈরপি + অলি + ইলা + অযতনৈঃ + শাখিভিরাকীর্ণম্'। এতে অর্থ এলো, শ্রীবৃন্দা-বনের এই বৃক্ষ শ্রীকৃষ্ণের লীলাস্থলী হয়েও যত্নাভাবেও সুলভ ভ্রমর-গুঞ্জনে মুখরিত। (বিরোধাভাস অলঙ্কার)। সর্বত্রই এই একই রীতি।

পুনরায় এই গ্রন্থের রস আস্বাদনের পক্ষে কঠিন বাধা যা, তা হলো ভাবের দুরধিগম্যতা। আমাদের জড়ীয় ইন্দ্রিয়ের দ্বারা স্বজাতীয় সূক্ষ্ম জড়ই ধরা যায় না, আর বিজাতীয় চিৎবস্তু যে ধরা যাবে না তা তো বলাই বাহুল্য। যদিও জড়বিদ্যার পণ্ডিতগণের কখনও চিৎজগতের ব্যাপারে অনধিকার চর্চা করতে গিয়ে ফাঁপরে পড়তে দেখা যায়। চিৎজগতের রসগ্রাহী জনের পক্ষে যা হয়ে পড়ে হাস্যাস্পদ। এই দুরধিগম্যতা লক্ষ্য করে মহাকবি এই গ্রন্থের উপক্রমণিকায় বলেছেন—'গতে স্বস্বাভীষ্টং পদমহহ চৈতন্যভগবৎ-, পরীবারে পশ্চাদ্গতবতী চ যস্মিন্নিজপদম্। বিলুপ্তা বৈদগ্ধী-প্রণয়রসরীতির্বিগলিতা; নিরালম্বো জাতঃ সুকবি-কবিতায়াঃ পরিমলঃ ।।' অর্থাৎ প্রস্তুত কাব্যে যা বর্ণিত হবে সেই রস ও প্রেম সমগ্রভাবে আস্বাদনের লোক না দেখে কবি দুঃখ করে বলছেন—

শ্রীচৈতন্যভগবানের পরিকরগণ নিজ নিজ অভীষ্টস্থানে চলে গেলে এবং তিনি নিজেও প্রপঞ্চা-গোচর নিজধামে চলে গেলে রসগ্রাহী শ্রোতার অভাব বশতঃ কাব্যবৈদগ্ধী বিলুপ্ত হয়ে গিয়েছে, প্রণয়রসরীতি বিগলিত হয়ে গিয়েছে, সুকবির কবিতা-পরিমল নিরাশ্রয় হয়ে গিয়েছে।

ব্রজপ্রণয়রসরীতি ঃ

রসলোক-দর্শনের বীক্ষণযন্ত্র নানাবিধ আছে—যন্ত্র যত উন্নতমানের হয় দর্শনও তত সুন্দর ও স্বচ্ছ

হয়। শ্রীগৌরহরি এই জগতে আসবার পূর্বে এই জগতে সবচেয়ে উত্তম যে যন্ত্রটীর কথা জানা ছিল তা হলো 'শুদ্ধা বৈধীভক্তি যন্ত্র'(বিদ্যাপতি, জয়দেবাদি গৌরপরিকরই—গৌর আগমনোৎসবের প্রাক্‌কর্ম সমাধানে তাঁদের পূর্বে আগমন।) যাতে ধরা পড়ে শ্রীভগবানের ঐশ্বর্য-মূর্তি—বৈকুণ্ঠেশ্বর নারায়ণাদি। এ যেন মহারাজ-চক্রবর্তী মন্ত্রী-সেনাপতি সব সভাসদ পরিবেষ্টিত হয়ে রাজসভায় মহা জাকজমকের সহিত সিংহাসনে সমাসীন। এখানে দূর থেকে 'ত্রাহি ত্রাহি মধুসূদন' বলে স্তব করা চলে কিন্তু কাছে গিয়ে বুকে জড়িয়ে ধরা যায় না। শ্রীগৌরহরি এই জগতে নিয়ে এলেন সর্বোন্নতমানের একটি 'বীক্ষণযন্ত্র'—'উন্নতোজ্জ্বলরসগর্ভা প্রেমভক্তি,' যার স্থিতি একমাত্র ব্রজে-'অনর্পিত চরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্'। এই বীক্ষণযন্ত্রে গোবিন্দকে ব্রজে দেখা গেলো এক অভিনব মধুর মুগ্ধ রূপে—মা যশোদার কোলের ছেলে, শ্রীদাম সুদাম সখাগণের প্রাণের কানাই, গোপসুন্দরীগণের গোপন প্রেমের বুক জোরা ধন।

ছ'দিনের ছোট্ট একটি শিশু যাশোমার কোলে শুয়ে হাত পা নাড়ছে—কংস প্রেরিত বালঘাতিনী ভয়ঙ্করী পুতনা রাক্ষসী অতি অদ্ভুত সুন্দরী মাতৃবেশে স্তনে বিষ মাখিয়ে নিকটে এসে দাঁড়াতেই প্রাকৃত শিশুর মতো মায়ের বুকে মুখ লুকিয়ে চোখ পিট্ পিট্ করতে লাগল, কত-না মুগ্ধতা। রাক্ষসী কোলে তুলে নিতেই মাতৃস্তন চুষণচ্ছলেই মহা বলশালী রাক্ষসীর বধ হয়ে গেল অনায়াসে। নবশিশু ভাবের কিছুমাত্র উল্লঙ্ঘন হল না। মহৈশ্বর্যের প্রকাশ হল, অথচ সেখানে উপস্থিত কারুর মনকে স্পর্শ করল না। বাৎসল্য-রসসমুদ্রে মগ্ন মা যশোদা রসাস্বাদনে মুগ্ধ হয়ে ভাবলেন—নারায়ণই এ যাত্রা রক্ষা করলেন। শ্রীদামসুদামাদি বালকদের কখনও 'কাঁধে চড়ে, কখনও চড়ায়। একবিন্দু সম্ভ্রম নেই কোথাও। আবার কখনও শ্রীরাধার গৃহ-কোণে সারা রাত্রি জাগরণ। দ্বারোদঘাটনে বলয়-ঝঙ্কারে হৃদয়ে মধুর গুঞ্জন, আবার তখনই জড়তীর কে-ও কে-ও ধ্বনিতে শঙ্কা-নিরাশার বেদন।

শ্রীব্রহ্মা শিবাদিরও অভিবন্দিত, আত্মারাম, আপ্তকাম সর্বজ্ঞ ভগবানের এই যে মুগ্ধতা এ বুঝবার শক্তি ভক্তগণেরও হতো না যদি-না শ্রীগৌরহরি এসে জগতের জীবকে বোঝাতেন। শ্রীভগবানের স্বরূপ হল ঐশ্বর্য-মাধুর্যপূর্ণ তত্ত্ববিশেষ। ঐশ্বর্য-মাধুর্যের পূর্ণ বিকাশ একমাত্র এই ব্রজের কৃষ্ণেই দেখা যায়। কিন্তু দেখা গেলেও ঐশ্বর্য এখানে থাকে ঢাকা, সম্পূর্ণ ভাবে। মাধুর্যের অন্তরালে থেকে মাধুর্যকে বাড়িয়ে তোলাই হল এর কাজ। মাধুর্যই হল ভগবত্তাসার। কাজেই পূর্ণ মাধুর্যময় শ্রীভগবানের আস্বাদন হল জীবের পক্ষে পূর্ণ প্রাপ্তি, যার উপর আর কিছু নেই। তা এ-ব্রজেই পাওয়া যায়।

স্বকীয়া পরকীয়া ভাব ঃ

এখানে আর একটি বিশেষ কথা হল ব্রজের মধুররসরীতি—যা সমস্ত রসের মধ্যমণি। ব্রজজন মাত্রেরই চিত্ত স্বাভাবিক ভাবেই কৃষ্ণসুখ-তাৎপর্যময়ী সেবার বাসনায় ভরপুর। তাঁরা যা কিছু করেন সব এই সেবা বাসনায় উদ্বুদ্ধ হয়েই করেন। ব্রজসুন্দরীদের মধ্যেও এই ব্রজজনসাধারণ ভাবেই এই একই সেবা-

ভাব প্রবাহমানা। তবে এদের ভাবের কিছু বিশেষত্ব আছে, তা হল এই ভাবের গতির উদ্দামতা। এই উদ্দাম গতিকে আবার উচ্ছলিত করে তোলা হয়েছে যোগমায়ার এক কৌশলে—ভাবের রাজ্যে এক অঘটন ঘটনায়। ব্রজের গোপীগণ শ্রীকৃষ্ণের স্বকীয়া নিত্যকান্তা নিত্যপ্রেয়সী। এই নিত্যপ্রেয়সীত্ব ভিতের উপরে যোগমায়ার কৌশলে রচিত হল পরকীয়াত্ব ভাবের কারুকার্যময় বিশাল এক অট্টালিকা। প্রচ্ছন্ন কামুকতা-বামতা-দুর্লভতা—'কভু মিলে কভু না-মিলে দৈবের ঘটন' এই নানা বাধা ভাবকে ফাঁপিয়ে ফুলিয়ে আকাশ-চুম্বি করে তুললো। তাই দেখা যায় আমাদের আচার্য শ্রীজীবপাদ পরকীয়ারূপ বিশাল আকাশচুম্বি অট্টালিকার সুদৃঢ় ভিত গেঁথে উঠালেন সুদৃঢ় বন্ধনে, যদিও তাঁর লক্ষ্য সর্বসময়েই ঐ আকাশচুম্বি অট্টালিকাটির দিকেই। তাই তাঁর লেখার মধ্যে মাঝে মাঝে ইঙ্গিত পাওয়া যায় ঐ পরকীয়াবাদ সমর্থক কথারই—তবে সে ইঙ্গিত শুধু রসিকভক্তগণ-বেদ্য। আর এই ভিতের উপর পরবর্তী কালের আচার্য শ্রীল বিশ্বনাথ চক্রবর্তিপাদ নির্মাণ করলেন পরকীয়াবাদ রূপ অট্টালিকা, তা-ও অতি সুদৃঢ় বন্ধনেই।

ব্রজের এই পরকীয়ারস—কামগন্ধ হীন, বিশুদ্ধ, নির্মল, ত্রিভুবন-পাবন। 'কামগন্ধ হীন স্বাভাবিক গোপীপ্রেম নির্মল উজ্জ্বল শুদ্ধ যেন দগ্ধ হেম ॥'—(চৈঃ চঃ আঃ ৪।২১০)। তাই ব্রজের এই পরকীয়া রসের আলোচনা করতে দেখা যায় মুক্তকুলশিরোমণি শ্রীব্যাসদেবের তপস্যালব্ধ পুত্র শ্রীল শুকমুনিকে ৬৪ সহস্র কর্মী জ্ঞানী-ভক্তের সমাজে পরীক্ষিত মহারাজের সম্মুখে—আর মহারাজ গঙ্গাতটে প্রায়োপবেশনে জীবনের শেষ মুহূর্তে এ-লীলা শ্রবণে তন্ময়। কৌরবকুল বৃদ্ধপিতামহ নৈষ্ঠিক ব্রহ্মচারী ভীষ্ম কুরুক্ষেত্র রণাঙ্গনে মহাপ্রয়াণের পথে শরশয্যায় শায়িত অবস্থায় এই ব্রজগোপীদের প্রশংসায় পঞ্চমুখ—'ললিতগতিবিলাস বল্গুহাস' ইত্যাদি (বৃঃ ভাঃ—২।৫।২০১)। দ্বারকার শুদ্ধভক্তপ্রধান উদ্ধব এই গোপীদের পদরেণু কামনা করছেন বার বার—'আসামহো চরণরেণুজুষামহং স্যাম্' ইত্যাদি। এ সব থেকেই বোঝা যায় ব্রজের এই পরকীয়ারস কত মধুর, কত পবিত্র।

প্রাপ্ত্যুপায়ঃ

এই রসটি দেওয়ার জন্যই এই জগতে যিনি এসেছেন —('অনর্পিত চরীং চিরাৎ') সেই পরতত্ত্বসীমা শ্রীগৌরহরি বলছেন—'চেতোদর্পণ মার্জনং" পরং বিজয়তে শ্রীকৃষ্ণসঙ্কীর্তনম্'। অর্থাৎ শ্রীকৃষ্ণনামসঙ্কীর্তন সর্বোৎকর্ষের সহিত জয়যুক্ত হোন্—এ চিত্তরূপ দর্পণকে মার্জিত করে, সংসাররূপ মহাদাবাগ্নিকে নির্বাপিত করে, মঙ্গলরূপ কুমুদের প্রকাশ-বিষয়ে চন্দ্রতুল্য, ভক্তিরাণীর প্রাণস্বরূপ, আনন্দসমুদ্রের বৃদ্ধিকারক, **প্রতিপদেই পূর্ণামৃতের আস্বাদনদায়ী** এবং সর্বেন্দ্রিয়কে আনন্দে আপ্লুতকারী।

তাহলে শ্রীগৌরহরির নিজের মুখের কথাতেই পাওয়া যাচ্ছে, শ্রীনামসঙ্কীর্তন প্রতিপদেই পূর্ণামৃত ব্রজ-রসের আস্বাদনদায়ী। তাই বিদগ্ধমাধবে রসাচার্য শ্রীরূপপাদ পৌর্ণমাসীদেবীর মুখে বললেন-'নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী।' 'কি কহব নামের মাধুরী। কেমন অমিয়া দিয়া কে জানে গড়িল ইহা কৃষ্ণ এই দুই আঁখর করি ॥'

এই নামরসের ভিতর দিয়েই সাধকের শ্রীগৌরকৃপায় ব্রজের পরকীয়া রসরাজ্যে প্রবেশ হয় যথাক্রমে—'গোবিন্দপ্রেমভাজামপি ন চ কলিতং যদ্রহস্যং স্বয়ং তন্নাম্নৈব প্রাদুরাসীদবতরতি পরে যত্র তং নৌমি গৌরম্।।' (শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ -১১৩)—

অর্থাৎ—গোবিন্দের প্রেমসেবাপরায়ণ ভক্তগণেরও যা অলভ্য সেই **নিগূঢ় প্রেম** যাঁর আবির্ভাবে স্বয়ং নাম গ্রহণের দ্বারা এসে উদিত হয়েছিল সেই গৌরহরিকে আমি স্তব করছি। নাম হল সমস্ত ধর্মক্রমের বীজ—'**বীজং** ধর্মক্রমস্য' শ্রীরূপপাদের পদ্যাবলীতে ধৃত। 'কৃষ্ণ নাম **বীজ** তাহে না হয় অঙ্কুর'—চৈঃ চঃ আদি। কাজেই লীলারাজ্যে প্রবেশ করতে হলে, আস্বাদন করতে হলে এই পরকীয়া রস (শ্রীরাধার চিত্তের ভাব) বীজধর্মী শ্রীনামপ্রভুকে সর্বশ্রেষ্ঠবুদ্ধিতে একান্ত ভাবে আশ্রয় অবশ্য করতে হবে—শ্রীনাম প্রভুই হাত ধরে আশ্রিতকে শ্রীরাধার কুঞ্জে পৌঁছে দিবেন যথাক্রমে, 'ন মে ভক্ত প্রণশ্যতি' এ প্রতিজ্ঞা যে তাঁরই। শ্রীভক্তিসন্দর্ভে ২৫৫ প্রকরণে শ্রীজীবপাদ সাধনের এইরূপ ক্রম লিখেছেন—নামশ্রবণ-নামকীর্তন-অন্তঃকরণ শুদ্ধ হলে নাম স্মরণ – তৎপর ক্রমে ক্রমে রূপ-গুণ-লীলা স্মরণ।

কৃতজ্ঞতা জ্ঞাপন ঃ শ্রীশ্রীরাধারমণের সেবায়িত শ্রীশ্রীপুরুষোত্তম গোস্বামিপ্রভু তাঁর নিজের গৃহে নির্জনে শান্তিতে গ্রন্থসেবার সুযোগ দিয়ে আমাকে সাহায্য করেছেন। তাঁর প্রতি কৃতজ্ঞ। আর কৃতজ্ঞ তাঁরই সুযোগ্য পুত্র শ্রীচৈতন্যপ্রেমসংস্থার পরিচালক শ্রীশ্রীবৎস গোস্বামিপ্রভুর নিকট, যিনি তাঁর গ্রন্থাগার থেকে একখণ্ড শ্রীআনন্দবৃন্দাবনচম্পূ সংস্কৃত মূল গ্রন্থ দিয়ে সাহায্য করেছেন।

এই গ্রন্থের অনুবাদে প্রথম উৎসাহদাতা বাবা কিশোরী কিশোরানন্দ মহারাজ। তাঁর কৃপাশীর্বাদেই এ-গুরুভার এতদিন বহন করে চলেছি। এ গ্রন্থ-প্রকাশনে তাঁর মুখে যে হাসি ফুটবে তাতেই আমার পরিশ্রমের সার্থকতা। স্বভাবউদার-নিরভিমান-পরদুঃখে কাতর-গোস্বামিগ্রন্থের প্রতি মমতাভরা হৃদয়-সজ্জন-পরমভাগবত-পণ্ডিতপ্রবর সর্বশ্রী শ্রীগোবর্ধনবাসী প্রিয়াচরণ দাস বাবাজী মহারাজ ভাগবতভূষণ ও শ্রীরাধাকুণ্ডবাসী অনন্ত দাস বাবাজী মহারাজ বৈষ্ণবদর্শনাচার্য প্রমুখ বৈষ্ণবগণ আজ বহুদিন উৎকণ্ঠার সহিত অপেক্ষা করে আছেন এই গ্রন্থের প্রকাশনের জন্য। আজ যে তাঁদের অপেক্ষার শান্তি করতে পারছি এই আমার পরম লাভ। বিশেষতঃ উপর্যুক্ত বাবাজী মহারাজদ্বয় যথাক্রমে এই গ্রন্থের একটি আশীর্বাণী ও ভূমিকা লিখে পাঠিয়ে কৃতজ্ঞতা পাশে বদ্ধ করলেন। এইগ্রন্থের প্রকাশিকা আমার ভিঁয়ান ঘরের টেষ্টার (*Taster*)—প্রধান-সহায়িকা আমাদের শ্রীশ্রীরাধাকৃষ্ণের সংসারের সমস্ত দায়দায়িত্ব নিজ কাঁধে তুলে নিয়ে আমাকে একান্তভাবে গ্রন্থ সেবার সুযোগ দেওয়াতেই এইরূপ বৃহৎ কার্যও সুসমাধার পথে আসতে পেরেছে আজ। শ্রীরাধাকৃষ্ণচন্দ্র তাঁর মঙ্গল করুন।

বৃহৎকার্য। ত্রুটি-বিচ্যুতি, ভ্রম-প্রমাদাদি হওয়ারই সম্ভাবনা। সহৃদয় সুধীগণ কৃপাপূর্বক যথাযোগ্য সংশোধন করত গ্রন্থের রসাস্বাদন করবেন—ইহাই প্রার্থনা।

শ্রীশ্রীহরিবাসর তিথি
গৌরাব্দ ৪৯৫ ২১শে পৌষ ১৩৮৮

শ্রীবৈষ্ণব দাসানুদাস
শ্রীমণীন্দ্রনাথ গুহ

* শ্রীগৌরহরি *

বিষয় সুচী

স্তবক পৃষ্ঠা

"সুস্নিগ্ধদীর্ঘঘনকুঞ্চিতকেশপাশং, মন্দভ্রমদ্ভ্রমরকাবলিভব্যভালম্ ।
সুভ্রূলতং স্বলকমুন্নতচারুনাসং, প্রেয়ং ভবিষ্যতি কদাস্য পদ্মম্ ।।

মাধুর্য্যসিন্ধুমধি যস্য ভবেন্নিপাত-,স্তৎ কেবলং মধুরিমাণমুরীকরোতি ।
উষ্ণীষ-সীমনি সহেলগতা মুরারে-,র্গোচ্ছন্দরজ্জুরপি মজ্জতি রম্যতায়াম্ ।।

রত্নোল্লসন্মকরকুণ্ডলতাণ্ডবেন, বিভ্রাজমানতমমস্য কপোলবিম্বম্ ।
তাম্বূলগন্ধিরদনচ্ছদবন্ধুজীবৈ-,র্ধন্যাঃ পরং প্রমুদিতাঃ পরিপূজয়ন্তি ।।

শ্রীবৎসকৌস্তুভ-রমাবনমালিকানাং লক্ষ্মীভরেণ পরয়াপি চ হারভাসা ।
বিভ্রাজমানপরিণাহমমুষ্য বক্ষঃ, কা নাম বামনয়নেচ্ছতি ন প্রবেষ্টুম ॥",

* শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ *

শ্রীমন্মহাকবি-শ্রীল-কবিকর্ণপুর-গোস্বামি-প্রভুপাদ-বিরচিতা

শ্রীশ্রীমদানন্দবৃন্দাবনচম্পূঃ

প্রথমঃ স্তবকঃ

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ

১। বন্দে কৃষ্ণপদারবিন্দযুগলং যস্মিন্ কুরঙ্গীদৃশাং
বক্ষোজ-প্রণয়ীকৃতে বিলসতি স্নিগ্ধোঽঙ্গরাগঃ স্বতঃ।
কাশ্মীরং তলশোণিমোপরিতনঃ কস্তূরিকাং নীলিমা
শ্রীখণ্ডং নখচন্দ্রকান্তি-লহরী নির্ব্যাজমাতন্বতে॥

শ্রীশ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তি-পাদ-বিরচিতা

শ্রীশ্রীসুখবর্ত্তনী

[শ্রীশ্রীমদানন্দবৃন্দাবনচম্পূ-টীকা]

প্রথমঃ স্তবকঃ

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো জয়তি

বৎসাস্বাদ্য মুহুঃ স্বয়া রসনয়া প্রাপয্য সৎকাব্যতাং, দেয়ং ভক্তজনেষু ভাবিষু সুরৈদুষ্প্রাপ্যমেতত্ত্বয়া।
ইত্যাজ্ঞাপয়তেব যেন নিদধে শ্রীকর্ণপূরাননে, বাল্যে স্বাঙ্ঘ্রিদলামৃতং গতিরসৌ চৈতন্যচন্দ্রোঽস্তু নঃ॥১॥

শ্রীশ্রীসুখবর্তনী-অনুবর্তী মূলানুবাদ

মঙ্গলাচরণঃ

১। শ্রীকৃষ্ণপদযুগলের বন্দনা করছি যথায় হরিণনয়না ব্রজাঙ্গনাদের স্তন নিরন্তর আলিঙ্গনরূপ সখ্যতায় বদ্ধ থাকায় ওর কুঙ্কুমাদি স্নিগ্ধ অঙ্গরাগ প্রলেপ তথায় স্বাভাবিকতা প্রাপ্ত অবস্থায় প্রকাশিত হচ্ছে। শ্রীচরণযুগল-তলের অরুণিমা ব্রজাঙ্গনা-স্তনাগ্রবর্তী কুঙ্কুমকে, উপরের নীলিমা স্তনাধোমণ্ডলবর্তী মৃগমদকে, আর নখচন্দ্রকান্তি-লহরী স্তনমধ্যমণ্ডলবর্তী চন্দনকে অকপটে স্পষ্টভাবে প্রকাশ করছে।

২। শোণস্নিগ্ধাঙ্গুলি-দলকুলং জাতরাগং পরাগৈঃ
শ্রীরাধায়াঃ স্তনমুকুলয়োঃ কুঙ্কুমক্ষোদরূপৈঃ।
ভক্তশ্রদ্ধামধু নখমহঃপুঞ্জকিঞ্জল্কজালং
জঙ্ঘানালং চরণকমলং পাতু নঃ পূতনারেঃ॥

নিতান্তনৈসর্গিককৃষ্ণসার-,লীলাঢ্যমুচ্চৈঃ পদমাত্মনীনম্।
শ্রীরূপসম্মত্যানুকূলমেব, পূর্বৈঃ শ্রিতং সংশ্রয়তে সুমেধাঃ॥২॥
নন্দোৎসবাদিরাসান্তাং হোলিদোলাদিকাধিকাম্। শ্রীকৃষ্ণলীলাং জগ্রন্থ কর্ণপূরো মহাকবিঃ॥৩॥
একেন স্তবকেনাহ বৃন্দারণ্যং তদাস্পদম্। বাল্যলীলাং ততঃ ষড়্ভিঃ প্রাদুর্ভাবমুখাং হরেঃ॥৪॥
ততস্তু পঞ্চদশভির্লীলাং কৈশোরবর্তিনীম্। এবং দ্ব্যধিকয়া চম্পূর্বিংশত্যা স্তবকৈঃ কৃতা॥৫॥

১। অথ সোঽয়ং কবিমুকুটমণিরাস্বাদিত-চরণসৌরস্যঃ পুনরপি মনোমধুপরাজেন উপভুজ্যমানাপূর্ব-নব-নব-মাধুর্য-সম্পত্তিঃ শ্রীভগবচ্চরণকমলমানন্দাবেশেন বন্দমান এব তন্নির্দেশ-পরমমঙ্গল-সুধাধারা-পরম্পরয়া নির্মীয়মাণে প্রত্যূহ-তাপানুদ্‌গম-গমকেঽপি প্রবন্ধে সদাচারসম্মাননার্থমবশ্যকর্তব্যং মঙ্গলাচরণমপ্যনুষঞ্জয়তি—বন্দে ইতি। অহং কৃষ্ণপদারবিন্দ-যুগলং বন্দে, যস্মিন্ কৃষ্ণপদারবিন্দযুগলে কুরঙ্গীদৃশাং প্রস্তোষ্যমাণত্বাদ্‌ব্রজসুন্দরীণামঙ্গরাগঃ স্বতঃ স্বভাবসিদ্ধঃ সন্ বিলসতি। অত্র যস্মিন্নিতি পদং তৎপদনিরপেক্ষমেব। যথোক্তং কাব্যপ্রকাশে—(৭।১৮৮) "যচ্ছব্দস্তূত্তরবাক্যার্থগতত্বেনোপাত্তঃ সামর্থ্যাৎ পূর্ববাক্যার্থ-গতস্য তচ্ছব্দস্যোপাদানং নাপেক্ষতে; যথা—সাধু চন্দ্রমসি পুষ্করৈঃ কৃতং, মীলিতং যদভিরামতাধিকে। উদ্যতা জয়িনি কামিনীমুখে, তেন সাহসমনুষ্ঠিতং পুনঃ॥" ইতি। কীদৃশে? তাসাং বক্ষোজপ্রণয়ীকৃতে—বক্ষোজয়োঃ স্তনয়োঃ প্রণয়ঃ প্রেম আশ্লেষলক্ষণং সখ্যং বা যস্য তথাভূতীকৃতে; অর্থাত্তাভিরেবেত্যর্থঃ। যদ্বা, বক্ষোজাভ্যামেব প্রণয়ীকৃতে, প্রণয়োঽস্যাস্তীতি প্রণয়ী তথাভূতীকৃতে। তথাভাবস্য সদাতনত্বেঽপি "যেন শুক্লীকৃতা হংসাঃ শুকাশ্চ হরিতীকৃতাঃ" ইতিবদভূততদ্ভাববিবক্ষামাত্রেণৈব চ্বিপ্রত্যয়ঃ। অভূততদ্ভাবোঽত্র প্রাকট্যসময়মাত্রদৃষ্ট্যা বা। তেন তাসাং স্তনাশ্লেষেণ যদ্যপি তদীয়োঽঙ্গরাগোঽপি চরণদ্বয়ে সম্ভবতি, তথাপি ত্রৈকালিক-তৎসঙ্গসূচনার্থং স্বভাবাদেবাসৌ তিষ্ঠতীতি ভাবঃ। যদ্বা, নিরন্তরতদাশ্লেষাত্তত্তদঙ্গরাগপ্রলেপঃ পৌনঃপুন্যেনৈব স্বাভাবিকতাং গতশ্চরণকমল-তলাদেঃ শোণিমাদি-গুণোঽভূদিত্যুৎপ্রেক্ষ্যত ইতি ভাবঃ। তমেব বিবৃণোতি—তলশোণিমা চরণযুগলতলস্যারুণিমা কাশ্মীরং স্তনাগ্রমণ্ডলবর্তি-কুঙ্কুমম্। উপরিতন উপরিস্থঃ নীলীমা শ্যামতা কস্তূরিকাং স্তনাধোমণ্ডলবর্তি-মৃগমদম্; তথা নখচন্দ্রাণাং কান্তিতরঙ্গঃ শ্রীখণ্ডং স্তনমধ্যমণ্ডলবর্তি-চন্দনম্; নির্ব্যাজং যথা স্যাত্তথা তত্তদেবেদম্, ন তু শোণিমাদিকমিত্যেবমাতন্বতে বিস্তারয়ন্তি জ্ঞাপয়ন্তি তলশোণিমাদয় ইতি। কাশ্মীরস্য জাতিভেদেন হিঙ্গুলবর্ণত্বমপি প্রসিদ্ধম্; যথা—(ভা০ ১০।২৯।৩) "রমাননাভং নবকুঙ্কুমারুণম্"; (ভা০ ১০।৪৬।৪৫) "ত্বিষ্যৎকপোলারুণকুঙ্কুমাননাঃ" ইত্যস্য সংক্ষেপ-শ্রীবৈষ্ণবতোষিণ্যাং ব্যাখ্যা চ—বাহ্লীকদেশোদ্ভবকুঙ্কুমস্যারুণ্যমভিব্যক্তমিতি। অতএবামরে তৎপর্যায়ে—"রক্তসঙ্কোচ-পিশুনং ধীর-লোহিতচন্দনম্" ইতি অভিধানান্তরে চ—"কুঙ্কুমং রুধিরং রক্তমসৃগুক্তঞ্চ পীতনম্" ইতি। বর্ণভেদেন নামভেদ ইতি॥

২। বর্ণিতমেবার্থমবিতৃপ্ত্যা পুনরত্যন্ত-সর্বোৎকৃষ্টতমত্বপ্রতিপাদকাংশবিশেষমাবিষ্কৃত্য বর্ণয়ংস্তথাভূত এব তত্র স্বা-ভীষ্টবস্তুপ্রার্থনয়া ব্যঞ্জয়তি—শোণেতি। পূতনারেঃ শ্রীকৃষ্ণস্য চরণকমলং নোঽস্মান্ পাতু, স্বসম্বাহনাদি-দানেন রক্ষতু,

---

২। অরুণ-স্নিগ্ধ অঙ্গুলিদলে শোভিত, শ্রীরাধার স্তনমুকুলদ্বয়ের কুঙ্কুমচূর্ণরূপ পরাগের দ্বারা অনুরঞ্জিত, ভক্তশ্রদ্ধারূপ মধুতে পূর্ণ, নখজ্যোতিরূপ কেশর রাজিতে উজ্জ্বল, জঙ্ঘারূপ নাল সমন্বিত পূতনারি শ্রীকৃষ্ণের চরণকমল আমাদের পালন করুন।

৩। মাধুর্য্যৈর্মধুভিঃ সুগন্ধি ভজন স্বর্ণাম্বুজানাং বনং
কারুণ্যামৃতনির্ঝরৈরুপচিতঃ সৎপ্রেমহেমাচলঃ।
ভক্তাম্ভোধরধোরণী-বিজয়িনী নিষ্কম্পশম্পাবলি-
র্দেবো নঃ কুলদৈবতং বিজয়তাং চৈতন্যকৃষ্ণো হরিঃ॥

সেবায়াং নিয়োজনার্থং রক্ষতু। পূতনারেরিত্যেতৎ প্রতিবন্ধকদুরিতকূটদমনে তৎকৃপৈব গতিরিতি ভাবঃ। কীদৃশম্? শোণাঃ স্নিগ্ধা অঙ্গুলয় এব দলকুলং যত্র তৎ; শ্রীরাধায়াঃ স্তনাবেব মুকুলৌ, তয়োঃ কুঙ্কুমচূর্ণরূপৈঃ পরাগৈরেব তদাশ্লেষলব্ধৈর্জাতরাগম্, অন্যস্য পরাগৈরন্যস্য রাগবত্ত্বেত্যাশ্চর্যম্। পুনঃ কিম্ভূতম্? ভক্তানাং শ্রদ্ধৈব মধু যত্র তৎ। সত্যামেব শ্রদ্ধায়াং তন্মাধুর্যানুভবাৎ শ্রদ্ধৈব মধ্বিত্যুপচারেণোচ্যতে—সাতত্যেন তদাধিক্যে প্রবর্ত্তনার্থম্। সা চ ভক্তানামেব সম্ভবেত্তথাপি ভক্তপদোপাদানাক্রচ্যুত্তরকালভবা বিশিষ্টৈরাসক্তিরূপা জ্ঞেয়া। শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ—(১।৩।১২) "শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি" ইত্যত্র 'শ্রদ্ধা'-পদস্য তথা ব্যাখ্যানান্ন তু প্রাথমিক্যেব সামান্যভূতা, তদানীং মাধুর্যানুভবযোগ্যতানুপপত্তেরিতি। জঙ্ঘে এব নালে যস্য তৎ॥

৩। তদেবং তচ্চরণারবিন্দমাধুরী-বর্ণনেনাত্মনস্তৎসেবৈকলালসত্বমভিব্যজ্য পুনস্তমেব কলিযুগাবির্ভাবিত-গৌরস্বরূপং স্বলোচন-সাক্ষাদনুভূতচর-সৌন্দর্য-মাধুর্যং ভগবন্তং শ্রীকৃষ্ণচৈতন্যদেবং বর্ণয়তি—মাধুর্যৈরিতি। চৈতন্যনামা কৃষ্ণশ্চৈতন্যকৃষ্ণঃ; শাকপার্থিবাদিঃ;—প্রেম্ণা ভক্তচেতোহরণাৎ, স্বমাধুর্যেণ স্বপর্যন্ত-বৈকুণ্ঠনাথাদি-সর্বচেতোহরণাদ্বা হরিঃ; বিজয়তাম্—বিশেষেণ স্বাংশেভ্যোঽপি পরমোৎকর্ষমাবিষ্করোতু। কীদৃশঃ? ভজনানি নববিধানি শ্রবণ-কীর্ত্তনাদীন্যেব স্বর্ণাম্বুজানি বিরল-প্রচারত্বাদ্ভক্ত-সরোবরাবির্ভাবিত্বাচ্চ তেষাং বনং তদ্রূপঃ। অনেন শ্রবণাদিসাধনভক্তিময়স্বরূপত্বং গৌরাকৃতিত্বং ভক্তমনোমধুকরামোদকত্বঞ্চোক্তম্। কীদৃশং বনম্? মাধুর্যৈর্মধুভিঃ সুগন্ধি। অম্বুজপক্ষে—মাধুর্যৈরেব মধুভিরিতি মধুনামপাত্র বৈলক্ষণ্যম্। ভজনপক্ষে—সাধনদশায়ামপি তেষাং শ্রবণাদীনাং কেবলরাগপ্রবর্ত্যমানত্বেন ঐশ্বর্যজ্ঞাননিরপেক্ষতয়া তত্তদদ্ভুতলীলাদিনিষ্ঠানাং যানি মাধুর্যাণি রোচকত্বলক্ষণানি, তান্যেব মাদকত্বান্মধূনি তৈঃ সুগন্ধি সুগর্বযুক্তম্, শ্রীবৈকুণ্ঠনাথাদি-বিষয়েভ্যো ভজনেভ্যোঽপ্যাত্মপরমোৎকর্ষাবিষ্কারাৎ, কিং পুনর্জ্ঞানযোগাদিভ্য ইতি;—"গন্ধো গন্ধক আমোদে লেশে সম্বন্ধিগর্বয়োঃ" ইতি বিশ্বঃ। অনেন স্বমাধুর্যামোদিত-নিখিলভুবনত্বমুক্তম্। পুনঃ কীদৃশঃ? সতাং শোভমানানাং প্রেম্ণাং মহারাশিরূপত্বাৎ হেমাচলঃ কনকগিরির্মেরুঃ। তত্র সতামিতি জাত্যা, হেমাচল ইতি প্রমাণেন চ প্রেম্ণামন্যপ্রেমত উৎকর্ষঃ সূচিতঃ। অনেন পূর্বোক্ততাদৃশ-শ্রবণাদি-সাধনভক্তি-জনিত-সাধ্যপ্রেমভক্তিময়স্বরূপত্বমপ্যুক্তম্। তথাভূতাচলঃ কীদৃশঃ? ভজনপ্রবৃত্তিকারণানি কারুণ্যান্যেবামৃতানি তন্ময়ৈর্নির্ঝরৈরুপচিতঃ। বাস্তবী কারুণ্যশক্তিঃ প্রেমভক্তিনিষ্ঠৈব তদাধারেষুদয়মানা প্রতীয়তে,—প্রেমাংশং বিনা তস্যাস্তত্রানুদয়দর্শনাৎ। তথা হ্যক্তং ভক্তিরসামৃতসিন্ধৌ জাতরতিভক্তনিরূপণে—(ভ০ র০ সি০ ২।১।২৭৬) "উৎপন্নরতয়ঃ সম্যক্" ইত্যাদিনা সাধকভক্তস্য জাতরতিত্বমুদাহৃতঞ্চৈকাদশস্কন্ধবচনম্—(ভা০ ১১।২।৪৬) "প্রেম-মৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ" ইতি। ন সাধকভক্তেঽপি তাদৃশকৃপাদি সম্ভবতীতি। অনেন স্বকৃপামৃতধারাস্নপিতজগজ্জীবকত্বমুক্তম্। অথোৎপন্নপ্রেমৈকভগবৎসাক্ষাৎ-স্বরূপপ্রকাশচমৎকারেণ স্বাধারমলঙ্করোতীতি দ্যোতয়ন্ বিশিনষ্টি—নিষ্কম্পানাং স্থিরাণাং শম্পানাং বিদ্যুতামাবলিঃ শ্রেণী তদ্রূপঃ। সা কীদৃশী? ভক্তা এবাম্ভোধরাঃ প্রেমামৃতবর্ষণশীলত্বাত্তেষাং ধোরণী শ্রেণী তত্রৈব বিজয়িনী পরমোৎকর্ষেণ

৩। মাধুর্যমধুদ্বারা সৌরভান্বিত, ভজনের স্বর্ণকমলবনস্বরূপ, কারুণ্যামৃত নির্ঝরের দ্বারা সমৃদ্ধিমান, সৎপ্রেমসুমেরু পর্বত সদৃশ, ভক্তমেঘশ্রেণীতে বিজয়িনী বিদ্যুৎমালাস্বরূপ আমাদের কুলদেবতা চৈতন্যকৃষ্ণহরি সর্বোৎকর্ষের সহিত বিরাজমান হউন।

৪। নমস্যামোঽস্যৈব প্রিয়পরিজনান্ বৎসলহৃদঃ, প্রভোরদ্বৈতাদীনপি জগদঘৌঘক্ষয়কৃতঃ।
সমানপ্রেমাণঃ সমগুণগণাস্তুল্যকরুণাঃ স্বরূপাদ্যা যেঽমী সরসমধুরাস্তানপি নুমঃ॥

৫। গুরুং নঃ শ্রীনাথাভিধমবনিদেবান্বয়বিধুং, নুমো ভূষারত্নং ভুব ইব বিভোরস্য দয়িতম্।
যদাস্যাদুন্মীলন্নিরবকরবৃন্দাবনরহঃ-,কথাস্বাদং লব্ধা জগতি ন জনঃ কাপি রমতে॥

স্থায়িনী। অনেন প্রেমভক্তিমজ্জনমাত্রলভ্যসাক্ষাৎস্বরূপপ্রকাশত্বমুক্তম্। তদেবং তদীয়-শুদ্ধসত্ত্ববিশেষস্বরূপত্বমেব প্রথমং ভক্তেষু শ্রবণ-কীর্তনাদিরূপেণ তিষ্ঠতি, তদেব দৃঢ়াভ্যাসেনাসক্ত্যা অনশ্বরস্বরূপমেব প্রেমরূপতামাপদ্যতে। তৎপ্রেমৈব সপরিকর-ভগবৎসাক্ষাৎস্বরূপ-প্রকাশানুভব-চমৎকারতাং প্রাপ্নোতীতি বৈষ্ণবসিদ্ধান্তোঽপি ধ্বনিত ইতি॥

৪। বৎসলহৃদঃ—অর্থান্মাদৃশেষু সর্বেষু। যেঽমী স্বরূপাদ্যাঃ—শ্রীদামোদরস্বরূপ-শ্রীরামানন্দরায়-শ্রীরূপ-শ্রীসনাতনাদ্যাঃ। কীদৃশাঃ? অস্য প্রভোরেব সমানপ্রেমাণঃ; যদ্বা, পরস্পরমেব সমানান্তারতম্যেন মাদৃশৈর্লক্ষয়িতুমশক্যঃ প্রেমা যেষাং তে; তানপি নুমঃ স্তুমঃ। অপিকারাৎ অদ্বৈতাদীনপি নুমঃ। তানপি নমস্যাম ইত্যুভয়ত্রৈবোভয়ং যোজনীয়ম্। প্রভোরদ্বৈতাদীন্ প্রভোঃ স্বরূপাদ্যা ইতি শ্লেষভঙ্গ্যা তচ্ছক্তিময়া-এব ত ইতি বোধিতম্॥

৫। অবনিদেবা বিপ্রাস্তদ্বংশে বিধুং চন্দ্রম্, তেন বিপ্রান্বয়স্য সমুদ্রত্বমুক্তম্। ভুবঃ পৃথিব্যা ভূষারত্নমিব (রঘুবংশে ১।৩) "উদ্বাহুরিব বামনঃ" ইতি, (শ্রীগীতগোবিন্দে ১২।২) "ক্ষণমুপকুরু শয়নোপরি মামিব নূপুরমনুগতিশূরম্" ইতি, (সাহিত্যদর্পণে ৪।১২) "একাবয়বসংস্থেন ভূষণেনেব কামিনী" ইত্যাদিপ্রয়োগদর্শনাৎ "ইবেন সহ নিত্যসমাস-বচনবিভক্ত্য-লোপঃ ইত্যস্য প্রায়িকত্বপ্রতিপাদনাদ্ব্যস্তপ্রয়োগোঽয়ং নানুপপন্ন ইতি। চন্দ্রোঽপি শিবমূর্তের্ভূষারত্নং ভবতি। অস্য বিভোঃ শ্রীচৈতন্যদেবস্য, যদাস্যাদ্যন্মুখাৎ উন্মীলন্ত্যা নিরবকরায়া নির্দোষায়া বৃন্দাবনস্য রহঃসম্বন্ধিকথায়া আস্বাদং লব্ধা, তস্য বিধুত্ব তন্মুখোদ্‌গীর্ণত্বেন কথায়া অমৃতত্বমিতি ভাবঃ। কাপি জগতি ভোগ্যস্থানে ন রমতে নাসক্তো ভবতি, বৃন্দাবন এব শীঘ্রমাগচ্ছতীতি ভাবঃ, ইতি স্বস্য বৃন্দাবনবাসে হেতুরপি দর্শিতঃ। অত্র যদ্যপি শ্রীগুরুবন্দনানন্তরমেব দেবতাবন্দনং শ্রীসূতাদিষু দর্শনাৎ সদাচারপ্রাপ্তম্, তথাপি শ্রীশুকাদৌ বিপর্যয়েণাপি দর্শনাদবিরুদ্ধমেবেদম্। কিংবা, বস্তুতো দীক্ষা-গুরুরপ্যস্য শ্রীভগবানেব শ্রীচৈতন্যঃ, তদাজ্ঞাপারবশ্যেনৈব গুর্বন্তরাশ্রয়ণম্। তথা হি কথা শ্রীচৈতন্যচরিতামৃতে—(অন্ত্য০ ১২।৪৫—৫০, ১৬।৬৬—৭৪) একদা মহাপ্রভুর্দ্বিত্রপ্রিয়সহচরসঙ্গী স্বপার্ষদপ্রবরস্যৈতৎ-পিতুঃ শ্রীশিবানন্দসেনস্য রথযাত্রা-

---

৪। (শ্রীচৈতন্যমহাপ্রভুর পরিকরবর্গকে প্রণাম করতে গিয়ে কবিবর বলছেন—) শ্রীমন্ মহাপ্রভুর প্রিয় পরিজন, মাদৃশ সর্বজনের উপর বৎসল চিত্ত, সমস্ত জগতের কলুষ কালিমা নাশক প্রভু অদ্বৈতাচার্য প্রমুখকে প্রণাম করছি; আর শ্রীস্বরূপদামোদর শ্রীরায়রামানন্দ, শ্রীরূপ-সনাতনাদিকেও আমি প্রণাম করছি; এঁরা সবাই মহাপ্রভুর সমান প্রেমী, সমান গুণশালী, তুল্য করুণাশালী, মহাপ্রভুর মতই সরস ও মধুর এঁরা।

৫। (স্বীয় শ্রীগুরুদেবের বন্দনা করতে গিয়ে কবিবর বলছেন :—)

আমার শ্রীগুরুদেবকে প্রণাম করছি—যাঁর নাম শ্রীনাথ—যিনি ব্রাহ্মণবংশরূপ সমুদ্রকে উল্লসিত করতে চন্দ্রসম—যিনি পৃথিবীর ভূষারত্নের মত এবং এই মহাপ্রভুর অতি প্রিয়পাত্র—আর যে একবার এঁর মুখবিগলিত নির্মল বৃন্দাবন-রহকথার আস্বাদন লাভ করেছেন তিনি আর এই জগতের কোন ভোগ্যস্থানে আসক্ত হন না। (এ কথার ধ্বনি হচ্ছে—তিনি বৃন্দাবনেই শীঘ্র চলে আসেন, এর দ্বারা নিজেরও শ্রীবৃন্দাবন-বাসের হেতু দর্শিত হল।)

৬। গতে স্বস্বাভীষ্টং পদমহহ চৈতন্যভগবৎ-,পরীবারে পশ্চাদ্গতবতি চ যস্মিন্নিজপদম্।
বিলুপ্তা বৈদগ্ধী-প্রণয়রসরীতির্বিগলিতা, নিরালম্বো জাতঃ সুকবি-কবিতায়াঃ পরিমলঃ ॥

৭। তব স্তবং কিং করবাণি বাণি, প্রাণী ন বক্তুং ক্ষমতে ত্বদীহাম্।
যতঃ সুবদ্ধৈব তনোষি মানং, তমন্যথা সন্তমপি ক্ষিণোষি ॥

দর্শনচ্ছলেন স্বচরণান্তিকমাগতস্তাবাসমাগতস্তেন চ সসম্ভ্রমং বন্দিতচরণকমলস্তত্র চ বাল্যবিলাসং প্রপঞ্চয়ন্তং পঞ্চষড়্বর্ষবয়সং (শ্রীমৎপরমানন্দপুরীপাদপ্রসাদাৎ পুরুষোত্তমক্ষেত্রজাতত্বাৎ পুরীদাসনামানমেতং) পিত্রা কারিতবন্দনমালোক্য "সাধুস্তবায়ং পুত্রো জাতঃ" ইত্যভিনন্দ্য কৃপয়ৈতচ্ছিরসি চরণং দিধীর্ষুর্বাল্যাবেশেন মুখং ব্যাদত্তবন্তমেনং কৌতুকেন চরণাঙ্গুষ্ঠমাস্বাদয়ামাস, দিব্যকাব্যকর্তৃত্বশক্তিমপালক্ষিতং সঞ্চারয়ামাস. বদ বদ কৃষ্ণ কৃষ্ণেত্যুবাচ চ। ততোঽসৌ শিশুরুৎফুল্লমুখো ব্রূহি ব্রূহীতি পিত্রাদিভিঃ প্রযুজ্যমানোঽপি যদি নাজগাদ, প্রভুরপি বিস্ময়মভিনীয় "বিশ্বমেব কৃষ্ণনাম গ্রাহয়িতুমহমশকম্, ন পুনরেনমেকমেব" ইত্যুবাচ। তদা শ্রীস্বরূপগোস্বামিভিরুক্তম্—"ভগবতা স্বয়মেব স্বনামমহামন্ত্রমুপদিষ্টোঽস্মি, কথং পুনস্তমুচ্চৈরুচ্চারয়ামি' ইত্যেবমস্য গম্ভীরহৃদয়ঃনুমীয়তে" ইতি। পরেদ্যবি "বৎস! বদ কিঞ্চিৎ" ইত্যুক্ত এব প্রভুণা শীঘ্রং পদ্যমেকং ববন্ধ—(আর্যাশতকে ১) "শ্রবসোঃ কুবলয়মক্ষ্ণো-,রঞ্জনমুরসো মহেন্দ্রমণিদাম। বৃন্দাবনতরুণীনাং, মণ্ডনমখিলং হরির্জয়তি॥" ততঃ সন্তুষ্টেন ভগবতা কবিকর্ণপুর ইতি নাম তদ্দিনমারভ্য কৃতবতা তদভীষ্টমন্ত্ররাজমপি হৃদৈব স্বয়মুপদিশ্যাপি লোকরীতিখ্যাপনায় সময়ে শ্রীনাথপণ্ডিতদ্বারাপি পুনরসাবুপদিদিশ ইতি ॥

৬। প্রারিপ্সিতে কাব্যে বর্ণয়িতব্যস্য রসস্য প্রেম্ণশ্চ সামস্ত্যেনাস্বাদকানদৃষ্ট্বা খিন্নাহ—নিজপদং প্রপঞ্চাগোচরং নিজধাম, প্রকাশবিশেষমিত্যর্থঃ। তদানীং তৎপরীবারাণাং কিয়তাং প্রাকট্যেঽপি তচ্ছোকব্যাকুলত্বেন বৈদগ্ধ্যাগ্যনাবিষ্কারেণ তদন্তিক-গমনোন্মুখত্বেন চ গত ইত্যুক্তম্, ভাবিকালদৃষ্ট্যা বা। পরিমলশ্চর্বণা-বিশেষ-বিমর্দোত্থ আস্বাদচমৎকাররূপ-মনোহর-গন্ধঃ;—"বিমর্দোত্থে পরিমলো গন্ধে জনমনোহরে" ইত্যমরঃ। তেন কবিতায়াঃ পুষ্পমঞ্জরীত্বারোপেণাস্বাদনীয়-রসত্বং ধ্বনিতম্। নিরালম্বস্তদাস্বাদক-তাদৃশরসিকভক্তমধুপানাং বিরলপ্রচারত্বাদিতি ভাবঃ ॥

৭। শ্রীভগবৎপ্রসাদজনিত-বৈচিত্রীকাং স্ববাণীং সংবোধয়ংস্তয়া শ্রীভগবন্তমেব স্তোতুং প্রতিজানীতে—তবেতি। সুষ্ঠু বদ্ধৈব সতী মানমাদরং তনোষি, অন্যথা ন সুষ্ঠু বদ্ধা সতী বর্তমানমপি তং মানং ক্ষিণোষি নাশয়সি। যেন দৃঢ়ং বধ্যাসে, তস্যৈব মানং বিস্তারয়সীতি বিচিত্রা তব চেষ্টা ইত্যর্থঃ। অতঃ কিমিতি স্তবং করবাণি, সুষ্ঠু বধ্নাম্যেবেতি ভাবঃ ॥

বিজ্ঞপ্তি ঃ

৬। (প্রস্তুত কাব্যে বর্ণিত রস ও প্রেম সাকল্যে আস্বাদন করবার লোকের অভাব দেখে দুঃখিত হয়ে কবিবর বলছেন—) শ্রীচৈতন্যভগবানের পরিকরগণ নিজ নিজ অভীষ্টস্থানে চলে গেলে এবং তিনি নিজেও প্রপঞ্চাগোচর নিজধামে চলে গেলে রসগ্রাহী শ্রোতার অভাব বশতঃ কাব্যবৈদগ্ধী বিলুপ্ত হয়ে গিয়েছে, প্রণয়রসরীতি বিগলিত হয়ে গিয়েছে, সুকবির কবিতা-পরিমল নিরাশ্রয় হয়ে গিয়েছে ॥

৭। (শ্রীমন্ মহাপ্রভুর প্রসাদজনিত বিচিত্র স্ববাণীর সংবোধন করতে গিয়ে তাঁর দ্বারা শ্রীভগবানেরই স্তুতি করছেন কবিবর—) হে মাতঃ বাণী আপনার স্তুতি আমি কি দিয়ে করব—আপনার বিচিত্র লীলা কোনও প্রাণীই বর্ণন করতে সমর্থ নয়, কারণ কাব্য অলঙ্কারগুণাদিরজ্জুর দৃঢ় বন্ধনে বদ্ধ হলেই বন্ধনকারীর মান আপনি বাড়িয়ে তোলেন, আর বন্ধন আলগা হলে কবির প্রস্তুত মানও আপনি নাশ করে দেন। (আপনার এ ব্যবহার বিচিত্র—এর আর স্তব কি করব—সুষ্ঠু বন্ধনে বেঁধেই ফেলি।)

৮। মাতর্বাণি তবানিশং করুণয়া লব্ধপ্রমোদা বয়ং
কিং নু ত্বাং স্তুমহে ত্বয়ৈব যজতাং তোয়েন কস্তোয়ধিম্।
এতৎ প্রত্যুপকুর্মহে ভগবতঃ কৃষ্ণস্য লীলামৃত-
স্রোতস্যেব নিমজ্জয়ামি ভবতীং নোত্থেয়মস্মাৎ পুনঃ॥

৯। আত্মনঃ প্রিয়তয়া তনুভাজাং, নাত্মনঃ কৃতিষু দূষণদৃষ্টিঃ।
সর্বতস্তিমিরমস্যতি দীপো, নাত্মমূলতিমিরং বিনিহন্তি॥

৮। ননু প্রণয়রসনয়া হৃদি বদ্ধোঽপি ভক্তৈর্ভগবান্ স্তূয়ত এবেত্যতঃ স্তবে কো দোষঃ? তত্রাহ—তব করুণয়া লব্ধঃ প্রমোদো যৈস্তে বয়ং কিং নু ভোঃ! ত্বয়ৈব বাণ্যৈব ত্বাং বাণীং স্তুমহে। জলেনৈব জলধিং জলাশয়ং কঃ পূজয়তু, স্তবনসাধনস্যান্যস্যাভাবান্ন স্তুমহে ইত্যর্থঃ। ত্বৎকর্তৃকানন্দদানস্য এতদেব প্রত্যুপকরণং কুর্মহে। কৃষ্ণস্যৈব লীলামৃত-স্রোতস্যেব নিমজ্জয়াম্যেবেত্যর্থসৌন্দর্যাদেবকারস্ত্রিধৈব যোজনীয়ঃ। অস্মাদমৃতস্রোতসো ভবত্যা পুনর্নোত্থাতব্যমিতি;—"স্রোতোঽম্বুবেগেন্দ্রিয়য়োঃ" ইতি বিশ্বঃ॥

৯। ননু পূর্বপূর্ব-মহাকবিকৃত-কাব্যেষ্বপ্যর্বাচীনৈর্মম্মটভট্টাদিভির্দোষোত্থাপনাৎ কাব্যনির্মাণে কোঽয়মাগ্রহঃ? সত্যম্, যে বিদ্বাংসঃ পরকৃতে কাব্যে দোষান্ বিচিন্বন্তি, তৎকৃতেঽপ্যন্যে তথেত্যনবস্থিতিরেবেত্যর্থান্তরন্যাসেনাহ—তনুভাজামাত্মনঃ প্রিয়তয়া হেতুনা আত্মা হি প্রিয়ো ভবতীত্যত আত্মনঃ কৃতিষু দূষণদৃষ্টির্ন স্যাৎ, কিন্তু সা পরকৃতিষ্বেব স্যাদিত্যর্থঃ। যথা দীপো দীপান্তর-তিমিরমস্যতি দূরীকরোতি, ন আত্মমূলতিমিরং দীপমূলস্থমন্ধকারম্; দীপান্তরেণ তস্যাপি নাশঃ সম্ভবতীতি ভাবঃ॥

৮। (হে কবি শোন, প্রণয়রজ্জুতে হৃদয়ে বদ্ধ হয়েও ভক্তের দ্বারা ভগবান স্তুতই হয়ে থাকেন, স্তবে আর দোষ কি? এর উত্তরে বলা হচ্ছে—)

হে মাতঃ বাণি, আপনার সদা উচ্ছলিত করুণাতেই আমরা আনন্দ লাভ করছি—আপনারই বাণী দ্বারা বাণীরূপা আপনাকে কি পূজা করবো—জলেরই দ্বারা জলনিধির পূজা কে করে—আপনার করুণাজাত আনন্দের প্রত্যুপকার হিসাবে ভগবান্ শ্রীকৃষ্ণের লীলামৃতস্রোতে নিমজ্জিত করে দিচ্ছি আপনাকে—হে দেবী, এখান থেকে যেন আর উঠবেন না।

৯। (ওহে কবিবর পূর্ব পূর্ব মহাকবিকৃত কাব্যে নবীন কবি মম্মট ভট্টাদি দোষ উত্থাপন করে, কাজেই কাব্য নির্মাণে এই আগ্রহের কি প্রয়োজন—এর উত্তরে বলা হচ্ছে—)

সত্য, যে বিদ্বান্ পরকৃত কাব্যে দোষ খুঁজে বেড়ায়, তার কাব্যেও আবার অন্যে দোষ খুঁজে বেড়ায়—এতে মনে করার কিছু নাই—এই কথাকে অর্থান্তর-ন্যাস অলঙ্কারের দ্বারা বুঝাতে গিয়ে কবিবর বলছেন—)

প্রাণী মাত্রেরই নিজের আত্মাই প্রিয় হয়ে থাকে—সেই জন্য স্বকৃতকর্মে দোষদৃষ্টি হয় না—দীপ চতুর্দিকের অন্ধকার নাশ করে কিন্তু তার নিজের নিম্নস্থ অন্ধকার নাশ করে না।

১০। নির্ম্মলেঽপি সুজনাঃ স্বচরিত্রে, দোষমেব পুরতঃ প্রথয়ন্তে।
উজ্জ্বলেঽপি সতি ধাম্নি পুরস্তাদ্-,ধূমমেব বমতি স্ফুটমগ্নিঃ ॥

১১। অর্থাদি-পর্যাকলনং বিনাপি, প্রহ্লাদয়ন্তে সুকবের্ব্বচাংসি।
বিনাবগাহাদপি দৃষ্টিমাত্রা-,ন্মনঃ পুনন্ত্যেব হি পুণ্যনদ্যঃ ॥

১২। তাবৎ পদানি জায়ন্তে নির্দ্দোষাণি পৃথক্ পৃথক্।
যাবৎ স্বরসনাসূচ্যা তানি গ্রথ্নাতি নো কবিঃ ॥

১৩। নির্ম্মলয়সি ভুবনতলং, সততাক্ষিপ্তেন পরমলেন।
খলরসনে সম্মার্জনি, তদপি চ ভীতির্ভবৎস্পর্শে ॥

১০। সাধূনাং কবীনাং পুনরন্য এব স্বভাব ইত্যাহ—পুরতঃ প্রথমেব, প্রথয়ন্তে খ্যাপয়ন্তি, পর্যালোচয়ন্তীত্যর্থঃ। স্বচরিত্রে স্বক্রিয়ায়াম্, ন তু পরকৃতে। ধাম্নি স্বীয়তেজসি নির্মলেঽপি সতি ॥

১১। ধ্বনি-গুণালঙ্কারাদ্যবগাহন-সমর্থ এব জনে কাব্যমিদং সফলীভবিষ্যতি, নান্যত্রেতি চেদত আহ—অর্থাদীতি। অর্থাদীনামর্থশব্দগুণালঙ্কাররসানাং পর্যালোচনং বিনাপি। মনঃ পুনন্তি, কিং পুনর্দেহেন্দ্রিয়াদীন্। পুণ্যনদ্যঃ শ্রীগঙ্গাদ্যাঃ ॥

১২। ননু পরকরিষ্যমাণং দোষাসঞ্জনং কিমিতি প্রথমং স্বয়মেবোরীকুরুষে, নির্দোষৈরেব পদৈঃ কিমিতি ন নিবধ্নাসি? তত্রাহ—তাবদিতি। মিলিতানি কৃত্বা রসনাসূচ্যা গ্রন্থনে নির্দোষীকরণমতিদুষ্করমেবেতি ভাবঃ। তেন সহৃদয়হৃদয়বিক্ষেপকা রসাপকর্ষকা দোষা এব হেয়াঃ, কেচিদ্যমকানুপ্রাসাদ্যনুরোধেনোপাদেয়া অপি সর্বথা নির্দোষস্য কাব্যস্যৈকান্তমসম্ভাবাদিতি প্রাচীনৈরপ্যুক্তমিতি ॥

১৩। গুণালঙ্কাররসোৎকর্ষেঽপি কেবলং দোষমেব যে গৃহ্ণন্তি, তে পরকীর্তিলোপচিকীর্ষবঃ খলা দূরে পরিহার্যা ইত্যাহ—নির্মলয়সীতি। হে খলজিহ্বে! সম্মার্জনি! স্বর্ণমণিময়স্থলেঽপি কথঞ্চিদলক্ষিতমকিঞ্চিৎকরং সূক্ষ্মতৃণশর্করাদি-

---

১০। (সাধু কবিদের স্বভাব কিন্তু অন্য প্রকার—তাই বলা হচ্ছে—)

নিজ কর্ম নির্মল হলেও সুজনগণ প্রথমে দোষই প্রচার করে থাকেন—নিজ তেজে উজ্জ্বল হলেও অগ্নি প্রথমে ধূমই উদ্গিরণ করে থাকে।

১১। (ধ্বনি-গুণালঙ্কারাদিতে অবগাহন-সমর্থ-জনেতেই এই কাব্য সফলতা প্রাপ্ত হয়, অন্যত্র নহে—এই রূপ যদি বলা যায় তার উত্তরে বলা হচ্ছে, 'অর্থাদীতি'—)

অর্থ-শব্দ-গুণ-অলঙ্কার এবং রসের আলোচনা বিনাই সুকবির বাক্য চিত্তকে অত্যন্ত আনন্দিত করে তোলে যেমন গঙ্গাদি পুণ্য নদী বিনা-অবগাহনেই দৃষ্টিমাত্র মনকে নিশ্চয়ই পবিত্র করে থাকে।

১২। (পরের দোষ নিজের উপর প্রথমেই কেন আরোপ করছেন—নির্দোষ পদের দ্বারা কেন-না কাব্য-রচনার কাজে লেগে যাচ্ছেন—এর উত্তরে বলা হচ্ছে—)

শব্দ যতক্ষণ পৃথক পৃথক থাকে, কবির রসনাসূচে গ্রথিত না হয় ততক্ষণই নির্দোষ থাকে ॥

১৩। (গুণালঙ্কার-রসোৎকর্ষ সম্পন্ন কাব্যেও যে ব্যক্তি কেবল দোষই দর্শন করে সেই পরকীর্তি-লোপ-চেষ্টিত খলকে দূরে পরিহার করাই উচিত—এই আশয়ে বলা হচ্ছে—)

হে খলজিহ্বে, সম্মার্জনী, যদিও সতত পরনিক্ষিপ্ত মলে অপরিষ্কৃত স্থান তুমি পরিষ্কার করে থাক

১৪। ন লবোঽপি লবেন চ ব্যথায়াঃ, পরিবৃদ্ধৌ বিদুনোতি যস্য সর্ব্বঃ।
ন খলো নখলোমতো মতোঽন্য-,স্তমবদ্ধাঃ কিল কে ন সংত্যজেয়ুঃ ॥

১৫। আনন্দবৃন্দাবন-নামধেয়াং চম্পূমিমাং কৃষ্ণচরিত্রচিত্রাম্।
মনোবিনোদায় রসগ্রহাণাং, চক্রে স্ব-মোদায় চ কর্ণপূরঃ ॥

১৬। যথা তথা স্যুঃ কুসুমানি মালা, চিত্রায়তে গুম্ফন-কৌশলেন।
তত্রাপি চেত্তানি সুসৌরভাণি, ভবন্তি রম্যাণি তদা পুনঃ কিম্ ॥

খণ্ডরূপং মলমেব গ্রহীতুং তত্র পবিত্রে স্থানে নিজস্পর্শাদপাবিত্র্যমপি কর্তুং প্রবিশতীতি ভাবঃ ॥

১৪। যস্য লবেন ছেদেন ব্যথায়া লবোঽপি লেশোঽপি ন ভবতি, যস্য পরিবৃদ্ধৌ সত্যাং সর্বো জনো বিদুনোতি, বিশেষেণোপতপ্তো ভবতি; দুনোতিরয়মকর্মকোঽপ্যস্তি;—(৩।৩) "দেহি সুন্দরি! দর্শনং মম মন্মথেন দুনোমি" ইত্যাদি শ্রীগীতগোবিন্দাদিদৃষ্টত্বাৎ। তথাভূতান্নখলোমতঃ খলোঽন্যো ন মতঃ, ন জ্ঞাতঃ। যে নখা যানি লোমানি চ ছেদয়িতুমিষ্টানি, তৎস্বরূপ এব খলোঽনুভূতস্তাদ্ধর্ম্যাদিত্যর্থঃ। তমেতাদৃশমবদ্ধাঃ স্বতন্ত্রাঃ কিল নিশ্চিতং কে ন সংত্যজেয়ুঃ? যে বদ্ধাস্তৎপারবশ্যবন্ধনে পতিতাস্ত এব ন ত্যজেয়ুরিতি। নখলোমান্যপি কারাগারস্থা এব ন ত্যজেয়ুরিত্যনেনাপি সাধর্মম্,—তমিত্যস্য পুংস্ত্বনির্দেশো দার্ষ্টান্তিকপক্ষস্যৈব প্রাধান্যাৎ। পূর্বত্র তনুভাক্‌শব্দোক্তানাং বিদুষাং পরকৃতকাব্যদোষোদ্ধৃত্যা তন্নিষ্ঠরসালঙ্কার-গুণাদি-প্রকাশকত্বেন চ ঘটপটাদিনিষ্ঠতিমিরমাত্রহারকতত্তদ্রূপাদিপ্রকাশকদীপেন সাধর্ম্যম্। খলানাং পুনঃ সতোঽপি গুণালঙ্কারাদীনাচ্ছাদ্য কাব্যলোপচিকীর্ষয়া কেবলদোষাসঞ্জনমেব কুর্বতাং মুখপাণ্যাদিসৌন্দর্যাচ্ছাদক-দেহ-শোষক-নখলোম-সাধর্ম্যমিতি বিবেকঃ। আত্মন ইত্যাদিদ্বয়ং সামান্যত এব সাধূনামুত্তমত্ব-তারতম্যজ্ঞাপকম্। তথা নির্মলয়সীত্যাদিদ্বয়ং খলানামধমত্ব-তারতম্যজ্ঞাপকমিত্যেবং পদ্যচতুষ্টয়ং মধ্যপদ্যদ্বয়ানুরোধেন কাব্যপ্রকরণ এব ব্যাখ্যাতমিতি ॥

১৫। ইমাং চম্পূং "গদ্যপদ্যময়ী যা সা চম্পূরিত্যভিধীয়তে" ইত্যাদ্যুক্তলক্ষণাম্. আনন্দানাং বৃন্দমবতি পালয়তি তথাভূতং নামধেয়ং যস্যাস্তাম্। শ্লেষেণ—আনন্দরূপং বৃন্দাবনং বৃন্দাবন-সম্বন্ধিকৃষ্ণচরিত্রঞ্চ বর্ণনীয়ত্বেন বর্ততে যত্র তন্নামধেয়ং যস্যাস্তাম্। শ্লেষেণ—কর্ণপূর ইতি রসগ্রহাণাং কর্ণাবানন্দেন পূরয়তীতি কবিকর্ণপূর ইতি নাম্নো ভগবতা কৃতত্বাৎ স্বকথনদোষসহনেনাপি তন্নির্দেশঃ। তত্রাপ্যতিলজ্জয়া কবি-শব্দাপ্রয়োগঃ ॥

১৬। সুসৌরভাণি—দশমস্কন্ধ-সম্বন্ধি-কৃষ্ণচরিত্ররূপত্বেন রম্যাণি.—তত্রাপি বৃন্দাবনীয়ত্বেন সর্বচিত্তাকর্ষকত্বাৎ ॥

তথাপি তোমার স্পর্শে ভয় হয়।

১৪। যার ছেদনে ব্যথার লেশমাত্র হয় না, যার বৃদ্ধিতে সর্বজনের বিশেষ দুঃখ হয় সেই নখ ও লোম থেকে খলকে ভিন্ন করে জানা যায় না। পিঞ্জরাবদ্ধ নয় অর্থাৎ মুক্ত এমন কোন্ ব্যক্তি আছে যে এতাদৃশ খলকে সম্যক্‌রূপে ত্যাগ না করে।

১৫। রসগ্রাহী জনের মনোবিনোদের জন্য এবং নিজের আনন্দের জন্য 'কর্ণপূর' নামা আমি কৃষ্ণচরিত্রে চিত্রিত আনন্দবৃন্দাবনচম্পূ নামে এই চম্পূ রচনা করলাম।

১৬। পুষ্প যেমনই হোক না কেন গুম্ফন-কৌশলের মালা বিচিত্র সুন্দর হয়—এর উপর যদি আবার ঐ পুষ্প সুগন্ধযুক্ত এবং মনোরম হয় তবে আর বলবার কি আছে। (শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধোক্ত শ্রীকৃষ্ণ চরিত্র এই কাব্যের বিষয় বলে এ সুগন্ধযুক্ত আর সর্বচিত্তাকর্ষক বলে রমণীয়।)

১৭। অস্তি সকলবৈকুণ্ঠসারমপি ন বৈ কুণ্ঠসারম্, বপ্রভূতেষ্বপি নবপ্রভূতেষু চিন্মহঃসু সমুৎপন্নম্, অকৃতকমপি কৃত-কম্, প্রকৃতিসিদ্ধমপি অপ্রকৃতিসিদ্ধম্, অতএব নিত্যভূতমপি অ-নিত্যভূতম্, সু-রসার্থ-বহুলমপি সুর-সার্থ-দুর্লভম্; বি-পল্লবৈরপি বিপল্লবস্যাপ্যপদৈঃ, অপ্রসবৈরপি সুপ্রসবৈঃ, লীলায়তনৈরপি অলীলা-যতনৈঃ শাখিভিরাকীর্ণম্; মন্দারবহুলমপি অমন্দারম্, বকুলৈরপি নব-কুলৈঃ, তমালৈরপি নত-

---

১৭। বর্ণনীয়ানাং শ্রীকৃষ্ণবিলাস-মহারত্নানাং খনিভূতত্বাৎ প্রথমং সপরিকরং বৃন্দাবনং বর্ণয়তি। অত্র দীর্ঘদীর্ঘেষু গদ্যেষু সুখবোধার্থং বাক্যমধ্যেঽপাঙ্কা দেয়াঃ। অতিহ্রস্বেষু তেষু বহুবাক্যান্তেঽপি ক্বাপি টীকাভাবাদপীত্যেবমত্র নাস্তি নিয়ম ইতি। বৃন্দাবনং নাম বনমস্তি, বর্তমানপ্রয়োগোঽস্য নিত্যত্ববোধকঃ; সকলেভ্যো বৈকুণ্ঠেভ্যঃ সারং শ্রেষ্ঠমপি ন বৈ কুণ্ঠসারং ন বৈ নিশ্চিতং কুণ্ঠঃ সারো বলং যস্য তৎ। সতাপি মহতা পরমৈশ্বর্যেণ ন কুণ্ঠীভূতং মহামাধুর্যরূপং বল-মস্যেত্যর্থঃ। এবমাদিষু শব্দমাত্রেণৈব বিরোধাদ্বিরোধাভাস ইতি। বপ্রভূতেষু কেদাররূপেষু চিন্মহঃসু সম্যগুৎপন্নমিতি প্রতীতিমাত্রত্ব-জ্ঞাপনায়, বস্তুতস্তু অনাদিসিদ্ধমেব; 'পুংনপুংসকয়োর্বপ্রঃ কেদারঃ ক্ষেত্রম্" ইত্যমরঃ। চিন্মহসামপি জাতি-পরিণামাভ্যামুৎকর্ষমাহ—নবানি নিত্যনবনবোল্লাসমানানি চ,—অনুরাগবিবর্তময়ত্বাৎ, প্রভূতানি প্রচুরতমানি চ, পরিপূর্ণতমত্বাৎ, তেষু। অকৃতকমকৃত্রিমম্ কৃতকং কৃতং কং সুখং যেন তৎ, প্রকৃত্যা স্বভাবেন স্বরূপশক্ত্যৈব সিদ্ধম্, ন চ প্রকৃত্যা মায়াশক্ত্যা সিদ্ধম্; অকারো বিষ্ণুস্তস্য নিত্যরূপাণি ভূতানি প্রাণিনঃ পৃথিব্যাদীনি বা যত্র তৎ; "যুক্তে ক্ষ্মাদাবৃতে ভূতং প্রাণ্যতীতে সমে ত্রিষু" ইত্যমরঃ। শোভনা রসা আস্বাদা যেষাং তথাভূতৈরর্থৈঃ ফলাদিবস্তুভিঃ শৃঙ্গারাদিরসৈর্বা বহুলম্। সুরাণাং দেবানাং সার্থৈঃ সমূহৈর্দুর্লভম্; "সজ্যসার্থৌ তু জন্তুভিঃ" ইত্যমরঃ। শাখিভির্বৃক্ষৈরাকীর্ণং ব্যাপ্তম্। কীদৃশৈঃ? বিশিষ্টাঃ পল্লবা যেষাং তৈঃ, বিপদাং লবস্য লেশস্যাপ্যপদৈঃ, ন বিদ্যতে প্রসবো জন্ম যেষাং তৈঃ, নিত্য-সিদ্ধত্বাৎ, শোভনাঃ প্রসবাঃ পুষ্পফলাদয়ো যেষাং তৈঃ, "প্রসবস্তু ফলে পুষ্পে বৃক্ষাণাম্" ইতি বিশ্বঃ। লীলানামায়ত-

---

শ্রীবৃন্দাবন ঃ

৩৫। চাতুর্বর্ণ্যে চতুর্ষু বর্ণেষু ব্রাহ্মণাদিষু উপযুক্তঃ কর্তুং যোগ্যঃ, স্বার্থে ষ্যঞ্ প্রত্যয়ঃ; পক্ষে, চত্বারো বর্ণাঃ শুক্লাদয়ো যস্য তস্য ভাবশ্চাতুর্বর্ণ্যং তত্রোপযুক্তঃ। তদেব বিবৃণোতি—স্বভাবত ইত্যাদিনা। বিগ্রহং দেহম্; কীদৃশম্?

স্বস্তিবাচন করে দিলেন, যদিও সমস্ত অমঙ্গলের মঙ্গলস্বরূপ শুভদ এরা দুভাই—তবুও লোকরীতি অনুসারে তাঁদের অনর্থ দূর করবার জন্য নানাপ্রকার ব্যুৎপত্তিগত অর্থ বিশ্লেষণে নামকরণের ইচ্ছুক হয়ে পুনরায় বললেন—

৩৪। এই যে রোহিণীদেবীর কোলে যাঁকে দেখছেন ইনি দেবপুত্রের মতো উত্তম বলশালী, বলে দীপ্ত তাই নাম হ'ল বল; প্রতিযোদ্ধাদের সহিত দেবনাতে অর্থাৎ মল্লক্রীড়াতে ইনি 'বল' প্রকাশ করে থাকেন তাই নাম হ'ল বলদেব; (মল্লযুদ্ধে পরাজিত এই বালককে নর্মসখাগণ ঠাট্টা করে বলেন 'হে দেব, তুমি বল প্রকাশ কর') নর্মসখাদের এই হাস্য-পরিহাসোচিত সম্বোধন থেকে নাম হ'ল বলদেব; ইনি মহাপুরুষ, জীবের পাপ আকর্ষণ করেন তাই সমুচিত নাম হ'ল সঙ্কর্ষণ; সকলের মনোভিরাম বলে রাম নামে ইনি প্রসিদ্ধ হবেন; বলদীপ্ত ভাবে রমণ অর্থাৎ বিহার করেন বলে ইনি বলরাম।

৩৫। আর এই যে আপনার পুত্র—ইনি ভগবদ্‌ভক্তিযোগ যেমন 'চাতুর্বর্ণ্যোপযুক্তঃ' ব্রাহ্মণাদি চতুর্বর্ণেরই উপযুক্ত সাধন তেমনই 'চাতুর্বর্ণ্যোপযুক্তঃ' অর্থাৎ শুক্ল-রক্ত-কৃষ্ণ-পীত এই চার বর্ণ

সবর্ণস্ত্রেতায়াস্ত্রেতায়ামপি, দ্বাপরেঽদ্বাপরেণ শ্যাম এব, মূর্ত্ত ইব কলৌ কলৌ পীত ইতি। ক-ঋ-ষ-ণাভিঃ পঞ্চভির্বর্ণৈঃ সমবেতস্য 'কৃষ্ণ' ইতি নাম্নঃ চতুর্ভিরেব বর্ণৈশ্চতুর্যুগবর্ণান্ দধাতি, বর্ণানামাদিভূতেনাকারেণ স্বয়মাদিভূতো নীলেন্দ্রমণিসাবর্ণ্যং দধৎ কৃষ্ণ ইত্যাখ্যাং ভজতে। কর্ষতি ভজতামঘং কর্ষত্যনুরক্তানাং মনাংসীতি চ কৃষ্ণঃ, কৃষিঃ সত্তার্থঃ, ণ আনন্দার্থঃ, তেন চ সত্তানন্দরূপতয়া চ কৃষ্ণ ইতি মুখ্যং নাম।

করুণায়াঃ কৃপায়াশ্ছবিং কান্তিং গৃহ্ণাতীতি তম, পূর্ণকৃপায়াস্তু তত্তদংশিনি শ্রীকৃষ্ণ এব সম্যক্ সম্ভবাদিতি ভাবঃ। ধর্ম্মাণাং তপঃশৌচাদীনামবিকৃতং বিকারাভাবো যত্র তস্মিন্, পরিপূর্ণধর্মময়ে সত্যাখ্যে যুগে ইত্যর্থঃ। ত্রেতায়া অগ্নিত্রয়স্ত তুল্যবর্ণো রক্ত ইত্যর্থঃ; "দক্ষিণাগ্নির্গার্হপত্যাহবনীয়ৌ ত্রয়োঽগ্নয়ঃ; অগ্নিত্রয়মিদং ত্রেতা" ইত্যমরঃ। অদ্বাপরেণ অসন্দেহেন, অস্মিন্ দ্বাপরযুগে তস্য শ্যামস্তাস্মিন্ কৃষ্ণ এব ঐক্যমাপ্তত্বাদয়মেব সঃ, ইত্যেবমভিন্নতালক্ষণেন; "সন্দেহ-দ্বাপরৌ চ" ইত্যমরঃ। কলৌ কলহে মূর্তিযুক্ত ইব পীত ইতি এতদব্যবহিতে আগামিনি কলাবেবেতি জ্ঞেয়ম্, ন তু সর্বত্র। প্রতিসত্যাদি-শুক্লাদীনামিব প্রতিকলিযুগম্—(১।২১৫) "কথ্যতে বর্ণ-নামভ্যাং শুক্লঃ সত্যযুগে হরিঃ। রক্তঃ শ্যামঃ ক্রমাৎ কৃষ্ণস্ত্রেতায়াং দ্বাপরে কলৌ॥" ইত্যনেন (সংক্ষেপ-) শ্রীভাগবতামৃতে কৃষ্ণবর্ণস্যৈব যুগবতারত্বেন নিরূপিতত্বাৎ; তথৈবাত্রাপি পঞ্চদশে স্তবকে 'কলৌ কৃষ্ণঃ' ইতি বক্ষ্যমাণত্বাৎ। অত্র পীত ইত্যুক্তিঃ (ভা০ ১০।৮।১৩) "শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ" ইতি মূলানুসারানুরোধেনৈব। মূলে চৈকাদশস্কন্ধে (ভা০ ১১।৫।৩১,৩২) "নানা-তন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু", "কৃষ্ণবর্ণস্যৈব নিরূপয়িষ্যমাণত্বেঽপি দশমস্কন্ধে "তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ" ইত্যুক্তিরিদানীন্তনে কলৌ পীতবর্ণ ইতি বিজিজ্ঞাপয়িষয়ৈব। কিঞ্চ, "আসন্" ইতি ভূতকালানুরোধেনাপাততঃ সুঘটে ব্যাখ্যান্তরে ক্রিয়মাণে দ্বাপরযুগাবতারস্য পীতত্বে (ভা০ ১১।৫।২৭) "দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ" ইত্যনেন বিরোধঃ স্যাৎ। ন চ তত্রস্থ-শ্যামপদস্যার্থান্তরং কল্প্যমিতি বাচ্যম্, 'পীতবাসা' ইত্যনেন শ্যামত্বস্যৈব সুষ্ঠু নির্দ্ধারিত-ত্বাৎ, শ্যামস্যৈব পীতবসনৌচিত্যাৎ। ততশ্চায়মর্থঃ।—যত্ত্বদোর্নিত্যসম্বন্ধাদ্যথেদানীং দ্বাপরান্তে কৃষ্ণতাং গতঃ স্বয়-ময়মবতারী, তথা তেনৈব প্রকারেণ স্বয়মবতারিত্বেনেত্যর্থঃ। ইদানীং কলিযুগাদিভাগে পীত ইতি কঞ্চিৎ স্থূলকালমব-লম্ব্য ইদানীমিতিপদার্থ উভয়াত্রাপ্যন্বেতীতি। নন্বু তর্হি অধুনা সাক্ষাৎ ক্রিয়মাণেঽস্য কৃষ্ণবর্ণ ইদানীন্তন এব, কিংবা

গ্রহণেরই উপযুক্ত পাত্র, ইনি স্বভাবতঃ ইন্দ্রনীলমণিসম নীল বলে প্রসিদ্ধ থাকলেও প্রতিযুগে আংশিক কৃপানুরূপ কান্তিতে উজ্জ্বল দেহ ধারণ করতে করতে শুক্লাদি অনেক বর্ণতা প্রকাশ করেন—যথা, ধর্মের অবিকৃত অবস্থাতে সত্যযুগে শুক্লবর্ণ, ত্রেতাযুগে রক্তবর্ণ, এই দ্বাপর যুগে নিঃসন্দেহে শ্যামবর্ণ, মূর্তিমান কলহযুগ কলিতে পীতবর্ণ। (যুগবতার শ্যামবিগ্রহের সর্বাবতারাবতারী কৃষ্ণেতে ঐক্যপ্রাপ্তিহেতু কৃষ্ণই শ্যাম এইরূপ অভিন্নতা লক্ষণের জন্য এখানে কৃষ্ণ না বলে শ্যাম বলা হল।) 'ক-ঋ-ষ-ণ-অ' এই পঞ্চবর্ণ মিলিত হয়ে 'কৃষ্ণ' নামটি নিষ্পন্ন হ'ল, এই নামের প্রথম চতুরক্ষর 'ক-ঋ-ষ-ণ' দ্বারা ক্রমে চতুর্যুগের শুক্ল-রক্ত-শ্যাম-পীত বর্ণ ধারণ করেন, আর সমস্ত অক্ষরের আদি অক্ষর 'অ' কারের দ্বারা সর্বাবতারাবতারী স্বয়ং ভগবান ইন্দ্রনীলমণিবৎ কৃষ্ণবর্ণ ধারণ করে 'কৃষ্ণ' এই নাম অঙ্গীকার করেন। ইনি ভজনকারীর পাপ-অপরাধ দূর করে দেন, নিজের অনুরাগী ভক্তজনের মনকে আকর্ষণ করেন তাই এঁর নাম হ'ল 'কৃষ্ণ'—'কৃষি' শব্দ সত্তা-বাচক 'ণ' শব্দ আনন্দ-বাচক—সত্তা এবং আনন্দস্বরূপ হওয়ার দরুণ

কদাচিদয়ং বসুদেবাদপি জাতোঽজাতো বিমুক্তাদিতি বাসুদেবোঽপি লোকৈরুদ্ঘুষ্যতে।—(ভা০ ১০।৮।১৯) "নারায়ণসমো গুণৈঃ" ইত্যুক্তে সরস্বতী তমেবার্থমাত্মগতং ব্যাখ্যাতি স্ম—নারায়ণশ্চাস্য গুণৈরেব সমঃ, ন ত্বংশিত্বেনাপ্যভেদোপচারতো নারায়ণমপ্যেনং বদিষ্যন্তি' ইতি॥

পূর্বমপ্যাসীদেব? তস্যৈব প্রাকট্যমধুনেতি তত্র ন কেবলং কৃষ্ণবর্ণ এব পূর্বমাসীৎ, কিন্তু অন্যেঽপি বর্ণা আসন্নেব ইত্যাহ—আসন্নিতি। অস্যযুগং তনুগৃহ্ণতোঽস্য অস্যক্তোঽপ্যন্যঃ শুক্লো রক্তস্তথা উক্তঃ পীতঃ, এবং ত্রয়োঽপি বর্ণা যথাসম্ভবং তত্তদ্যুগে তদানীং দৃশ্যমানা অপ্যাসন্নেব, তত্তদ্যুগে পূর্বমপি স্থিতানামেব তদানীং তদানীং প্রাকট্যম্, ন তু তে তদানীমেবাপূর্বা অভবন্নিত্যর্থঃ। দ্বাপরকলিযুগাবতারয়োঃ শ্যামকৃষ্ণয়োঃ কৃষ্ণবর্ণত্বাভেদাৎ পৃথগনুক্তিঃ। এবঞ্চ বৈবস্বতমন্বন্তরগতাষ্টাবিংশচতুর্যুগীয়-দ্বাপরকলিযুগয়োঃ স্বয়মেবাবতারী কৃষ্ণঃ পীতশ্চ প্রাদুর্ভবতি। তদ্যুগদ্বয়াবতারৌ তদা তত্রৈবান্তর্ভূতৌ তিষ্ঠতঃ। তত্র পীতস্য বৈশদ্যেন কাপ্যনুক্তিরিতি, রহস্যত্বাৎ; (ভা০ ৭।৯।৩৮) "ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বম্" ইতি সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদেনাপি ছন্নত্বেনৈবোক্তত্বাৎ। তচ্ছন্নত্বং চ স্ববর্ণস্বরূপয়োরন্যস্বীয়বর্ণভাবাভ্যামাবৃতত্বেন তদানীন্তনজনৈঃ প্রায়ো দুর্লক্ষ্যত্বমেবেতি। দুর্লক্ষ্যত্বঞ্চ তত্তস্য রহস্যবস্তুজাতব্যঞ্জকতাহেতুকমেবেতি ভক্তসুধীভিরবশ্যমবগম্যম্। তত এব তৎপ্রমাপবস্য (ভা০ ১১।৫।৩১,৩২) "নানাতন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু"; "কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণম্" ইত্যাদিবচনস্য যুগাবতারপ্রকরণমধ্যপঠিতস্য তথৈব ছন্ন এবার্থোঽতিগূঢ়ত্বাদবসীয়তেঽর্থান্তরেণ। স যথা নানাকল্পৌ প্রতিকলিযুগে, অপি-কারাৎ বৈবস্বতাষ্টাবিংশচতুর্যুগীয়কলাবপি তন্ত্রবিধানে তন্ত্রাখ্যন্যায়বিধিনা 'শ্বেতো ধাবতি' ইত্যাদিবৎ একপ্রযত্নোচ্চার্যেণ একদেবার্থদ্বয়বোধকেন শব্দেনেত্যর্থঃ। শৃণ্বিতি শৃণ্বন্তমপি রাজানং প্রতি পুনঃপ্রেরণং রহস্যত্বেন তন্ত্রেণোচ্যমানমর্থং বিশিষ্যাবধাপয়িতুং পরীক্ষিতং প্রতি তু পূর্বোক্তস্য "শুক্লো রক্তস্তথা পীতঃ" ইতি পদ্যস্য তথা পীতশব্দস্মারকেণ অত্রত্য-তথাশব্দেন সঙ্কেতিতং স্পষ্টমেব তমর্থং কৃষ্ণেতি প্রতিকলিযুগপক্ষে কৃষ্ণবর্ণং কৃষ্ণবর্ণবিগ্রহম্। রুক্ষত্বং ব্যাবর্তয়তি—ত্বিষা কান্ত্যা অকৃষ্ণং ইন্দ্রনীলমণিবদুজ্জ্বলমিত্যর্থঃ। এককলিযুগপক্ষে কৃষ্ণবর্ণং কিন্তু ত্বিষা কান্ত্যাঽকৃষ্ণং পীতম্; অন্তঃকৃষ্ণং বহির্গৌরমিত্যর্থঃ। যদ্বা, কৃষ্ণং প্রসিদ্ধং কৃষ্ণাবতারং বর্ণয়তি, তদ্রূপলীলাদিমাধুর্যং সর্বত্রোপদিশতীতি তম্। সাঙ্গোপাঙ্গেত্যাদিকমুভয়পক্ষেঽপ্যপ্রচ্ছন্নত্ব-প্রচ্ছন্নত্বাভ্যাং তুল্য এবার্থ ইতি। 'জানামি বা ন জানামি স্বং পুঙ্খাম্যেব কেবলম্। শুদ্ধং লিখাম্যশুদ্ধং বা ক্ষমন্তাং সাধবোঽখিলম্॥' বর্ণৈরক্ষরৈরেব ককার-ঋকার-ষকার-ণকারৈর্বর্ণান্ ক্রমেণ শুক্ল-রক্ত-শ্যাম-পীতান্ দধাতি ধারয়তি, বর্ণ-শব্দস্য উভয়ার্থবাচিত্বাৎ। ততশ্চ ক-ঋ-ষ-ণা বর্ণা যত্র স চাসৌ অশ্চেতি বিগ্রহোঽভিপ্রেতঃ। শাকপার্থিবাদিত্বাদ্বর্ণপদলোপঃ। এবং চ বিদ্যমানসহংসেতি-

---

এঁর মুখ্য নাম হ'ল 'কৃষ্ণ'। কখনও আপনার এই পুত্র মায়াবিমুক্ত বসুদেব থেকে জাত বলে এঁকে লোকে বাসুদেব বলেও ডাক্‌বে।

ভাগবতের ১০।৮।১৯ শ্লোকে নন্দমহারাজকে বলা হয়েছে—'আপনার এই পুত্র নারায়ণসম গুণসম্পন্ন হবে'—এর উত্তরে সরস্বতী এঁর আত্মগত অর্থ বিশ্লেষণ করলেন—'নারায়ণ আর আপনার এই পুত্র বেণুমাধুর্যাদি গুণে নয়, শুধু সত্য শৌচাদি গুণের দ্বারাই সমান এবং এর দ্বারাই অভেদ আরোপিত হওয়ার দরুণ এঁকে নারায়ণ নামেও ডাকা হয়। কৃষ্ণ নারায়ণের অংশী বলে সেই কারণে অভেদ আরোপিত হয়ে কৃষ্ণকে নারায়ণ বলা হয়—এরূপ বলা যাবে না।'

৩৬। ততঃ স এবাহ,—'কিং বহুনা? অস্য মহিমা নহি মাদৃশাং বাগ্‌বিষয়ঃ। অয়ং তে সর্ব্বসৌভাগ্যফলম্, অনেন সর্ব্বমেব তরিষ্যসি দুর্গম, দুর্গন্তব্যঞ্চ মনোরথমবাপ্স্যসি। য এতস্মিন্ রতিমন্তো ভবিষ্যন্তি, তেষামপি সৌভাগ্যং সর্ব্বজ্ঞা অপি ন জ্ঞাস্যন্তি। ন চেদং কচন প্রকাশনীয়মতিরহস্যম্' ইতি সমুৎকণ্ঠাকাকুমারৌ কুমারৌ তাবঙ্কে কৃত্বা সপুলকমাত্মগতং কৃষ্ণমালোক্য—'অহো! কিমিদং

বৎ শব্দশ্লেষেণ কাদয়শ্চত্বারো বর্ণা এব বর্ণাঃ শুক্লাদয় ইতি, ততশ্চ নামনামিনোরভেদাৎ কৃষ্ণনাম্নি তেষাং বর্ণানাং সমবায়ঃ। নামিনি কৃষ্ণেঽপি তেষাং শুক্লাদীনামিদানীমন্তর্ভাব ইতি ভাবঃ। অকারেণ পঞ্চমেন আদিভূতেনেতি অকারস্য সর্ববর্ণাদিভূতত্বমেব কৃষ্ণস্য শুক্লাদ্যবতারাদিভূতত্বং জ্ঞাপয়তীতি। কিঞ্চ, অকারস্য কেবলস্যাপি বিষ্ণুবাচকত্বেনার্থবত্ত্বমিব ন তেষাং ক-ঋ-ষ-ণানাং তথাভূতত্বমতো ন তেষাং স্বয়ত্ত্বম্। অস্য তু তত্তৈরপেক্ষ্যেঽপি স্বতঃসিদ্ধেঃ স্বয়ত্ত্বমিতি। সর্বোঽপ্যয়ং বস্ত্বর্থ এব বিবৃতঃ, শ্রীনন্দং বোধয়িতুমিষ্টস্তু কোঽপ্যেবংবিধমহাপুরুষঃ শুক্লাদ্যবতারোপাসনয়া তদা তদা প্রাপ্ত-তত্তৎসারূপ্যঃ সম্প্রতি কৃষ্ণোঽভূদিত্যেতৎপ্রকারঃ প্রকট এবার্থঃ। কৃষতি দূরীকরোতি, 'কৃষ বিলেখনে' ইত্যস্মাৎ। মুখ্যমিতি "নাম্নাং মুখ্যতরং নাম কৃষ্ণাখ্যং মে পরন্তপ" ইতি প্রভাসপুরাণাৎ, সত্তানন্দয়োর্লক্ষণমন্বয়শ্চ শক্তিরূপত্বঞ্চ ধর্মরূপত্বেঽপি ধর্মিত্বমিত্যাদিকং বিস্তরভয়াদত্রানুপযোগাচ্চ শ্রীভাগবতসন্দর্ভাদৌ বক্তত্বাচ্চ ন বিবৃতমিতি। কদাচিদিতি পূর্বস্মিন্ জন্মনীতি শ্রীনন্দেন বুধ্যতে, ততশ্চ শ্রীবসুদেবস্যাপি পূর্বজন্মনি বসুদেব ইত্যেব নামাসীদিতি চ; অজাতো মায়াতঃ। নারায়ণস্য সম ইতি শ্রীনন্দং বোধয়িতুমিষ্টোঽর্থঃ। তেন চ 'অগ্নির্মাণবকঃ' ইতিবদুপচারেণ ইমং নারায়ণমপি বদিষ্যন্তি জনা ইত্যেবসীয়তে স্মেতি নারায়ণঃ সমোঽস্যেতি তু বাস্তবঃ স্বাভিপ্রেতঃ, তমেব বাস্তবমেব আত্মগতমনন্তবোধং গুণৈরেব (ভা০ ১।১৬।২৭) "সত্যং শৌচং দয়া ক্ষান্তিস্ত্যাগঃ সন্তোষঃ" ইত্যাদিভিঃ প্রথমস্কন্ধোক্তৈরেব ন ত্বসাধারণৈর্বেণুমাধুর্যরাসবিলাসাদিভির্মহাগুণৈরপীতি। ন ত্বংশিত্বেনাপ্যভেদোপচারতো নারায়ণমপ্যেনং বদিষ্যন্তীতি, তেন গুণৈরেবাভেদোপচারতো নারায়ণমপ্যেনং বদিষ্যন্তীত্যর্থ আয়াতি। অত্র চ নায়ায়ণমিত্যনুবাদপদম্, এনমিতি বিধেয়পদম্, নারায়ণমিতি বিশ্বস্থিত্যাদিকর্তৃত্বেন প্রসিদ্ধমপি, কিংবা কৃষ্ণাংশাংশভাগরূপমপি এনং শ্রীকৃষ্ণং বদিষ্যন্তীতি, ততশ্চ সত্য-দয়া-ক্ষমাদীন্ মোক্ষদায়িত্বাদীংশ্চ গুণান্ মূলভূতত্বেন কৃষ্ণনিষ্ঠান্ পর্যালোচ্য নারায়ণে চ তাদৃশত্বেনৈব স্থিতান্ বিমৃশ্য মাণবকেঽগ্নিপদমিব নারায়ণেঽপি কৃষ্ণপদং প্রযোক্ষ্যন্তীত্যর্থঃ। তেনাভেদোপচারোঽপ্যত্র গৌণ এবেতি ভাবঃ, ন ত্বংশিত্বেনাপ্যভেদোপচারত ইতি কৃষ্ণস্য তদংশিত্বসম্ভবেঽপি কৃষ্ণাংশাংশরূপত্বাত্তস্য মুখ্যং কৃষ্ণাংশত্বং নাস্তীত্যংশাংশি-সম্বন্ধেন মুখ্য উপচারো ন সম্ভবেদিতি সরস্বত্যা অভিপ্রায়ঃ। কৃষ্ণে নারায়ণাদি-শব্দপ্রয়োগস্তু নারায়ণাদীনামবতারাণাং কৃষ্ণেঽন্তর্ভাবাদিতি॥

৩৬। ততঃ স এবাহেতি—বক্ষ্যমাণবাক্যস্য সরস্বতীকর্তৃকত্বনিরাসার্থম্, ন জ্ঞাস্যন্তীতি এতাবত্ত্বনিশ্চয়েনেত্যর্থঃ।

৩৬। অতঃপর গর্গমুনি বললেন—'আর বেশী বলার প্রয়োজন কি? এঁর মহিমা মাদৃশ জনের বাগ্‌বিষয় হতে পারে না,—হে নন্দ মহারাজ, এ বালক আপনার সর্বসৌভাগ্যফল, এঁর দ্বারা সকল দুর্গতি থেকে আপনি উদ্ধার পাবেন, চিন্তার অতীত মনোভিলাষ আপনার পূরণ হয়ে যাবে, এঁর শ্রীচরণে যে রতিমন্ত হবে তাঁরও এমন সৌভাগ্যোদয় হবে যা সর্বজ্ঞব্যক্তিরও জ্ঞানাতীত, এই অতিরহস্যকথা কোথাও প্রকাশ করবেন না।' এইরূপ বলে সমুৎকণ্ঠাকাকু নিরসনকারী ঐ দুই কুমারকে কোলে নিয়ে সপুলকে আত্মগতভাবে কৃষ্ণকে অবলোকন করে বলতে লাগলেন—'অহো, এই তেজের কি

মহস ঔজ্জ্বল্যম্—

ইন্দীবরেন্দ্রমণিবারিধরাঞ্জনাদ্যৈঃ, কিং ভৌতিকৈরিদমভৌতিকমস্য তেজঃ।
ঔপম্যমেতু যদতীন্দ্রিয়মেতদেকে, ব্রহ্মেতি যন্মণিমণিদ্যুতিবদ্‌গৃণন্তি॥

৩৭। ইতি সাদরাদরাভিলাষমালিঙ্গ্য ক্ষণমপি তু পিতুরঙ্কং লম্ভয়িত্বা জিগমিষুরভিবাদিতো বাদিতোঽপি শুভাশিষং কুমারৌ প্রতি ব্রজপতিনা অনুযাতশ্চ কিয়দ্দূরং স মুনির্যথাগতং নিরগাৎ॥

৩৮। অথ ক্রমত উপরমৎপ্রায়ে জানুচংক্রমণে স্তনপানে চ চরণকমলাভ্যামেব শনৈঃ শনৈর্বিহরতা হরতা চ নবনীতং ক্রিয়মাণে চ বাল্যলীলাকৌতুকে কৌ তু কেন প্রকারেণ ন জনিত আনন্দঃ পরমানন্দকন্দেন তেন॥

৩৯। একদা— শূন্যে চোরয়তঃ স্বয়ং নিজগৃহে হৈয়ঙ্গবীনং মণি-
স্তম্ভে স্বপ্রতিবিম্বমীক্ষিতবতস্তেনৈব সার্দ্ধং ভিয়া।

সর্বজ্ঞা অপীতি "ন হি খপুষ্পাজ্ঞানং সার্বজ্ঞ্যং নিহন্তি" ইতি ন্যায়াৎ। 'অঙ্কে কৃত্বা' ইত্যত্র হেতুঃ সমুৎকণ্ঠয়া যঃ কাকুস্থস্য মারৌ নিরাসকৌ আহেতি পূর্বেণৈবান্বয়ঃ। যদ্ যস্মাদতীন্দ্রিয়ং যদেতত্তেজঃ, একে মুখ্যবাদিনো ব্রহ্মেতি নিগৃণন্তি, এতত্তেজসো ব্রহ্ম ন ভিন্নমিত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—মণীতি, মণিস্থানীয়ঃ কৃষ্ণঃ, মণিদ্যুতিস্থানীয়ং ব্রহ্মেতি। অত্র প্রমাণম্—(গী০ ১৪।২৭) "ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহম্" ইত্যাদিগীতাদি-বাক্যানি॥

৩৭। সাদরং চ তৎ অদরাভিলাষমনল্পাভিলাষং চেতি তদ্ যথা স্যাদেবমালিঙ্গ্য, "ঈষদর্থে দরাব্যয়ম্" ইতি বিশ্ব; বাদিতোঽপীতি শুভাশীর্বাদং কারিত ইত্যর্থঃ। 'জ্যোতির্বিদোবচস্তস্য গর্গস্য মুখনিঃসৃতম্। চিত্তভিত্তৌ লিখংশ্চিন্তাং হিত্বা নন্দো ননন্দ সঃ॥'

৩৮। কৌ তু পৃথিব্যান্তু; তেনৈব স্বপ্রতিবিম্বেনৈব॥

ঔজ্জ্বল্য—নীলকমল-ইন্দ্রনীলমণি-মেঘ-অঞ্জনাদি প্রাকৃত বস্তুর সহিত অপ্রাকৃত এঁর তেজের কি উপমা দিব—কারণ ইন্দ্রিয়াতীত এই তেজকে কোনও পণ্ডিত ব্রহ্ম বলে থাকেন (এই তেজ ও ব্রহ্ম ভিন্ন নয়)—এ-বিষয়ে দৃষ্টান্ত—মণিস্থানীয় কৃষ্ণ, আর মণির দ্যুতি স্থানীয় ব্রহ্ম।

৩৭। এইরূপে গর্গমুনি ক্ষণকাল সাদরে অত্যন্ত অভিলাষের সহিত কানাই বলাইকে আলিঙ্গন করবার পর পিতার কোলে দিয়ে চলে যেতে ইচ্ছা করলেন, বিদায়কালে শ্রীনন্দমহারাজ মুনিকে বন্দনা করলেন, মুনিকে দিয়ে কুমারদ্বয়কে শুভাশীর্বাদ করালেন, এবং পরে মুনির পিছে পিছে কিছুদূর পর্যন্ত চললেন ;—মুনি যেমন স্বেচ্ছায় এসেছিলেন তেমনই স্বেচ্ছায়ই চলে গেলেন।

ননীচুরি ঃ

৩৮। অতঃপর ক্রমে ক্রমে হামাগুড়ি ও স্তনপান লীলার প্রায় উপরম হয়ে এলে ধীরে ধীরে হেটে চলে খেলা করে বেড়াতে থাকলে, ননীচুরি করতে থাকলে বাল্যলীলাকৌতুকে পরমানন্দকন্দ বালকৃষ্ণ কোন্ প্রকারে-না পৃথিবীর আনন্দ জন্মাচ্ছিল।

৩৯। একদা নিজেদের শূন্য ঘরে যখন স্বয়ং ননীচুরি করছিল তখন মণিস্তম্ভে নিজ প্রতিবিম্ব

ভ্রাতর্মা বদ মাতরং মম সমো ভাগস্তবাপীহিতো
ভুঙ্‌ক্ষেত্যালপতো হরেঃ কলবচো মাত্রা রহঃ শ্রূয়তে ॥২২॥

৪০। কৌতুকেনোপসন্নায়াঞ্চ তস্যাং সপ্রতিভং স্বপ্রতিবিম্বমুদ্দিশ্য তামুবাচ—

মাতঃ ক এষ নবনীতমিদং ত্বদীয়ং, লোভেন চোরয়িতুমদ্য গৃহং প্রবিষ্টঃ।
মদ্বারণং ন মনুতে ময়ি রোষভাজি, রোষং তনোতি ন হি মে নবনীতলোভঃ ॥'

৪১। অন্যেদ্যুরহি কার্য্যান্তরগতায়াং জনন্যাং তথৈব নবনীতং চোরয়তি সতি দৈবাদাগতয়া তয়া তমনালোচ্য সমাজুহুবে ॥

৪২। 'কৃষ্ণ ক্বাসি করোষি কিং পিতরিতি শ্রুত্বৈব মাতুর্বচঃ
সাশঙ্কং নবনীতচৌর্য্যবিধিতো বিশ্রম্য তামব্রবীৎ।
মাতঃ কঙ্কণপদ্মরাগমহসা পাণির্মমাতপ্যতে
তেনায়ং নবনীতভাণ্ডবিবরে বিন্যস্য নির্বাপিতঃ ॥'

৪০। মাতরিতি, ত্বমপি লোভেন চোরয়িতুং গৃহং প্রবিষ্ট ইতি চেত্তত্রাহ—ন হি মে ইত্যাদি, অহং ত্বেতদ্‌-বারণার্থমেব প্রবিষ্ট ইতি ভাবঃ ॥

৪১। সমাজুহুবে ইতি ভাবসাধনমেব,—কর্মণোঽবিবক্ষিতত্বাৎ ॥

৪২। পিতরিতি বাৎসল্যেন সম্বোধনম্‌, পদ্মরাগমহসেতি, তস্য বহ্নিতেজঃ সারূপ্যদৃষ্ট্যা তাদৃশত্বং জ্ঞাপয়তি, তেন বয়ঃসমুচিতং স্বমৌগ্ধ্যঞ্চ মাতরমনুভাবয়তি, অয়ং পাণিঃ ॥

দেখে তাঁর সঙ্গে ভয়ে ভয়ে এ-রূপ কথা বলছিলো—'ভাই, মাকে আমার এই কর্মের কথা বলে দিও না, তোমার সঙ্গে আমার সমান সমান ভাগতো আছেই, এই নাও খাও,—হরির এ-রূপ মৃদুমধুর আলাপ গোপনে থেকে মা শুনলেন।

৪০। মজা দেখবার জন্য মা নিকটে এলে উজ্জ্বল স্বপ্রতিবিম্বকে লক্ষ্য করে বালহরি মাকে বললো—

'মা, ঐ দেখ এ কে, লোভবশতঃ তোমার এ-ননী চুরি করবার জন্য আজ ঘরে প্রবেশ করেছে, আমার বারণ মানছে না, আমি রাগ করলে আমার উপর উল্টে আরও রাগ করছে,—আমার কিন্তু ননীতে কোনও লোভ নাই।'

৪১। আবার অন্য একদিন মা কার্যান্তরে গেলে ঐরূপ ননী চুরি করতে থাকলে দৈবাৎ মা এসে পড়ে তাকে না দেখে ডাকতে থাকলেন—

৪২। কৃষ্ণ কৈ হে, বাপধন তুমি কি করছো, মায়ের গলা শুনামাত্রই ভয়ে ননীচুরি থেকে বিরত হয়ে একটু থম্‌কে গিয়ে বললো—মাগো, কঙ্কণপদ্মরাগের তেজে আমার হাত জ্বলে যাচ্ছে, তাই আমি ননীভাণ্ডমধ্যে হাত ডুবিয়ে ঐ-তাপ জুড়াচ্ছি।

৪৩। তদাকর্ণ্য কর্ণরম্যং জননী চ—'এহি বৎস! এহি' ইতি তমঙ্কমাদায় 'পশ্যামি বৎস! তে পাণিং কীদৃক্ তপ্তঃ' ইতি পাণিং প্রসারয়তস্তস্য পাণিমালোক্য চুম্বয়িত্বা 'অহহ! সত্যমেব তপ্তোঽয়ং পাণিস্তদিতঃ পদ্মরাগা দূরীকর্ত্তব্যাঃ' ইতি বদন্তী লালয়মাস॥

৪৪। অপরেদ্যুরপি—

ক্ষুণ্ণাভ্যাং করকুড্মলেন বিগলদ্বাষ্পাম্বুদৃগ্ভ্যাং রুদন্
হুং হুং হুমিতি রুদ্ধকণ্ঠকুহরাদস্পষ্টবাগ্বিভ্রমঃ।
মাত্রাসৌ নবনীতচৌর্য্যকুতুকে প্রাগ্ভর্ৎসিতঃ স্বাঞ্চলে-
নামৃজ্যাস্য মুখং তবৈতদখিলং বৎসেতি কণ্ঠে কৃতঃ॥

৪৫। অথ কদাচন পূর্ণচন্দ্রিকাধৌতে নিজমণিময়াঙ্গনে ব্রজপুরপুরন্ধ্রীভিঃ সহ কৃতগোষ্ঠ্যাং মাতরি তত্রৈব খেলন্ কৃষ্ণচন্দ্রশ্চন্দ্রমবলোকয়ামাস। ততশ্চ—

পশ্চাদেত্য হৃতাবগুণ্ঠনপটে বেণীং করাভ্যাং মৃদু-
স্নিগ্ধাভ্যাং লুলিতাং বিধায় জননীপৃষ্ঠং তুদত্যাত্মজে।
দেহীত্যস্ফুটগদ্গদং বিরুবতি স্নেহার্দ্রচিত্তা পরং
পার্শ্বস্থালিজনেষু লোচনযুগং ব্যাপারয়ামাস সা॥

৪৩। সত্যমেব তপ্তোঽয়ং পাণিরিতি তন্মৌগ্ধ্যানুমোদনং পুনরপি তথাবিধবাল্যচাপলেঽবকাশং বর্দ্ধয়িতুম্॥

৪৪। ক্ষুণ্ণাভ্যাং মর্দিতাভ্যাং করকুড্মলেনেতি জাতাবেকত্বম্, কুড্মলীভূতপাণিভ্যামিত্যর্থঃ। বিগলদ্বাষ্পাম্বু যথা স্যাত্তথা। রোদনে হেতুঃ—মাত্রেত্যাদি। অস্য কৃষ্ণস্যাখিলং তবেতি তেন স্ববস্তুগ্রহণে চৌর্যং ন ভবতি, ময়া

৪৩। কর্ণরসায়ণ এই কথা শুনে মা—'এস বাবা এস' বলে তাঁকে কোলে তুলে নিয়ে বললেন—'দেখি বাবা, তোমার হাত কতটা তেপেছে'—এ-কথায় হাত বাড়িয়ে দিয়েছে দেখে তা'তে চুমু খেয়ে—'অহো সত্যই তো হাত তেপে উঠেছে—অতএব এখান থেকে পদ্মরাগমণি দূর করে ছুঁড়ে ফেলে দেওয়াই কর্তব্য'—এই বলতে বলতে আদর করতে লাগলেন।

৪৪। অপর একদিন—

একটু আগে নবনীতচৌর্যকৌতুকে মা বালকৃষ্ণকে ধমকিয়েছেন, সে কমলকলিকাসম কোমল নয়ন দুটি রগড়িয়ে রগড়িয়ে কাঁদছিলো—নয়নজলের ধারা বয়ে যাচ্ছিল—রুদ্ধকণ্ঠবিবর থেকে 'হু-হু-হু' এইরূপ অস্ফুট শব্দ স্ফুরিত হচ্ছিল—মা আর থাকতে পারলেন না, নিজের বস্ত্রাঞ্চলে মুখ মুছিয়ে দিয়ে 'বাপধন, এই যে মাখন-ছানা, এ-সবই তো তোমার' এ-বলে গলায় জড়িয়ে নিলেন।

চাঁদধরণে আবদার ঃ

৪৫। অতঃপর কোনও একদিন পূর্ণচন্দ্রিকাধৌত নিজমণিময় অঙ্গনে যখন মা যশোদা ব্রজপুরস্ত্রীগণের সঙ্গে ইষ্টগোষ্ঠী করছিলেন তখন সেখানেই খেলতে খেলতে কৃষ্ণচন্দ চন্দ্র দেখতে পেল।

৪৬। তদা তাশ্চ সবিনয়প্রণয়োৎসাহনপুরঃসরং স্বসবিধমানীয় নিজগদুঃ,—'বৎস! কিমর্থয়সে?

কিং ক্ষীরং ন কিমুত্তমং দধি ননো কিং কূর্চ্চিকা বা ননা-
মিক্ষা কিং নন কিং তবেপ্সিতমহো হৈয়ঙ্গবীনং ঘনম্।
দাস্যামো ন বিষীদ বৎস নতরাং কুপ্যস্ব মাত্রে গৃহোৎ-
পন্নে নো রুচিরিত্যুদঙ্গুলিদলঃ শীতাংশুমালোকয়ৎ ॥

৪৭। ততস্তা অপি পুনরূচুঃ,—

'কলয় ন পিতরেতদ্ধন্ত হৈয়ঙ্গবীনং, প্রতরতি কলহংসো ব্যোমবীথীতড়াগম্।
অহমপি কলহংসং প্রার্থয়ে খেলনার্থী, তদুপনয়ত যাবনৈষ পারং প্রয়াতি ॥'

তু হৃথৈব ভৎ সিতমতো মা রোদীরিতি ভাবঃ ॥

৪৫। হৃতঃ শিরপ্রদেশাদধঃপাতিতোঽবগুণ্ঠনপটো যেন তস্মিন্, লুলিতাং স্খলিতাং জনন্যাঃ পৃষ্ঠং তুদতি, উপরি পাণিভ্যাং বেণীং ধৃত্বা তামালম্ব্য ভূমিতঃ স্বপাদাবুত্থাপ্য তাভ্যাং তস্যাঃ পৃষ্ঠমবষ্টভ্য পীড়য়তি সতীত্যর্থঃ। সর্বমেতচ্চাপলং বিস্তার্যমাণকথাবেশাৎ সখীভিঃ সহ মাতরং স্বপ্রার্থনেঽবধাপয়িতুমেবেতি। পার্শ্বস্থালীজনেষিতি যূয়মেব পৃচ্ছত কিমসৌ যাচত ইতি ভাবঃ ॥

৪৬। "কূর্চিকা ক্ষীরবিকৃতিঃ" ইত্যমরঃ। গৃহোৎপন্নে তত্র হৈয়ঙ্গবীনে ন রুচিরিতি কৃষ্ণোত্তরম্। তর্হি কুত্রত্যে রুচিরিতি, ততশ্চ উদঙ্গুলিদল উন্নমিততর্জনীকঃ, আ সম্যগ্ অদর্শয়ৎ। আকাশোৎপন্নে অমুষ্মিন্ হৈয়ঙ্গবীনখণ্ডে মম রুচিরিত্যর্থঃ ॥

অতঃপর—

মায়ের পিছনে এসে ঘোমটা খুলে দেওয়ত কোমল-স্নিগ্ধ হাতে বেণী খুলে দিয়ে তাঁর পীঠে দাপাদাপি করতে লাগলো, অস্ফুট গদগদ কণ্ঠে 'দাও দাও' বলে আবদার করতে থাকলো,—কিছু বুঝতে না পেরে পরম স্নেহাদ্রচিত্তা মা যশোদা পার্শ্ববর্তী সখীর দিকে বিস্ময়-বিস্ফারিত নয়নে চাইলেন।

৪৬। তখন সেই সখী তোষামোদ-আদরে উৎসাহিত করে নিজের নিকটে নিয়ে এসে বললেন—'বাছা, কি চাও?

দুধ—না; উত্তম দধি—না-না; ঘন দুধ—না-না; ছানা—না-না; অহো তোমার ইচ্ছা কি, ঘন টাট্‌কা মাখন—এই দিচ্ছি, দুঃখ করো না, বাছা সব সময় মা'র উপর জিদ্দী করো না;—ঘরে করা কোন বস্তুতে আমার রুচি নাই—এই বলে তর্জনিদল উঠিয়ে আকাশের চাঁদ ভাল করে দেখিয়ে দিলো।

৪৭। অতঃপর সেই গোপী পুনরায় বললেন—

বাপধন, ও কথা বলো না, হায় হায় এ কি মাখন, এ হ'ল আকাশমার্গ-সরোবরে বিচরণশীল কলহংস;—আমি তো খেলবার জন্য কলহংসই চাচ্ছি, ওটাকে ধরে নিয়ে এসো যতক্ষণ-না ওপারে চলে যায়।

৪৮। ইতি ভূয়ঃ সোৎকণ্ঠং চরণযুগং ভূতলে নাটয়ন্ করাভ্যামাসামপি কণ্ঠতটং ধৃত্বা ধৃত্বা দেহি দেহীতি পূর্ব্বতোঽপ্যধিকতরং রোদিতি স্ম। ততশ্চৈবং বাল্যাবেশেন রুদন্তং তমন্যা উচুঃ,—বৎস!

আভিঃ প্রতারিতময়ং নহি রাজহংসঃ, পীযূষরশ্মিরয়মম্বরমধ্যবর্ত্তী।
দেহ্যেনমেব মহতীহ মদীয়বাঞ্ছা, খেলিষ্যতে তদধুনানয় দেহি দেহি ॥'

৪৯। ইতি ভূয় সমধিকমেব রুদন্তং মাতা তমঙ্কমানীয় 'বৎস!
হৈয়ঙ্গবীনমিদমেব ন রাজহংসঃ, পীযূষরশ্মিরপি নৈষ ন তৎ প্রদেয়ম্।
পশ্চাঽত্র দৈববশতো গরলং বিলগ্নং, তেনৈতদুত্তমমপীহ ন কোঽপি ভুঙ্ক্তে ॥

৫০। ততশ্চ 'অম্বাম্ব! কথমত্র গরলং লগ্নম্, তদ্বা কিম্' ইতি পূর্ব্বাবেশবিরহেণ রসান্তরমাপন্নস্য কৃষ্ণস্য কথাশ্রবণশ্রদ্ধায়াং সত্যাং সমীচীনমিদং জাতমিতি কৃত্বা জননী তমালিঙ্গ্য 'বৎস? শ্রূয়তাম্' ইতি কিমপি মধুরমধুরমুবাচ ॥

৫১। 'বৎস! অস্তি কশ্চন ক্ষীরোদধির্নাম।' 'মাতঃ! কীদৃশোঽসৌ?' 'বৎস! যদিদং দুগ্ধমবলোক্যতে, তন্ময়ঃ সমুদ্রঃ।' 'মাতঃ! কিয়তীভির্ধেনুভিঃ প্রস্নুতং তৎ, যেন সমুদ্রো জাতঃ?'

৪৭। 'অহমপি' ইত্যাদি কৃষ্ণোত্তরম্, দেহি দেহীতি একৈকাং প্রতি কথনাদেকবচনম্। এবমুত্তরত্রাপি ॥ (৪৮)

৪৯। গরলং বিলগ্নমিতি কলঙ্কচিহ্নং দর্শয়তি। অত্রপ্রকরণে সম্বোধনপদৈরেব শ্রীকৃষ্ণ-যশোদয়োরুক্তি-প্রত্যুক্তী জ্ঞেয়ে। তদ্বা গরলমেব বা কিমেতস্য উত্তরম্, অগ্রে কালকূটং নামেতি ॥

৫০। তৎ দুগ্ধম্ ॥

৪৮। এই বলে পুনরায় উৎকণ্ঠায় চঞ্চল হয়ে মাটিতে পা দাপাতে দাপাতে দু-হাতে ঐ গোপীর গলা জড়িয়ে জড়িয়ে ধরে—'দেও দেও' বলে বায়না ধরে পূর্ব্বের থেকে বেশী কাঁদতে থাকলো,—অতঃপর বাল্যাবেশে এ-রূপ কাঁদতে থাকলে অন্য এক গোপী বললেন—বাছা, আরে শোন শোন, এ তোমাকে ফাঁকি দিয়েছে, এটা আকাশপথে চন্দ্রমা;—এটাই দেও, এটাতে আমার অত্যন্ত অভিলাষ, খেলব যে—অতএব এক্ষণই এনে দেও এনে দেও।

৪৯। এই বলে পুনরায় আরও বেশী কাঁদতে থাকলে মা তাঁকে কোলে তুলে নিয়ে বললেন—বাছা, এ মাখনই বটে, রাজহংসও নয় চন্দ্রমাও নয়, তবে এ তোমাকে দেবার মতো কিছু নয়, দেখ এতে দৈববশে গরল লেগে গিয়েছে, তাই উত্তম হলেও এ-জগতের কেউ এ খায় না।

৫০। অতঃপর, মা মা, কি করে এতে গরল লেগে গেল, গরলই বা কি;—এইরূপে পূর্ব আবেশের বিরামে রসান্তরে প্রবিষ্ট বালগোপালের কথা-শ্রবণে শ্রদ্ধা এলে 'এ ভালই হলো' এইরূপ চিন্তা করে মা তাঁকে বুকে জড়িয়ে ধরে 'বাছা শোন' এই বলে মধুর মধুর কোনও আখ্যান বলতে আরম্ভ করলেন।

৫১। বাছা, ক্ষীরসমুদ্র নামে কোনও এক সমুদ্র আছে—মা, তা'কি রূপ—বাছা, তুমি যে

বৎস ! গেহুগ্ধং তন্ন ভবতি ।' 'মাতঃ ! প্রতারয়সি মাম্, বিনা গাঃ কথং নু দুগ্ধম্ ?' 'বৎস ! যেন গোষু দুগ্ধং সৃষ্টম্, স এব তা ঋতেঽপি তৎ স্রষ্টুমর্হতি ।' 'মাতঃ ! কোঽসৌ ?' 'বৎস ! ভগবান্ জগৎকারণম্ ।' 'মাতঃ ! স এব কঃ ?' 'বৎস ! স ভগবান্ অগঃ। স গন্তুং ন শক্যতে ।' 'মাতঃ ! হুং সত্যমেব ব্রবীষি, তৎ কথয় ।' 'বৎস ! স একদা দুগ্ধোদধিঃ সুরাসুরাণাং কলহে অসুরমোহনায় তেনৈব ভগবতা মথিতঃ। তত্র মন্দরো নাম গিরির্মন্থানদণ্ড আসীৎ। বাসুকির্নাম নাগরাজো রজ্জুঃ। একতোঽসুরা অন্যতশ্চ সুরা এবাকর্ষকাঃ।' 'মাতঃ ? যথা গোপ্যো দধি মথ্নন্তি ?' 'বৎস ! হুম্। এবং মথ্যমানে তস্মিন্ কালকূটো নাম গরলমুৎপন্নম্।' 'মাতঃ ! দুগ্ধে কথং গরলম্, সর্পেষ্বেব তৎ ?' 'বৎস ! তস্মিন্মহেশেন পীতে সতি তচ্ছীকরা যে নিপতিতাঃ, তানেব পীত্বা ভুজগা বিষধরা আসন্। তেন ভগবত এব সা শক্তির্যদ্দুগ্ধেঽপি গরলম্।' 'মাতঃ ! হুম্, সত্যমেতৎ।' 'বৎস ! ইদমপি হৈয়ঙ্গবীনং তত এবোত্থিতম্। তেনাত্র তস্যাবশেষো লগ্নঃ। পশ্য, যমিমং কলঙ্ক ইতি সর্ব্বে গায়ন্তি। তদ্‌গৃহোৎপন্নং ভুঙ্‌ক্ষ্ব, নেদম্' ইতি শ্রূয়মাণে লীলানিদ্রাবশমাগতং জননী চ কর্পূরধূলিধবলে মহাপরার্দ্ধ্যশয়নতলে তমারোপ্য শনৈরসূষুপৎ ॥

৫১। অগ ন গচ্ছতীত্যাগঃ, সর্বত্রৈব যস্তিষ্ঠতীত্যর্থঃ। তথাপি গন্তুং তন্নিকটে যাতুং ন শক্যতে, যতস্তম্ অগ ত্বাং দর্শয়ামীত্যর্থঃ। সরস্বতী তু অগো গকারহীনো ভগবান্, ভবানেবেত্যর্থঃ। ইতি শ্লেষেণ তমেবোক্তবতী ॥

দুধ দেখ সেই দুধেরই এক সমুদ্র। মা, কত গরু দুধ দিয়েছে যা'তে সমুদ্র হয়ে গেল ? বাছা, গরুর দুধ নয়। মা, আমাকে ফাঁকি দিচ্ছ, গরুবিনা আবার দুধ হয় কি করে ? বাছা, যিনি গরুতে দুধের সঞ্চার করেছেন তিনিই গরুবিনাও দুধের সঞ্চার করতে পারেন। মা, তিনি কে ? বাছা, জগৎকারণ ভগবান্। মা, তিনিই বা কে ? বাছা, সেই ভগবান চলেন না (অর্থাৎ তিনি সর্বত্রই আছেন চলবার দরকার কি), সেই ভগবানের নিকট স্বশক্তিতে যাওয়াও যায় না (অর্থান্তর, 'স ভগবান্ অগঃ'—স ভগবান্ ন+গঃ 'গ' হীনঃ অর্থাৎ স ভবান্, অর্থাৎ বাপধন, তুমিই-তো সেই ভগবান্)। হু, মা-গো তুমি সত্যই বলেছ বটে—এখন আগে যা কিছু আছে বলো। বাছা, কোনও এক সময়ে সুরাসুরের কলহে অসুরমোহনের জন্য সেই ক্ষীরসমুদ্রে সেই ভগবান্ মন্থন করলেন। সেই মন্থনে মন্দার নামক পর্বত মন্থানদণ্ড হলো, আর বাসুকি নামক নাগরাজ হলো রজ্জু—একদিকে অসুরগণ অন্যদিকে দেবতাগণ হলো আকর্ষক। মা, যেমন গোপীগণ দধি মন্থন করে ? হাঁ বাছা, এইরূপে মন্থন করতে থাকলে ওর থেকে কালকূট নামক বিষ উৎপন্ন হলো। মা দুধে বিষ এলো কোত্থেকে ? বিষ-তো সাপেই থাকে। তা বটে, কিন্তু বাছা ঐ মন্থনোত্থ বিষ মহাদেব পান করতে থাকলে তার থেকে গলিত বিন্দু পান করেই সাপ বিষধর হয়েছিল, অতএব ভগবানেরই সেই শক্তি যা'তে দুধেও বিষ হয়। হু, এ সত্যই বটে মা। বাছা, এবার শোন আকাশে ঐ যে হৈয়ঙ্গবীন (টাটকা মাখন) দেখছ ও-ও ঐ একস্থান থেকেই উঠেছে, তা'ই এতে ঐ বিষের অবশেষ লেগে আছে, ঐ চেয়ে দেখ লোকে যাকে চাঁদের কলঙ্ক বলে গায়; অতএব ঘরে

৫২। অথানুদিত এব ময়ূখমালিনি দধিনবনীতাদি সমুপসাদ্য—'বৎস! জাগৃহি জাগৃহি' ইতি করতলেনামৃশ্য 'নির্মঞ্ছনং যামি, পর্য্যুষিতয়ৈব ক্ষুধা তিষ্ঠসি, তদিদানীমুত্তিষ্ঠ' ইতি সমুত্থাপ্য সুরভিসলিলেনাননকমলং ধাবয়িত্বাঙ্কমারোপ্য কনকভাজনোপনীতং নবনীতাদি দর্শয়িত্বা 'বৎস! যদভিরোচতে, তদশ্যতাম্' ইতি জনন্যা নিগদিতোঽভ্যাসবশতস্ত্যক্তমপি পয়োধরমেব তস্যাঃ পাতুমারেভে ॥

৫৩। সা চ ক্ষণং পায়য়িত্বা—'বৎস! নবনীতং তে প্রিয়মিদমশ্যতাম্।' 'মাতর্নাপরমিদমশ্নামি, গতায়াং নিশায়াং মৃষা কথয়াহং নিদ্রাং গমিতোঽস্মি। ক্ষুদ্বাধয়ৈব ময়া স্থিতম্।' 'বৎস! কস্তদা চোরয়িষ্যতি নবনীতম্?' 'মাতর্ময়া কদা তে চোরিতং নবনীতম্? মৃষা বদসি' ইতি লীলাবালকেন তেন বাল্যলীলাপরিপাট্যা বহুনৈব প্রকারেণ জননীমনোরঞ্জনমাততান ॥

৫৪। কদাচিদপি—

গোশালচত্বরতলে বিচরন্ দ্রবন্তং, বৎসং বিধৃত্য বিনিপাত্য নিজাঙ্কমূলে।
দোর্ভ্যাং বিগৃহ্য মুখমস্য মুখাম্বুজেন, চুম্বন্ ভিয়ঞ্চ কুতুকঞ্চ তনোতি মাতুঃ ॥

৫২। পর্য্যুষিতয়া শ্বস্তনয়া ॥

তোলা মাখন খাও ঐ আকাশেরটি নয়।

এইরূপে আখ্যান শুনতে শুনতে কৃষ্ণচন্দ্র লীলানিদ্রায় অভিভূত হয়ে পড়লো—মা-ও কর্পূরধূলি-ধবল বহুমূল্য বিছানায় শুইয়ে ধীরে ধীরে তাঁকে ঘুম পাড়িয়ে দিলেন।

৫২। অতঃপর সূর্যোদয়ের পূর্বেই দধি-মাখনাদি হাতে নিয়ে গোপালের নিকট গিয়ে মা যশোদা—'বাছা প্রাণ কানাই আমার, জাগো জাগো' এই বলে করতলের দ্বারা সস্নেহে চাপড় মেরে—'বাপধন, তোমার বালাই লয়ে মরি, বাসিক্ষুধা নিয়ে শুয়ে আছ, এখন উঠ,—এই বলে তাঁকে উঠিয়ে সুগন্ধী জলে বদনকমল ধুইয়ে কোলে বসিয়ে সোনার থালায় আনীত দধি-মাখনাদি দেখিয়ে—'তোমার যা ইচ্ছা তা'ই খাও' এইরূপ বললে—মায়ের স্তন ছেড়ে দিলেও অভ্যাসবশতঃ ঐ স্তনই পান করতে আরম্ভ করলো।

৫৩। তিনিও ক্ষণকাল পান করিয়ে বললেন—'বাছারে আমার, নবনীত তোমার প্রিয়, এই নবনীত খেয়ে নাও'—'মা, আমি না-অপর কোন কিছু কি এ-মাখন খাব'—গতরাতে মিছামিছি কথায় আমি ঘুমিয়ে পড়েছিলাম, ক্ষুধাকাতর অবস্থাতেই আমি পড়ে থাকবো'—'বাছা, তুমি যদি এ-অবস্থায় পড়ে থাক তবে এখন মাখন চুরি করবে কে?—'মা, আমি কখন তোমার মাখন-চুরি করেছি, মিথ্যা বলছো'—এইরূপে লীলাবালক বাল্যলীলাপরিপাটির দ্বারা অশেষে-বিশেষে জননীর মনকে রঞ্জিত করে তুললো।

গোশালাচত্বরে খেলা ঃ

৫৪। কখনও আবার—

গোশালার অঙ্গনে দৌড়াদৌড়ি করে খেলায় মত্ত বাছুরকে চেপে ধরে নিজের কোলে ফেলে

৫৫। অঙ্গনে নিজগবাং ধৃতপুচ্ছ-,স্তর্ণকে সপদি ধাবতি ধাবন্।
মগ্ন এব তদনাবৃতমেব, ব্রহ্ম মূর্ত্তমহরজ্জনচেতঃ॥

৫৬। অঙ্কিতো নিজগবাঙ্গনপঙ্কৈঃ, শঙ্ক্যতে মৃগমদৈরিব লিপ্তঃ।
পশ্যতাং নয়নয়োরভিরামঃ, সুন্দরে হি কিমসুন্দরমাস্তে ?

৫৭। কদাচিদপি—উষ্ণীষমীষদতিচারু নিবধ্য মূর্দ্ধ্নি, মাত্রা বিশিষ্য পরিধাপিতপীতবাসাঃ।
গোরোচনারচিতচিত্রতমালপত্রঃ, স্নিগ্ধাঞ্জনাক্তনয়নো বহিরপ্যুপৈতি॥

৫৮। ত্রৈলোক্যমোহনমবেক্ষ্য কুলোকদৃষ্টি-,র্মা ভূদিহেতি কৃতলৌকিকমাতৃভাবম্।
মাত্রা থুথুৎকৃতিদরক্ষরদাস্যচন্দ্র-,পীযূষবিন্দুভিরপূজি সুতস্য মূর্দ্ধা॥

৫৩। 'জননী' ইতি কর্ত্তৃপদম্॥ (৫৪)

৫৫। নিজগবামিতি টজভাবঃ। শূদ্রস্বামিকগোবধপ্রায়শ্চিত্তমিত্যাদি প্রাচাং বাক্যেন (পা০ ৫।৪।৯২) "গোরতদ্ধিতলুকি" ইতি টচোঽনিত্যত্বজ্ঞাপনাৎ। ব্রজরাজেন কৌতুকবশাৎ কৃষ্ণস্বামিকত্বেন কাশ্চন গাবঃ স্থাপিতা ইতি জ্ঞেয়ম্। তর্ণকে বৎসে, নগ্নো দিগম্বরঃ॥

৫৬। পশ্যতাং সর্বেষামেব॥

৫৭। কদাচিদপীতি যাত্রোৎসবাদৌ, তমালপত্রং তিলকম্; "তমালপত্রতিলকচিত্রকাণি বিশেষকম্" ইত্যমরঃ॥

৫৮। ইহ শ্রীকৃষ্ণশরীরে॥

দুই হাতের মধ্যে ওর মুখটি তুলে নিয়ে চুমু খেতে খেতে বালগোপাল মায়ের ভয়ও জন্মাল আবার তাঁকে আনন্দে ভরপুরও করে দিলো।

৫৫। নিজ অঙ্গনে ছোট্ট বাছুরটির লেজ ধরলে ও তৎক্ষণাৎ দৌড়াতে থাকলো, আর বাল-গোপাল ঐ লেজ-ধরা অবস্থাতে তার পিছনে পিছনে দৌড়াতে লাগলো—এই ভাবে নগ্ন এ-বালক যে অনাবৃত মূর্তব্রহ্ম সকল দর্শকজনের মন হরণ করতে লাগলো।

৫৬। নিজ গরুর অঙ্গনের কাদা গায় মাখালে মনে হচ্ছিল যেন মৃগমদে লিপ্ত, দর্শকমাত্রের নয়নাভিরাম এক মূর্তি– সত্যই যে সুন্দর তার অসুন্দর কি কিছু হতে পারে ?

গোপী-ভবনাঙ্গনে খেলা ঃ

৫৭। কখনও আবার—

ছোট্ট অতিচারু পাগড়ি মাথায় বাঁধাতে মনোরম, মায়ের দ্বারা বিশেষভাবে পরানো পীতবাসে মোহন, ললাটে রচিত চমৎকার গোরচনা তিলকে শোভন, স্নিগ্ধ অঞ্জনে রঞ্জিত নয়ন বালগোপাল যাত্রা উৎসবাদি উপলক্ষে বাইরেও যেতে আরম্ভ করলো।

৫৮। এই ত্রৈলোক্যমোহন রূপটি দেখে তাঁর উপর কুলোকের দৃষ্টি যা'তে না লাগে তার জন্য লৌকিক মাতৃভাব অনুসারে থুথুৎকৃতিতে মার মুখচন্দ্র থেকে যে অমৃতবিন্দু ক্ষরিত হ'ল তাই হ'ল পুত্রের

৫৯। কণ্ঠে রুরোর্নখমনুত্তমহেমনদ্ধং, শ্রোণৌ মহার্হমণিকিঙ্কিণিদাম বিভ্রৎ।
মন্দং পুরাদ্বহিরুপেত্য করোতি খেলা-,মাভীরনীরজদৃশাং ভবনাঙ্গনেষু॥

৬০। অথ কদাচিৎ সকলা এব ব্রজযোষিতো জয়োষিতোদয়স্য সদয়স্য তস্য সততবাল্যধার্ষ্ট্য-কৌতুকং কৌ তু কং নরং ন রঞ্জয়তি, জয়তি বা ন কুত্রেতি মনসি ন সিদ্ধবেদনা বেদনায়, তথাপি ব্রজরাজদারাণামুদারাণামুপজগ্মুরভ্যাসম্॥

৬১। আগত্য চ সহাসং সপ্রণয়ং সকৌতুকং কিমপি সমূচুঃ—'অয়ি ব্রজরাজভাবিনি! ভাবিনিতান্তদুরন্তভাবোঽয়ং তব কুমারঃ। যদয়ং দ্বিপত্র এবাধুনা ধুনান ইব ভুবনমবলমানসম্পল্লীলোঽপি পল্লীলোপি চরিতমভ্যস্যতি, স্থিত্বা কিংবা বিধাস্যতি॥

৫৯। রুরোর্ব্যাঘ্রস্য॥

৬০। জয়েন উষিত উদয়ো যস্য তস্য, যস্য উদয়ে বিজয়ঃ সদা তিষ্ঠতীত্যর্থঃ। অতএব সন্ সদা বর্ত্তমানঃ শোভনো বা অয়ঃ শুভাবহো বিধির্যস্য তস্য; যদ্বা, সদয়স্য দয়াযুক্তস্য ঈদৃশ-মধুরলীলাবিষ্কারে লোকেষু তস্য দয়ৈব কারণমিতি ভাবঃ। কৌ তু পৃথিব্যাং তু কং নরং কং মনুষ্যমাত্রমপি কিং পুনস্তাঃ পরমবাৎসলপ্রেমবতীরিত্যর্থঃ। কুত্র বা ন জয়তি, অপি তু সর্বত্রৈব জয়তি, উৎকর্ষমেব প্রাপ্নোতি, ন তু সঙ্কোচমিত্যর্থঃ। ইতি—অত এব হেতোঃ, প্রতিদিনং গব্যভাণ্ডস্ফোটনাদিভিরপি তাঃ সিদ্ধবেদনাজাতপীড়া মনসি ন ভবন্তি, কিন্তু কৌতুকার্থং মুখমাত্র এবেত্যর্থঃ। তথাপি মনসি পীড়িতা ইব বেদনায় তদ্ধার্ষ্ট্যবিজ্ঞাপনায় শ্রীব্রজরাজদারাণাং শ্রীযশোদায়াঃ, অভ্যাসং সমীপম্॥

৬১। সহাসমিতি, ভাবিনিতান্তেত্যাদি, সপ্রণয়মিতি, লুম্পতি তং স্মিতেনেতি, সকৌতুকমিতি দূরে স্থিতো গর্জতীত্যাদি, বিশেষবিচারে তু সর্বত্রৈব সর্বমিতি। ভাবী নিতান্তং দুরন্তো ভাবশ্চেষ্টা যস্য সঃ; কথমনুমীয়তে ইতি চেত্তত্র হেতুমাহুঃ। যদয়মিতি দ্বিপত্র এবেতি বৃক্ষোপময়া। ন জানীমো জনিষ্যমাণানাং শাখাপল্লবপুষ্পফলাদীনাং কীদৃশ-

---

মস্তকেতে রক্ষা বিধান।

৫৯। কণ্ঠতট উত্তম স্বর্ণে জড়িত ব্যাঘ্রনখে ও কটিতট মহামূল্য মণিকিঙ্কিণীদামে সুশোভিত বালগোপাল ধীরে ধীরে পুরের বাইরে গিয়ে কমলনয়না গোপীর গৃহাঙ্গনে খেলা করতে থাকলো।

৬০। যাঁর প্রকাশে সর্বত্র জয় নিশ্চিত সেই করুণাময় শ্রীকৃষ্ণের সতত বাল্যধৃষ্টতা-কৌতুক পৃথিবীর কোন্ মানুষের মনকে-না রঞ্জিত করে, কোথায়-বা না ইনি সর্বশ্রেষ্ঠতার আসনে প্রতিষ্ঠিত হচ্ছেন—তাই পরম বাৎসল্যপ্রেমবতী গোপীদের ভিতরে ভিতরে বেদনার অনুভব কিছু না হলেও যেন পীড়িত হয়েছেন এই ভাবে অতঃপর কোনও একদিন তাঁরা সবে গিলে উদার ব্রজরাজমহিষীর নিকট চলে এলেন।

৬১। এসেই হাসতে হাসতে প্রীতিগর্ভ-বাক্যে সকৌতুকে কিছু বলতে আরম্ভ করলেন—ওহে ব্রজরাজভাবিনি, আপনার এ-কুমার ভবিষ্যতে অত্যন্ত দুরন্ত স্বভাবের হবে, যেহেতু সবেমাত্র দ্বিপত্র চারাগাছের মতো কচি এর বয়স—এরই মধ্যে বিশ্বকে যেন প্রকম্পিত করে তুলেছে, যার লীলা এখনও

৬২। তথা হি—অদুগ্ধদুগ্ধেষু গবাং গণেষু, নিপায়য়ত্যেষ বিমুচ্য বৎসান্।
সম্ভূয় ভূয়ঃ ক্রিয়তে যদা তু, রোষস্তদা লুম্পতি তং স্মিতেন ॥

৬৩। নিহ্নুত্য যত্নাদ্‌গহনান্ধকারে, হৈয়ঙ্গবীনাদি সুরক্ষিতং যৎ।
প্রবিশ্য পশ্যন্ স্বমহঃপ্রকাশৈ-,স্তৎ সর্ব্বমানীয় বহিষ্করোতি ॥

৬৪। হেলালসং তৎ কিয়দেব ভুঙ্‌ক্তে, শাখামৃগান্ ভোজয়তে প্রকামম্।
ন ভুঞ্জতে তে যদি তৃপ্তিমন্তো, ভূমৌ কিরত্যেব বিভিদ্য ভাণ্ডম্ ॥

৬৫। করালভ্যে পীঠং বিরচয়তি পীঠোপরি পুন-
স্তদূর্দ্ধং তস্চান্যত্তদুপরি সমারোপ্য চরণৌ।
সমুদ্বাহুঃ শিক্যাদ্দধি চ নবনীতাদি চ হরন্,
নিষিদ্ধশ্চেৎ কৈশ্চিৎ ক্ষিপতি সকলং তূর্ণমবনৌ ॥

৬৬। ধৃতঃ কয়াচিদ্‌যদি কৌতুকেন বা, বিমোট্য পাণী সহসাপসর্পতি।
দূরে স্থিতো গর্জ্জতি তিষ্ঠ তিষ্ঠ ভো, দগ্ধ্বা গৃহং তাড়য়িতাস্মি বালকান্ ॥

মুদ্বেজকত্বং ভবিষ্যতীতি ভাবঃ। ন বলমানা সম্পৎ সমৃদ্ধির্যস্তাস্তথাভূতা লীলা যস্য সোঽপি পল্লীলোঽপি পল্লীং নগরীং লুম্পতীতি তচ্চরিতং স্থিত্বা বা ইত উর্ধ্বমিত্যর্থঃ ॥

৬২। সম্ভূয় মিলিত্বা ॥

৬৩। নিহ্নুত্য সংগোপ্য ॥

৬৪। শাখামৃগান্ বানরান্ ॥

বলমান সমৃদ্ধিতে ভরে উঠে নাই সেই নাকি এর মধ্যেই নগর-ধ্বংসকারী চরিত্রের অনুশীলন করছে—এ চলতে থাকলে ভবিষ্যতে কি-বা না করে।

৬২। গাভীদের দুগ্ধ দোহাবার আগেই বাছুর ছেরে দিয়ে আপনার এই বালক দুধ খাইয়ে দেয়—আমরা সকলে একত্রে মিলে এসে যদি এর উপর রোষ করি তবে তা এঁর মৃদু হাসিতে নিভে যায়।

৬৩। গহন অন্ধকারে অতি গোপনে মাখনাদি যত্নে সুরক্ষিত করে রাখলে সেই স্থানে প্রবেশ করে নিজের অঙ্গ-জ্যোতিতে দেখে নিয়ে ওসব বাইরে টেনে নিয়ে আসে।

৬৪। হেলায়-খেলায় তার কিছু বা খেলো, বানরগণকে যথেচ্ছ খাওয়ালো—পেট ভরে গেলে তারা যদি আর না খেলো তবে ভাণ্ড ভেঙ্গে দিয়ে মাটিতে ছিটিয়ে ফেললো।

৬৫। শিকায় উচু করে ঝুলানো মাখনাদি হাতে নাগাল না পেলে শিকার নীচে কোনও একটি আসন রেখে তার উপর উদ্‌খল বসিয়ে দাঁড়াবার স্থান করে নিয়ে তার উপর দুপায়ে বেশ স্থির হয়ে দাঁড়িয়ে হাত উচু করে শিকা থেকে দধি মাখনাদি চুরি করতে থাকে—এই সময় কেউ যদি তাঁকে নিষেধ করে তবে সব তাড়াতাড়ি মাটিতে ছুঁড়ে ফেলে দেয়।

৬৬। কৌতুহল-বশবর্তী হয়ে কেউ যদি তাঁকে ধরে, তবে হাত মুচড়ে দিয়ে হঠাৎ পালিয়ে

৬৭। চোর এষ ইতি কেনচিদুক্তঃ ক্রুদ্ধ এব নিগদত্যতিধৃষ্টঃ।
ত্বং হি চোর ইদমেব মদীয়ং, গেহমস্য সকলং হি মমৈব॥

৬৮। বাস্তৌ লিপ্তে সুললিতমৃদা চিত্রিতে চারুচূর্ণৈ-
র্ধূলীপত্রাদিভিরশুচিভিঃ শুদ্ধিহানিং করোতি।
ত্বৎসান্নিধ্যেঽধিকসুচরিতোঽস্মাদৃশামালয়েষু
স্তেনো ধৃষ্টঃ প্রখরমুখরঃ ক্রোধনো গর্দ্ধনশ্চ॥

৬৯। ইত্যেবং ব্রজবনিতা নিতান্তমৃষা পরুষা রুষা গিরো যদি নিজগদুঃ, জগদুৎসবকরোঽপি তদা তদালাপবৈয়র্থ্যং প্রতিপাদয়িতুং মৃষাশ্রুকলিলনয়নো নয়-নোদাপরাদ্ধোঽপি রাদ্ধোঽপি ধাপয়িতুং তৎসকলং স কলং ব্যাজহার॥

৭০। 'অম্ব! আসাং মধ্যে কস্যাশ্চিদপি সুস্নিগ্ধতা ন বর্ত্ততে, ন বর্ত্ততেঽবচসি। সত্যমেতা

৬৫। তদূর্ধ্বং তস্য পীঠস্য উর্ধ্বমুপরি, অন্যচ্চ তৎপীঠং বিরচয়তি॥

৬৬। কয়াচিৎ গৃহিণ্যা॥

৬৭। কেচিৎ গৃহপতিনা, অস্য গেহস্য, গেহস্থিতমিত্যর্থঃ॥

৬৮। গর্দ্ধনো লোলুপঃ॥

৬৯। নিতান্তমৃষাঽত্যন্তমিথ্যাভূতয়া রুষা রোষেণ পরুষা গিরো নিষ্ঠুরবাক্যানি, মৃষা অশ্রুভিঃ কলিলে ব্যাপ্তে নয়নে যস্য সঃ। নয়স্য নীতের্নোদেন দূরীকরণেন হেতুনাপরাদ্ধো রাদ্ধঃ, অপরাধবান্ জাতঃ, তদপি অপিধাপয়িতু-মাচ্ছাদয়িতুং তৎসকলং দধিচৌর্য্যাদি। সঃ কৃষ্ণঃ, কলং মধুরম্॥

যায়—দূরে দাঁড়িয়ে গর্জন করতে থাকে 'ওহে থাক থাক, ঘর-দোর সব পুড়িয়ে দিয়ে তোমাদের ছেলেপিলেদের পিটিয়ে দেবো।

৬৭। আবার কেউ যদি তাঁকে চোর বলে, তবে অতি ধৃষ্ট আপনার এ-বালক রেগে গিয়ে বলে 'তুমিই তো চোর, এ ঘর তো আমারই, এ-ঘরের জিনিষপত্র নিশ্চয়ই আমার।

৬৮। সুললিত মাটি দিয়ে ঘর-দোর লেপে তা চুনের দ্বারা এমন সুন্দর ভাবে চিত্রিত করে রাখি, আর আপনার বালক করে কি—অশুচি ধূলি-আবর্জনাদি দ্বারা সব অশুচি করে দেয়—আপনার কাছে বেশী বেশী ভাল-মানুষী দেখায়, আর আমাদের ঘরে সে ধৃষ্ট-প্রখর-মুখর-ক্রোধী-লোলুপ।

গোপীকৃত নালিশ-ক্ষালনে গোপালের উক্তি :

৬৯। ব্রজবনিতাগণ নিতান্ত মিথ্যা ক্রোধের ভাব মুখে টেনে এনে যদি নিষ্ঠুর বাক্যে এই সব বলে গেলেন তখন জগতের আনন্দদায়ক বালগোপাল তাঁদের নালিশ মিথ্যা প্রতিপাদনের জন্য মিথ্যা অশ্রুতে নয়ন ভরিয়ে নীতি-বিরুদ্ধ কর্ম করার দরুণ অপরাধী হয়েও সে-সব গোপন করণের জন্য মৃদুমধুর কণ্ঠে বলতে লাগলো—

৭০। মা, এদের কারওই সুস্নিগ্ধতা নাই, এদের বাক্যও তথৈবচ। সত্যই এরা মিথ্যার

অনৃতাঃ, অনৃতা চাসাংসমস্তানামেব, যত আসামবালকেষু বালকেষু মে স্বভাবভাববত্তা, তেন তদীক্ষণায় ক্ষণায়ত্ততয়া প্রত্যেকমাসাং নিশান্তে নিশান্তে সত্যমেব ময়া গম্যতে। তদবলোচ্য বলোচ্যমানমিদমনৃতং বচো মা প্রতীহি, মাতঃ! পরমে মাতঃপরমেব বন্ধুদর্শনায় গন্তব্যম্' ইতি ভিয়া রুদন্মুখং তনয়মঙ্কে কৃত্বা ব্রজেশ্বরী ব্রজযোষিতঃ সস্মিতাবহিত্থমব্রবীৎ,—'অয়ি! মিথ্যাভাষিণ্য এব ভবত্যঃ, অয়মেব সত্যবাদী, তস্মৈবং নিরপরাধোঽয়মস্মদ্বালকঃ পুনরুপালভ্যো ভবতীভিঃ' ইতি তাভিঃ সহ প্রীতি-সঙ্কথয়া ক্ষণমবস্থায় রোহিণীদ্বারৈব তাসাং বন্ধুসপর্য্যাং বিধায় চ বিসর্জয়ামাস॥

৭১। অথ নির্গতাসু তাসু কৃষ্ণজননী জননীতিকোবিদা তনয়মঙ্কে নিধায় 'বৎস! লোভবান্ ভবান্ নিজগৃহে জগৃহে যদতিচাপলং তদিহ শুশুভে শুভেনৈব, পরসদনেঽসদনেকং কর্ম্ম ন সুশোভতে, সুশোভ! তে চরিতমিদং নাতিললিতম্। নিজাঙ্গন এব খেল' ইত্যুপদিশন্তী লালয়ামাস॥

৭০। নবা ঋততা সত্যতা ইহ বচসি অত্রুগ্রত্রুগ্নেষ্বিত্যাদিবাক্যে অনৃতা অত্যন্তানৃতভাষিত্বেন অনৃতরূপা এবৈতাঃ; সত্যমিত্যর্থঃ। আসাম্ অনৃতা ন নৃতা মনুষ্যতা নাস্তি, অমানুষ্য এবৈতা ইত্যর্থঃ। বস্তুর্থোঽপি স সহসা আপতিত ইতি। অবালং তরুণং কং সুখং যেভ্যস্তেষু, স্বভাবেন নিসর্গেণ ভাববত্তা প্রেমবত্তা তেন হেতুনা, তেষামীক্ষণায় ক্ষণায়ত্ততয়া উৎসবাধীনত্বেন, নিশান্তে গৃহে, নিশান্তে প্রাতঃকালে। বলেন উচ্যমানং হে মাতঃ! হে পরমে পূজ্যে, ইত্যাত্মনঃ সুচরিতত্বং ব্যজ্যতে। অতঃপরং মা এব গন্তব্যম্। বন্ধুসপর্য্যাং তিলকাদিক্রিয়াম্॥

৭১। জনানাং নীতিষু কোবিদা। লোভবান্ লোভযুক্তঃ। অসৎ চৌর্য্যাদ্যনেকং কর্ম্ম, হে সুশোভ! তে তব॥

প্রতিমূর্তি, এদের কারও মধ্যেই মনুষ্যতা বলে কিছু নাই, যেহেতু এদের নব নব সুখস্বরূপ বালকদের উপর আমার স্বাভাবিক প্রেম আছে, তাই তাদের দেখবার জন্য আনন্দের অধীরতায় এদের প্রত্যেকের ঘরে আমি যেয়ে থাকি—একথা সত্য। অতএব মা এ-সব বিচার করে গায়ের জোরে উচ্চারিত এ মিথ্যায় বিশ্বাস করো না, হে আমার পরমারাধ্যা! এই বলে রাখি শোন—অতঃপর আমি আর বন্ধুদর্শনেও যাবো না' এইরূপে ভয়ে রোদনোন্মুখ পুত্রকে কোলে তুলে নিয়ে ব্রজসুন্দরীগণকে ঈষৎ হাসাতে হাসাতে নিজভাব গোপন রেখে মা যশোদা বললেন,—'অয়ি, তোমরা মিথ্যাভাষিণীই বটে, এ-বালকই সত্যবাদী, অতএব বলে দিচ্ছি আমার নিরপরাধ বালকের প্রতি তোমরা মিথ্যা দোষারোপ আর কোনদিন করবে না; এইরূপে তাঁদের সঙ্গে প্রীতি-আলাপে কিছুক্ষণ কাটিয়ে রোহিণীদেবীদ্বারায় তাঁদের বন্ধুজনোচিত পরিচর্যা করিয়ে বিদায় দিলেন।

জননীর শাসন ও পিতার আদর ঃ

৭১। অতঃপর তাঁরা চলে গেলে লৌকিক-পুত্রলালননীতি-নিপুণা কৃষ্ণজননী পুত্রকে কোলে তুলে নিয়ে বললেন—'বাছা, হে লুব্ধ বালক, তোমার এই বাল্য-অতিচাপল্য নিজঘরের মধ্যেই যদি সীমিত রাখ তবেই এই জগতে অতিশয় শোভন হয়, পরগৃহে চৌর্যাদি অসৎ কার্যাবলি শোভন হয় না,—হে সুন্দর, তোমার চরিত্রটি কিন্তু অতি সুন্দর নয়, নিজ গৃহপ্রাঙ্গনে খেলা কর-না'—এইরূপ উপদেশ দিতে দিতে আদর করতে লাগলেন।

৭২। তস্মিন্নেব সময়ে ব্রজরাজোঽপি তত্রৈবাগত্য বাগত্যধিকমাধুর্য্যেণ কিমপি তমপিহিতপ্রভাবমপি হিতপ্রভাবমাত্মজমাত্মজনসুহৃদং সম্বোধ্য নিজগাদ,—

এহ্যেহি বৎস পিতরেহি মমাঙ্কমূল-,মিত্যুক্ত এব জনকেন স মাতুরঙ্কাৎ।
আগত্য কণ্ঠমবলম্ব্য জুগুপ্সতে মাং, মাতা কথং বত মৃষেতি কলং জগাদ॥

৭৩। তদা তদাকর্ণ্য কিং তদিতি পৃচ্ছতি ঘোষাধীশে ধীশেবধিরিব স আশ্চর্য্য-বালোঽবালোচ্য মাতরং মাতরঞ্জসা ত্বমেব কথয়েতি নিজগাদ। সা চ ঘোষনারীণাং ক্ষীণাং মধুধারামিব কথিতাং কথাং কথিতবতী॥

৭৪। তব তীব্রতরাপরাধোঽয়ং যদনাগসি সততনয়ে তনয়ে মম মৃষাদোষাসঞ্জনসঞ্জনন-কুতুকিনীনাং গোপরমণীনাং পরমণীনাং দর্শনে সমৎসরাণামিব জনানাং বচসি প্রত্যয় ইতি মহিষীমবহিত্থয়া অনুযোজ্য 'তাত! মদঙ্কমূল এব তিষ্ঠ। মা পরমস্যা অঙ্কং গাঃ' ইত্যুক্ত এব পিতুরঙ্কাৎ মাতুরঙ্কং জবেনারোহতি তনয়ে নয়েন তৌ দম্পতী এব জহসতুঃ॥

৭২। বাচামত্যধিকমাধুর্যেণ আত্মজং সম্বোধ্য কিমপি নিজগাদেত্যন্বয়ঃ। অপিহিত আচ্ছাদিতঃ প্রভাবো যস্য তম্; কিঞ্চ, হিতাং প্রভাং কান্তিমবতি রক্ষতীতি তম্; জুগুপ্সতে উপালভতে; কলমতিমধুরমস্ফুটঞ্চ, বালত্বাদিতি॥

৭৩। পৃচ্ছতি সতি, ধীশেবধিঃ ধীনিধিঃ; হে মাতঃ! অঞ্জসা শীঘ্রং ক্ষীণাং ক্ষরিতাম্; 'ক্ষীঙ্ স্রবণে' ইত্যস্মাৎ॥

৭৪। সততমেব নয়ো বিনয়ো নীতির্বা যস্য, তথাভূতে মম তনয়ে বিষয়ে মৃষা দোষাসঞ্জনং দোষারোপস্তস্য সঞ্জননে উৎপাদনে কুতুকিনীনাং বচসি প্রত্যয়ঃ প্রতীতিরিতি পর-মণীনাং পরকীয়রত্নানাং দর্শনে সমৎসরাণামিতি শ্রীকৃষ্ণ-প্রোৎসাহনেন তাঃ প্রতি অসূয়া চ স্বস্যান্তরঙ্গতাদ্যোতনং যশোদায়াস্তু মাতৃত্বেঽপি তদ্দ্বয়াভাবাৎ বহিরঙ্গত্বজ্ঞাপনম্,

---

৭২। ঠিক সেই সময়ে ব্রজরাজও সেখানে এসে আচ্ছাদিত-প্রভাব হয়েও যিনি নিজ শ্যামকান্তিতে উজ্জ্বল সেই নিজজনসুহৃদ্ পুত্রকে অতিশয় মধুর বাক্যে সম্বোধন করে বললেন—

'এসো এসো বাপধন, আমার কোলে এসো, পিতা এ-রূপ বল্‌লে সে মা'র কোল থেকে এসে তাঁর গলা জড়িয়ে ধরে মৃদু মধুর কণ্ঠে বললো—'বাবা, মা আমাকে মিছামিছি গাল দিলো কেন?

৭৩। বালকের এ-কথা শুনে ব্রজরাজ জিজ্ঞাসা করলেন—'বাপধন, ব্যাপারটা কি বলতো'—বুদ্ধির সাগরসম সেই আশ্চর্য বালক মা'র দিকে তাকিয়ে বললো—'মা, তুমিই চট্ করে কথাটা বলে দাও-না গো'—মা-ও গোপীদের কথিত মধুধারার মতো ক্ষরিত কথাগুলি বলতে লাগলেন।

৭৪। এ তোমার বিষম অন্যায় নন্দরাণী, কেন-না নিরপরাধ, সততই নীতিতে প্রতিষ্ঠিত আমার পুত্রের উপর মিথ্যা দোষারোপ সৃজনে কৌতুকিনী-পরধনদর্শনে সমৎসর ঐ সব লোকের কথায় বিশ্বাস করেছ',—এইরূপে নিজভাব গোপন রেখে মহিষীকে অনুযোগ করবার পর পুত্রকে বললেন—'বাপধন আমার কোলেই থাক এরপর আর মায়ের কোলে যেও না'—এই কথা বলার সঙ্গে সঙ্গেই পিতার কোল থেকে গোপাল মায়ের কোলে ঝাপিয়ে গিয়ে পড়লেন, পুত্রের এই ভাব দেখে বাবা-মা দুজনেই হেসে উঠলেন।

৭৫। তদনু দনুজদমনমাত্রা সহ সহর্ষহসিতমেব কৃতপ্রকৃতপ্রবৃত্তিতয়া ব্রজরাজঃ কিমপি প্রাস্তৌষীৎ। অয়মেকক এব বহিরেতি, ন প্রবলো বলোঽপি, তেনোরুভয়োরুভয়োরেব নৈকাকিবিহারিত্বং সমীচীনম্, অতঃ খেলাসহচরাঃ পরিচরণচতুরাঃ পরিচারকাশ্চ কল্পনীয়াঃ, যথামী সততমনয়োঃ সবিধচারিণো ভবন্তীতি বিচার্য্য কিয়ন্তো ধীসচিবাঃ কিয়ন্তো বালপরিচারকাশ্চ তদবধি তেন নিযুযুজিরে ॥

৭৬। বালসহচরাস্তু প্রাগেব গৃহাদ্‌গৃহাদেব মিলিতবন্তঃ। এবং সবলঃ সবালসহচরশ্চ সবাল-দাসশ্চ ধীসচিবৈরুপলক্ষণত্বেনৈব বীক্ষ্যমাণঃ প্রতিপুররথ্যং ধূলিখেলাকৌতুকে করিবরকলভ ইব চপলকর-দণ্ড-তাণ্ডব-সমুদ্‌ধৃত-ধূলীপটলেনাত্মানং পরঞ্চ ধূসরয়ন্ সহ-সংবাসতয়া শিশুতয়া চ নিঃসঙ্কোচমেব ব্রজবালিকা অপি সহখেলন্তীঃ সহচরবালকসাধারণ্যেনৈব খেলয়া পরিতোষয়ন্ কদাচিদপি তাভিস্তৈরপি কলহায়মানস্তাস্তানপি তাড়য়ংস্তাভিস্তৈশ্চ তাড়িতঃ কদাচিদ্ধসতি, কদাচিৎ কুপ্যতি ন কুপ্যতি চ ॥

অবহিত্থয়া অনুযোগশ্চেতি স্বাঙ্কমূলস্য রোচকত্বে হেতুত্রয়মিতি। তর্হি তাতঃ স্বাঙ্ক এব বদ্ধা বা মাং রক্ষিষ্যতি, তথা সতি মাতুরঙ্কে স্থাতুং ন প্রাপ্স্যামীত্যত ইদানীমেব বলাদিতোঽপসৃত্য তত্র যামি ত্যেষ বাল্যস্বভাবজ্ঞাপকঃ কৃষ্ণস্য মনসি বিচার এব জবেন মাতুরঙ্কারোহণে হেতুর্জ্ঞেয়ঃ। নয়নেতি বালকস্য নীতিরেবেয়মিতি জ্ঞাত্বেত্যর্থঃ ॥

৭৫। কৃতা প্রকৃতা প্রস্তুতা প্রবৃত্তির্বার্ত্তা যেন তস্য ভাবস্তত্তা তয়া প্রাস্তৌষীৎ, প্রস্তাবমকরোৎ। বলোঽপি বল-ভদ্রোঽপি; উর্বী ভা কান্তির্যয়োস্তয়োঃ; কল্পনীয়া ময়া কল্পয়িতুমর্হাঃ; ধীসচিবা মন্ত্রিণঃ; "মন্ত্রী ধীসচিবঃ" ইত্যমরঃ ॥

৭৬। উপলক্ষয়ন্তি ইত্যুপলক্ষণাস্তত্ত্বেন, রথ্যা প্রতোলী ॥

৭৫। অতঃপর দনুজদমন শ্রীকৃষ্ণ জননীর সঙ্গে শ্রীনন্দ মহারাজ হাসাহাসি করতে করতে প্রস্তুত বিষয়ে যে কথাবার্তা করছিলেন তারই জের টেনে কোনও একটি প্রস্তাব করলেন—'এ-বালক একাই বাইরে চলে যায়—বলভদ্রও তেমন বলবান্ হয় নাই—কান্তিতে উজ্জ্বল তাদের উভয়ের একাকী বিহার সমীচীন হচ্ছে না—অতএব খেলার সাথি ও সেবাচতুর সেবকের কথা ভাবতে হয়, যারা সর্বদা এদের সঙ্গে সঙ্গে থাকবে'—এইরূপ চিন্তা করে সে-সময় থেকে কয়েক জন পরামর্শদাতা-সেবক ও কয়েক জন বাল-সেবক শ্রীনন্দমহারাজ নিযুক্ত করে দিলেন।

পথে পথে ধূলিখেলা কৌতুক :

৭৬। শ্রীদামাদি সখাগণ পূর্বেই নিজ নিজ ঘর থেকে এসে মিলিত হয়েছিলেন। এইরূপে মিলিত বালসখা বালদাসগণের সঙ্গে তত্ত্বাবধান উপলক্ষে পরামর্শদাতা সেবকগণের দ্বারা বীক্ষ্যমান শ্রীকৃষ্ণবলরাম নগরের প্রতি পথে পথে ধূলিখেলা-কৌতুকে গজেন্দ্রশিশুর মতো চঞ্চল ভুজদণ্ড-তাণ্ডবে সমুচ্ছলিত ধূলিজালে নিজেকে এবং অন্যকে ধূসরিত করতে করতে, একই নগরে একত্রে বাস ও শিশুত্বহেতু সম্পূর্ণ নিঃসঙ্কোচ-খেলাসহচরী ব্রজবালিকাদিকে সহচর-বালকসাধারণভাবে খেলায় পরিতুষ্ট করতে করতে, কখনও বালিকাদের আবার কখনও বালকদের সহিত কলহে লিপ্ত হয়ে তাঁদের পিটনি দিয়ে তাঁদের হাতে পিটনি খেয়ে বালগোপাল কখনও হাসে, কখনও রাগে, আবার কখনও রাগেও না।

৭৭। কদাচিদপি ধূলীভিরেব প্রাচীরপুরগৃহাদি নির্ম্মিমীতে, কদাচিদপি পরনির্ম্মিতং ভনক্তি। তেঽপি তন্নির্ম্মিতং ভঞ্জন্তি। পুনরপি তন্নির্ম্মিমীতে, পুনরপি ভনক্তীত্যেবমবসরে দিবি দিবিষদস্তদেব কুতুকং পশ্যন্তো মনসি সকৌতূহলং পরামমৃশুঃ,—

'যদীয়ো ভ্রূভঙ্গঃ কতি ন জগদণ্ডানি শতশঃ, প্রসূতে সম্পাতি ক্ষপয়তি ন তত্র প্রযততে।

স এবায়ং ধূলীপুরগৃহবিনির্মাণরভসে, ভৃশং শ্রান্তঃ স্বিন্নস্তদপি ন বিরামং রচয়তি॥'

ইতি সপ্রমোদমালোকয়ন্তি স্ম॥

৭৮। এবমতিকালখেলয়া গৃহাগমনমপি বিস্মৃত্য রথ্যাসু খেঽলন্তং খেলন্তং বালসূর্য্যমিব তৎপুর-পুরন্ধ্র্যো মাতৃবদতিবৎসলাঃ সলালিত্যমভিদধতি॥

৭৯। 'এহ্যেহি লাল ললিতাঙ্গনমস্মদীয়ং, তত্রৈব খেলশিশুভিঃ কিদপ্যশান।'

ইত্যুক্ত এব বিহসন্ মৃদু ভাষতেঽসৌ, 'নো যামি নাপ্যবসরো মম তাবদাস্তে'॥

৮০। ইতুক্তে সতি তাভিরপ্যতিশয়ং মাতৃবদতিশয়াগ্রহিলাভিঃ প্রসভেন সভেন করকমলমাধৃত্য ধৃত্যনবস্থিততয়া ততয়া স্বগৃহমানীয় মানীয়মান-সৌভাগ্যোঽসৌ ভাগ্যোচিতয়া মজ্জনমার্জনাদিসপর্য্যয়া

৭৮। খে সুখে নিমিত্তে অলম্ অতিশয়েন খেলন্তম্ "খমিন্দ্রিয়সুখে স্বর্গে" ইতি বিশ্বঃ; পক্ষে, খে আকাশে, অলন্তং শোভমানং তম্॥

৭৯। হে লাল! 'লল ঈপ্সায়াম্' ঘঞ্, হে লালনীয় ইত্যর্থঃ। অশান ভুঙ্‌ক্ষ্ব॥

৭৭। কখনও ধূলির দ্বারাই প্রাচীর-নগর-গৃহাদি গড়ে আবার কখনও অন্যের গড়া গৃহাদি ভেঙ্গে দেয়, অন্যেরাও আবার তাঁরটা ভেঙ্গে দেয়, তাঁরা পুনরায় গড়লে পুনরায় ভেঙ্গে দেয়—এইরূপে শ্রীকৃষ্ণ যখন ধূলিখেলায় মত্ত তখন আকাশে দেবতাগণ এ-খেলা আমোদের সহিত দেখতে দেখতে মনে মনে কৌতূহল-পরবশ হয়ে বিচার করছিলেন—

'অহো যাঁর ভ্রূভঙ্গে কত-না শত শত জগদণ্ড সৃষ্টি-স্থিতি-লয় হয়ে যায় বিনা পরিশ্রমে, সেই তিনি কিনা এখানে ধূলির নগর-গৃহাদি নির্মাণ-উৎসাহে অত্যন্ত শ্রান্ত হয়ে পড়েছেন, তবুও খেলা থেকে বিরমিত হচ্ছেন না।' এই ভাবে সানন্দে দর্শন করতে লাগলেন।

৭৮। এইরূপে অসময় পর্যন্ত খেলায় মত্ত হওয়ার দরুণ ঘরে ফেরা পর্যন্ত ভুল হয়ে গিয়েছে যাঁর সেই আকাশ-আলোকরা বালসূর্যের মতো, পথতলে সুখ-খেলায় মত্ত বালগোপালকে ঐ পুরস্ত্রীগণ মধুর মধুর বলতে লাগলেন—

'এস এস লাল, আমাদের ললিত অঙ্গনে এস, সেখানেই শিশুগণের সঙ্গে খেলা কর, কিছু খেয়ে নেও' এ'তে সে হাসতে হাসতে মধুর মধুর উত্তর দিল, 'যাবো না, অবসরও নাই আমার এখন।'

৮০। এইরূপ বললে মায়ের মতো অত্যন্ত বাৎসল্যময়ী, স্নেহমর্যাদাহেতু করুণাময়ী গোপীগণ অতিশয় আগ্রহান্বিত হয়ে হঠপূর্বক হলেও শোভনভাবে করকমল ধরে, প্রেমভরে ধৈর্য হারিয়ে শোভায়

পর্য্যয়াতস্নেহয়া পরিচর্য্য স্নেহমর্য্যাদয়া দয়ালুভিঃ কিঞ্চিৎ সর-নবনীতাদ্যাশয়িত্বা সহ সহচরৈর্গৃহায় প্রহীয়তে ॥

৮১। এবং খেলন্ কদাচিদনুরক্তায়া ব্রজভুবো মহিমানং বর্দ্ধয়ন্নিব জঠরগত-জগৎপাবনায়েব মৃদং ভক্ষিতবান্। তদথ বলোঽবলোক্য কৃতসুকৃতপাকৈঃ পাকৈশ্চ সহচরৈঃ সহ চরৈরিব ভদ্রাভদ্রয়োশ্চপলমেব ব্রজেশ্বরীমাসাদ্য সাদ্যমানমানসো 'ন সাম্প্রতং মাতরেষ যন্মৃদমাদ মাদত্তে চাস্মাকমপি বচনঞ্চ, নন্দয়তি তদদন এব লালসাম্' ইতি নিজগাদ ॥

৮২। সা চ তদা তদাশ্রুত্য শ্রুত্যসমঞ্জসং রুষা পরুষা পরয়া রয়ানীতযষ্টিকয়া কয়াপি ভ্রূকুটি-কুটিলয়াবলোকনমুদ্রয়া ভায়য়ন্তী 'কথমদান্ত মৃদমৎসি, মৎসিতাদিকং ন লভ্যতে, মৃদি কঃ স্বাদঃ, ন চ পরগৃহাপরাধবৎ প্রতারয়িতুং তারয়িতুঞ্চ স্বদোষমধুনা শক্ষ্যসি। তবাগ্রজোঽগ্রজোষস্তব সহচরাশ্চ সর্বে সাক্ষিণশ্চ' ইতি নিজগাদ ॥

৮০। প্রসভেন হঠেন; কীদৃশেন? সভেন ভা শোভা তৎসহিতেন, পরমবাৎসল্যপ্রেমসূচকত্বাৎ কৃষ্ণে প্রসভস্যাপি সশোভত্বমিবেত্যর্থঃ। ধৃতৌ ধৈর্যে অনবস্থিততয়া আততয়া বিস্তৃতয়া প্রেমভরেণ ধৈর্য্যং কর্তুমসমর্থাভিস্তাভিরিত্যর্থঃ। মা শোভা তয়ৈব আনীয়মানং সৌভাগ্যং যত্র সোঽসৌ। পরি সর্বতোভাবেনাপি অযাতঃ প্রাপ্ত এব স্নেহো যস্যাং তয়া, সরো দুগ্ধদধ্যাদীনামগ্রো ঘনভাগঃ ॥

৮১। পাকৈর্বালকৈঃ; "পোতঃ পাকোঽর্ভকো ডিম্ভঃ" ইত্যমরঃ; চরৈঃ সহৈব, চপলমেব সত্বরমেব; "সত্বরং চপলং তূর্ণম্" ইত্যমরঃ। হে মাতঃ! সাম্প্রতং সাদ্যমানং দম্যমানং মানসং যস্য তথাভূত এষ ন ভবতি, যদ্যস্মান্ম দম্ আদ ভক্ষিতবান্। অস্মাকমপি বচনম্, মা ইতি নেত্যর্থে, ন গৃহ্নাতীত্যর্থঃ। নন্দয়তি বহুলীকরোতি ॥

উজ্জ্বল সৌভাগ্যবান্ বালগোপালকে নিজ ঘরে এনে নিজেদের ভাগ্যানুসারে স্নেহাতিশয্যে স্নান-মার্জনাদি পরিচর্যায় সৎকার করে কিঞ্চিৎ সর-নবনীতাদি খাইয়ে সখাগণের সহিত ঘরে পাঠিয়ে দিলেন।

মৃদ্ভক্ষণ লীলা ঃ

৮১। এইরূপে খেলতে খেলতে কদাচিৎ অনুরাগিণী ব্রজভূমির মহিমা যেন বাড়াবার জন্যই জঠরগত জগৎকে পবিত্র করবার মানসেই বালগোপাল ব্রজভূমির মাটি খেলো,—এই কাণ্ড দেখে বলরাম সুকৃতির পরিপাকস্বরূপ ভালমন্দ-দেখাশুনার গুপ্তচরস্বরূপ সখাগণের সহিত দৌড়ে ব্রজেশ্বরীর নিকট গিয়ে বললো—'মা, শোন শোন, গোপাল এই মাটি খেলো, মাটির স্বাদ পেয়ে সে এখন আর দমবার পাত্র নয়, আমরা পরামর্শ দিলেও তার কোন দাম দিচ্ছে না, ঐ খাওয়ার দিকেই লালসা।

৮২। মা যশোদাও তখন সেই কর্ণ-পীড়াদায়ক কথা শুনে ক্রোধে অগ্নি হয়ে ছুটে গিয়ে লাঠি এনে তার আস্ফালনে ও কোনও বিশেষ ভ্রূকুটি-কুটিল চাহনির ভঙ্গিতে ভয় দেখিয়ে বললেন—'আ-রে রে চঞ্চল বালক, মাটি কেন খেয়েছো, আমার থেকে কি মিছরিখণ্ডাদি পাও না, মাটির কি স্বাদ?—এখন আর পরগৃহে চৌর্যাদি অপরাধের মতো আমাকে প্রতারণা করতে এবং স্বদোষ-ক্ষালন করতে পারবে

৮৩। তদা জননীভিয়া কৃতাপহ্নবোঽপরাদ্ধোঽপ্যনপরাদ্ধ ইব মৃষাশ্রুকলাকলিলনয়নোঽনয়নোদায় 'মাতর্ন ময়া মৃদশিতা, সর্ব্বেঽমী মৃষা ভাষন্তে, যদি ন প্রত্যেষি, তদবলোকয় মে মুখম্' ইতি যদায়মুবাচ, তদা 'ব্যাদেহি বদনম্' ইতি ব্রজরাজমহিষী নিজগাদ। সমনন্তরমনন্তরহসি হসিতপুরঃসরং ব্যাদত্তবদনে নিখিলসৌভগবতি ভগবতি পারাবারবারপরিবারিতসপ্তান্তরীপাং তরীপারাবারাদিযুতনদনদীনদনদীর্ঘাং সবনোপবনাং পবনান্দোলিতলতাতরুগুল্মাং মৃগ-মৃগরাজরাজমানমেরুলোকালোকাবধিবিবিধাচলামচলামখিলনাগনাগরীগণোপসেব্যমান-নাগনায়কাদিমণ্ডিতং নাগলোকঞ্চ কঞ্চন, নিখিলতারকা-গ্রহ-নক্ষত্র-কৃত-দিনভোগং নভো গন্ধর্ব্ব-সিদ্ধ-কিন্নর-চারণ-বিদ্যাধরাদি-বিদ্যাধরাদি-মুনিগণগণনীয়-শোভং যশোভং নাকমপি কমপি মহর্লোকাদিকমন্যঞ্চ ন্যঞ্চদুদঞ্চজ্জীবনিকায়কায়মখিলমেব ব্রহ্মাণ্ডমাত্মানমাত্মনঃ পতিমাত্মনোঽপত্যং তমপি সব্রজলোকমালোকয়ামাস ॥

৮২। শ্রুত্যোঃ কর্ণয়োরসমঞ্জসং পরয়া রুষা পরুষা রুক্ষা। মৎ মত্তঃ সিতাদিকং শর্করাদিকম্। অগ্রজো যোঽগ্রবর্ত্তী ॥

৮৩। অনয়-নোদায় অনীতিদূরীকরণায়; অশিতা ভক্ষিতা, পারাবারাণাং সমুদ্রাণাং বারেণ সমূহেন পরিবারিতাঃ সপ্ত অন্তরীপা দ্বীপা যস্যাং তাম্, তরী নৌকা পারাবারে তীরে আদিশব্দাত্তত্রস্থা মনুষ্যাদয়স্তৈর্যুতানাং যুক্তানাং নদ-নদীনাং নদনেন গর্জনেন দীর্ঘাম্, মৃগরাজঃ সিংহঃ, অচলাং পৃথ্বীং ভূর্লোকমিত্যর্থঃ। নিখিলৈস্তারকাদিভিঃ কৃতো দিনস্য ভোগো জ্যোতিঃশাস্ত্রোক্তো যত্র তথাভূতং নভ আকাশং ভুবর্লোকমিত্যর্থঃ। বিদ্যাধরাদয়ো বিদ্যানাং

না, এই যে সম্মুখে তোমার দাদা বলরাম ও সখাগণ সকলেই সাক্ষী হয়ে উপস্থিত রয়েছে।

৮৩। তখন জননীভয়ে দুষ্কর্ম গোপনেচ্ছু, অপরাধী হয়েও নিরপরাধীবৎ, মিথ্যা-অশ্রুকণায় আকুলিত নয়ন বালগোপাল নীতিবহির্ভূত কর্মের দোষ ক্ষালনার্থে বললো, 'মা, আমি মাটি খাই নি, এরা সকলে মিছামিছি বলছে, যদি আমার কথায় বিশ্বাস না হয় এই আমার মুখ দেখ।' এতে শ্রীব্রজরাজমহিষী বললেন, 'আচ্ছা হাঁ করো তো দেখি।' অনন্তর অনন্ত রহস্যময় নিখিল সৌভাগ্যবান্ ভগবান্ হাসতে হাসতে মুখ-ব্যাদান করলে মা যশোদা তাঁর সেই ছোট্ট মুখের মধ্যে অহো দেখলেন এক অপূর্ব দৃশ্য—'তিনি দেখলেন সপ্তসমুদ্রবেষ্টিত সপ্তদ্বীপ, তীরে তীরে তরীমনুষ্যাদিসমন্বিত-নিরন্তর গর্জনশীল নদনদী, বন-উপবন, পবন-আন্দোলিত লতা-তরু-গুল্ম, মৃগ-সিংহ, সুমেরু থেকে লোকালোক পর্বত পর্যন্ত বিবিধ পর্বত এত সবে পরিবৃত এই বিরাট পৃথিবী; অখিল নাগনাগরীগণের দ্বারা সেবিত, নাগনায়কেরদ্বারা অলঙ্কৃত কোনও এক অপূর্ব নাগলোক; আরও নিখিল গ্রহ-নক্ষত্রকৃত দিনভোগযুক্ত ভুবর্লোক, গন্ধর্ব-সিদ্ধ-কিন্নর-চারণ-বিদ্যাধরাদি-বিদ্যার ধারক মরিচী আদি মুনিগণের দ্বারা মান্য শোভায় দীপ্ত-যশের দ্বারা উজ্জ্বল স্বর্গলোক; এর থেকে অন্যপ্রাকার কোনও মহর্লোকাদি; কীট-পতঙ্গাদি নীচপ্রাণী ও উচ্চকোটি ব্রহ্মাদি প্রাণীসমূহের দেহসমন্বিত অখিল ব্রহ্মাণ্ড; আরও, নিজেকে-নিজপতি নন্দমহারাজকে-নিজের পুত্র বালগোপালকে, তথা সমস্ত ব্রজবাসিসমন্বিত ব্রজমণ্ডলকে।'

৮৪। আলোক্য চ 'কিময়ং মে ভ্রমঃ, কিময়ং মে স্বপ্নঃ, কিমিয়ং দেবমায়া, কিমিদমৈন্দ্রজালিকম্, কিমস্যৈব ভ্রামকঃ শক্তিবিশেষঃ ?' ইতি নির্ণেতুমপারয়ন্তী রয়ং তীব্রমাপ মোহস্য। তদনন্তরং তদনন্ত-রংহসোঽস্য বৈভবমিতি বিজ্ঞায় বিজ্ঞা যত্নতোঽপি ন বিস্মরন্তী 'যদধীনতয়ানতয়া ময়েদমালোকিতম্, স এব মে শরণম্, তদবলোকেন কেনচনাদ্ভুতচরিতস্য তস্য তদলৌকিকং বৈভবং বৈ ভবঞ্চ মোহয়িতুং সমর্থম্' ইতি জানতী তমেব সুতমেব সুতরামীশ্বরত্বেনাবগচ্ছন্তীচ্ছন্তী চ পুত্রভাবমুভয়োরেব ভয়োরেব-মতিভরেণ ভুগ্না পূর্ব্বভাবং বিহায় চরম এব ভাবে প্রসজ্য পুনরঙ্কে নিধায় লালয়ামাস ॥

ইত্যানন্দবৃন্দাবনে বাল্যলীলালতাবিস্তারে মৃদ্ভক্ষণসক্ষণো নাম

পঞ্চমঃ স্তবকঃ ॥৫॥

ধরা ধারকাঃ, আদিমুনিগণা মরীচ্যাদয় এতৈর্গণনীয়া শোভা যত্র তম্, যশসাং তত্রত্যসম্বন্ধিনাং ভা দীপ্তির্যত্র তং নাকং স্বর্গম্, অখিলমেব সমস্তমেব ব্রহ্মাণ্ডম্ ; কীদৃশম্ ? ন্যঞ্চতাং কীটপতঙ্গাদীনাম্, উদঞ্চতাং ব্রহ্মেন্দ্রাদীনাং জীবনিকায়ানাং কায়া যত্র তম্ ॥

৮৪। ইন্দ্রজালে ভবমৈন্দ্রজালিকম্, মোহস্য তীব্রং রয়ং বেগম্ আপ প্রাপ্তবতী। অস্য বৈভবমিতি বিজ্ঞায়েতি নাহং ভ্রান্তা, নাপি শয়ানা, নাপি ক্বচিদপি দেবে সাপরাধা, নাপ্যত্র কশ্চিদৈন্দ্রজালিকোঽস্তি। কিঞ্চ, মৎপুত্রস্যাস্য নামকরণসময়ে পূর্বসিদ্ধং যোগৈশ্বর্যমপি গর্গেণোক্তমিতি বিতর্কান্তে নিশ্চয়াদিতি ভাবঃ। তদ্‌বিশ্বদর্শনম্, অনন্তরংহসো-ঽপারৈশ্বর্যবেগস্য বিজ্ঞা পণ্ডিতা আনততয়া আনম্রতয়া তদবলোকনেন বিশ্বদর্শনেন বৈ নিশ্চিতং ভবং মহেশঞ্চ। ইচ্ছন্তী চ পুত্রভাবমিতি তথাভূতৈশ্বর্যদর্শনেঽপীত্যতঃ পুত্রভাবস্য প্রভাবস্য প্রাবল্যং দর্শিতম্। তেন দেবক্যাঃ খলু ঐশ্বর্যভাবেন পুত্র-ভাবো বিলাপ্যতে, বিরোধিত্বাৎ; অস্যাস্তু পুত্রভাবেনৈব ঐশ্বর্যভাবো বিলাপ্যতে, বলবত এব বাধকত্বসত্ত্বাদিতি ভাবঃ। যুগপদেব উভয়োরীশ্বরভাবপুত্রভাবয়োর্যে ভে শোভে তয়োঃ ; এবমনেন প্রকারেণাতিভরেণ ভুগ্না রুগ্ণা দ্বয়োরেব কান্তি-চ্ছটাঘাতেন পীড়িতেত্যর্থঃ। পূর্বভাবং বিহায়েতি তস্যাগন্তুকত্বেন দৌর্বল্যাৎ। চরমে ইত্যস্য স্বাভাবিকত্বেন প্রাবল্যাদত্র

৮৪। এই অদ্ভুত ব্যাপার দেখে মা যশোদা মনে মনে বিচার করতে লাগলেন—'এ কি আমার ভ্রম, কি আমার স্বপ্ন, এ কি দেবমায়া, কি ইন্দ্রজালের ব্যাপার, কিম্বা এ-বালকেরই কোনও ভ্রান্তিকর শক্তিবিশেষ ?' এইরূপে কিছু নির্ণয় করতে না পেরে মোহের ঘূর্ণাবর্তে পড়ে গেলেন তিনি। তদনন্তর, 'এই বালকের অনন্ত ঐশ্বর্যবেগের এ এক বৈভব'—এইরূপ বুদ্ধির উদয়ে বিজ্ঞা হয়েও মা যশোদা এই বিশ্বরূপদর্শন ব্যাপারটি যত্নেও ভুলতে না পেরে প্রার্থনা করলেন—'যাঁর শ্রীচরণে অধীনতা ও বিনম্রতা হেতু আমি এই অদ্ভুত ব্যাপার দর্শন করলাম সেই শ্রীনারায়ণই আমার একমাত্র আশ্রয় হউন, কোনও অনির্বচনীয় অদ্ভুত চরিত এ-বালকের এ-অলৌকিক বৈভব-দর্শন মহেশ্বরকেও মোহিত করে দিতে পারে।' এইরূপ ঐশ্বর্যজ্ঞানের উদয়ে মা যশোদার চিত্তে প্রতীতি হ'ল আমার এ-পুত্রই সুতরাং ঈশ্বর, তাঁর চিত্তে এই ঈশ্বরভাব এসে গেলেও তিনি পুত্রভাবে ফিরে যেতে ইচ্ছা করলেন—তখন তিনি এই উভয় ভাবের কান্তিচ্ছটার আঘাতে পীড়িত হয়ে আগন্তুক দুর্বল ঈশ্বরভাব ছেরে দিয়ে স্বাভাবিক চরম পুত্রভাবে

সমাহিতং (ভা০ ১০।৮।৩৬) শ্রীবৈষ্ণবতোষিণ্যাং 'যথা তাদৃশতদৈশ্বর্যশক্তিরেব তু স্বয়ং বা তমালিঙ্গ্য বা তদভীষ্টলীলারস-সম্পাদনায় মাতরি কোপাচ্ছাদকভাবান্তরাপাদনেন তথা সর্বমেবাস্যান্তর্বিগুতে, ন কিমপি ভক্ষয়তীতি তদ্বচঃসত্যাপনেন চ নিজপ্রভুসাহায্যায় বিস্ময়াদিদ্বারা মাতুস্তৎপ্রেমপোষায় চ বিশ্বং দর্শিতবতী' ইতি ॥

ইতি শ্রীমদানন্দবৃন্দবন-টীকায়াং শ্রীসুখবর্ত্তিন্যাং পঞ্চমস্তবকসঙ্গমনম্ ॥৫॥

অনুরক্ত হয়ে পুত্রকে পুনরায় কোলে নিয়ে আদর করতে লাগলেন।

ইতি শ্রীমদানন্দবৃন্দাবনে বাল্যলীলাবিস্তারে মৃদ্ভক্ষণ ও বিশ্বরূপদর্শন
নামক পঞ্চম স্তবক।

ষষ্ঠঃ স্তবকঃ

--—:×:—--

